শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের ষ্ট আমি আপনার মাধ্যমে আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। কিছুদিন হল দিনীপুর জেলার অন্তর্গত বড়য়াচক স্বাস্থ্য কেন্দ্রে কর্মচারিরা ধর্মঘট করেছেন। তার কারণ নুসন্ধান করে জানা গেছে যে সেখানে ২টি নলকূপ ছিল এবং অনেকদিন থেকেই সেটা রাপ হয়ে গেছে। স্থানীয় কর্তৃপক্ষ তার মেরামতের ব্যবস্থা না করার জন্য সেখানে ভীষণ লের কষ্ট দেখা দিয়েছে। তাঁর ফলে সেখানকার কর্মচারিরা ধর্মঘট আরম্ভ করেছে। তাছাড়া খানে ১০টি বেড আছে এবং এক শত থেকে দেড় শত রুগী আছে। স্বাস্থ্য কেন্দ্র বন্ধ হয়ে বার ফলে রুগীদের ভয়ানক অসুবিধা হচ্ছে। সেজন্য স্বাস্থ্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তে ধর্মঘটের অবসান হয় এবং জলের যা প্রয়োজন সেটা পূরণ করা হয় তার জন্য ব্যবস্থা রবেন।

শ্রী মহাবাচ্চা মুন্সী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত জরুরি বিষয়ের প্রতি ননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গের চোপড়া থানায় যে ভেরসার বাঁধ ছে এবং ইসলামপুর থানায় যে ভদ্রকালীর বাঁধ আছে, ঐ বাঁধগুলি বাঁধার জন্য আমরা দিন ধরে চেষ্টা করে আসছি, কিন্তু বাঁধগুলো সরকার থেকে বাঁধা হচ্ছে না। এই বছরে রসার বাঁধ বাঁধার জন্য ডিস্ট্রিক্ট থেকে মঞ্জুর করা হয়েছে। কিন্তু ইঞ্জিনিয়াররা বলছেন যে া বাঁধা যাবে না। সেইজন্য সেচমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যাতে এই ব্যাপারে কার্যকর বস্থা গ্রহণ করেন।

শ্রী অহীন্দ্র সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ষয়ের প্রতি মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দিনাজপুর জেলার শীহারী থানার যোগদুয়ার মৌজায় ৪ হাজার ৪১০ দাগে একটা ভেস্টেড জমি একজন ংলাদেশি মহিলার নামে পাট্টা হয়ে এতদিন ছিল। সেই জমি একজন নুপুর রাজবংশী নামে কজন মহিলা দখল করে সেই জমিতে বাড়ি করে বাস করছিল। কিন্তু স্থানীয় পঞ্চায়েত মিতি এবার সেই বাংলাদেশি মহিলার নাম কেটে নুপুর রাজবংশীর নামে অ্যালটমেন্ট করে। ই অ্যালটমেন্ট অ্যাপ্রুভ করে এস.ডি.ও., কিন্তু এস.ডি.ও. অ্যালটমেন্ট অ্যাপ্রুভ না করে ইনের কোনও ধার দিয়ে না গিয়ে ১৪৪ ধারা জারি করে নিজে উপস্থিত থেকে কতকগুলো মাজ বিরোধী লোক নিয়ে সেই মহিলার বাড়ি ভেঙ্গে চুরমার করে দেয়। এখন সেই নুপুর জবংশী তাঁর এক মেয়ে নিয়ে রাস্তায় বাস করছে। এই সম্পর্কে বলি, এই রায়গঞ্জের স.ডি.ও. শের সিং, তিনি অনেক ডাকাত ধরেছেন, কিন্তু এস.ডি.ও. হিসাবে কিন্তু াডমিনিস্ট্রেশন ঠিকভাবে চালাতে পারছেন না। উনার আই.এ.এস. অফিসার না হয়ে ই.পি.এস. অফিসার হওয়া উচিত ছিল।

[3-00—3-10 p.m.]

শ্রী নানুরাম রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী ও পূর্তমন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। খানাকুল থা রাজহাটী দক্ষিণ পাড়ার ভিতর দিয়ে যে রাস্তাটি গেছে ঐ রাস্তাটি পাকা রাস্তা না করা ওখানে যে দুটি স্বাস্থ্যকেন্দ্র আছে, সাবলসিংপুর স্বাস্থ্য কেন্দ্র এবং মাড়োখানা স্বাস্থ্যকেন্দ্রের হচ্ছে না। সেখানে ডাক্তার যেতে চাইছে না, নার্স যেতে চাইছে না, হাসপাতালের ওষুধ যেতে পারছে না। সুতরাং অবিলম্বে যাতে এই রাস্তাটি পাকা করা হয় তার জন্য ব্য অবলম্বন করবেন।

শ্রী গুরুপ্রসাদ সিংহ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এক গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার কাল একটা মহকুমা শহর এবং সেখানে একটি পৌরসভা আছে, সেখানে প্রায় আধ-লক্ষ মা বাস করে। আমার যত দূর জানা আছে যে, এইটিই পশ্চিমবঙ্গের একমাত্র পৌর এলা যেখানে সরকারি কোনও চিকিৎসা ব্যবস্থা নেই। এখানকার নাগরিকরা সরকারি চিকিৎস বিন্দুমাত্র সুযোগ পায় না। চোখের সামনে যখন দেখি গর্ভবতী মহিলাদের দূরের হাসপাতা নিয়ে যাওয়া হচ্ছে এবং পথের মধ্যেই প্রসব হয়ে যাচ্ছে, তখন আমাদের মন দুঃখ বেদন ভারাক্রান্ত হয়ে যায়। কালনা সাবডিভিসনাল হসপিটালটিকে কালনা শহরের বাইরে গ্রামাঞ্চ স্থানান্তরিত করা হয়েছে। অথচ আগে আমরা সেখানে দেখেছি অ্যান্ডারসন, মোর, অ্যাম্ব প্রভৃতির মতো দিকপাল চিকিৎসকদের, তাঁরা সেখানে থাকতেন। আজকে সেই শহরে কোন চিকিৎসার সুযোগ নেই। তাই আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি পুরোনো হাসপাতালটি বাড়ি-ঘর সমস্তই রয়েছে, সেখানে অন্তত পাঁচটি মেটারনিটি বেড-এর ব্যবস্থা করা হোক এ আউট-ডোর চিকিৎসার ব্যবস্থা করা হোক। এটা করা হলে শহরবাসীরা উপকৃত হবে। এ জন্য সেখানে বাড়ি-ঘর কিছু করার দরকার নেই। আমি আবার মাননীয় মন্ত্রী মহাশয়ে বিষয়টি সহানুভূতির সঙ্গে বিবেচনা করতে অনুরোধ করছি।

শ্রী বলাই বন্দ্যোপাধ্যায়ঃ স্পিকার মহাশয়, আপনি জানেন এবারে অনাবৃষ্টির জ হুগলি জেলার ব্যাপক অঞ্চল খরা কবলিত হয়ে পড়েছে। হুগলি জেলার হরিপাল, ধনেখালি পোলবা ইত্যাদি এলাকার ক্ষেতমজুরদের একদম কাজ নেই, যার ফলে তাঁরা অনাহারে সম্মুখীন। অপর দিকে হুগলি জেলার ব্যাপক অঞ্চলে আজকে পানীয় জলের সঙ্কট চলেছে আজকে ঐ জেলার গ্রামাঞ্চলের প্রায় ৪০ ভাগ মানুষ অনাহারের সম্মুখীন হয়েছে, অপ দিকে পানীয় জলের ভয়াবহ সঙ্কট দেখা দিয়েছে। এই অবস্থায় সেখানে যাতে অবিলে রিলিফের ব্যবস্থা করা হয় এবং পানীয় জলের ব্যবস্থা করা হয়, তার জন্য আমি সংশ্লি দপ্তরগুলির মন্ত্রী মহোদয়গণের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সন্তোষকুমার দাসঃ মাননীয় স্পিকার মহাশয়, কলকাতা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ ডুপ্লিকেট মার্কশিট, সার্টিফিকেট ইস্যু করার জন্য বহু আবেদনপত্র গ্রহণ করেছে এবং যার

এগুলি জমা দিয়েছে তাঁরা আর্জেন্ট ফি দিয়ে এগুলি জমা দিয়েছে। কিন্তু সেগুলি এখনো পর্যন্ত দেওয়া হয়নি। এই আবেদনপত্রগুলি সেখানে প্রায় ৬/৭ মাস পড়ে আছে, সেগুলির বিষয়ে কোনও ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। এর ফলে আবেদনকারীদের বিশেষ অসুবিধা হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি সেই সঙ্গে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি যে, তিনি এ বিষয়ে একটা ব্যবস্থা অবলম্বন করুন, যাতে তাড়াতাড়ি ডুপ্লিকেট মার্কশিট এবং সার্টিফিকেটগুলি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ফেরত দিয়ে দেন।

শ্রী বঙ্কিমবিহারী মাইতি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার মোহনপুর থানার নীলদা গ্রামের শ্রী নিশিকান্ত ত্রিপাঠী (এক্স-এম.এল.এ; সি.পি.আই), শ্রী পুলিনবিহারী ত্রিপাঠী এবং শ্রী বিপিনবিহারী ত্রিপাঠীর বাড়ি গত ৭.১০.৭৯ তারিখে লুঠ হয়। যেসব দুষ্কৃতকারীরা এই কাজ করেছে তাদের বিরুদ্ধে আরও ৭/৮টি কেস আছে। সেই সমস্ত ঘটনা মুখ্যমন্ত্রীকে জানানো হয়েছিল। আজকে ঐ লুঠের ঘটনায় পুলিশি তদন্ত থেকে জানা যাচ্ছে যে, সেখানে প্রায় ৩০ থেকে ৩২ হাজার টাকার জিনিসপত্র লুণ্ঠিত হয়েছে। কিন্তু সেই দুষ্কৃতকারীদের ধরা হচ্ছে না এবং তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। এর ফলে লুণ্ঠিত ব্যক্তিরা অত্যন্ত ক্ষতিগ্রস্ত এবং হতাশাগ্রস্ত হচ্ছে। আমি এ বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, একজন এক্স এম.এল.এ.-র বাড়ি এইভাবে লুণ্ঠিত হ'ল অথচ আজকে এই সরকার সে বিষয়ে কোনও কিছুই করছেন না। সেই জন্য আমি তাড়াতাড়ি ব্যবস্থা গ্রহণ করবার অনুরোধ জানাচ্ছি। সেই সঙ্গে তাঁরা আমার কাছে একটি দরখাস্ত দিয়েছে, সেটি আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জমা দিচ্ছি।

শ্রী শান্তিরাম মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল ২৬শে মার্চ রাজ্যসভায় কেন্দ্রীয় কৃষি দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বলেছেন, পশ্চিমবঙ্গের জন্য খরা ত্রাণ খাতে ২৭ কোটি ৬৭ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে এবং ফুড ফর ওয়ার্কের জন্য খাদ্য-শস্য পশ্চিমবঙ্গের জন্য অ্যালটমেন্ট করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, পশ্চিমবঙ্গে অন্যান্য জেলার থেকে পুরুলিয়া জেলায় খরা ভয়াবহ আকার ধারণ করেছে। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যেন কেন্দ্রীয় সরকার কর্তৃক যে অর্থ বরাদ্দ করা হয়েছে সেই টাকার অর্ধেক অন্তত পুরুলিয়া এবং বাঁকুড়ার জন্য বরাদ্দ করা হোক।

শ্রী জন্মেজয় ওঝা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঘাযতীনের অরুণাচল সংঘ কলকাতার যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইন্ডোর স্টেডিয়ামে সর্বভারতীয় ব্যাডমিন্টন প্রতিযোগিতা অনুষ্ঠান করছেন। এতে সব বিখ্যাত ভারতীয় খেলোয়াড়রা আসছেন। আমার বক্তব্য হচ্ছে, এবারে ব্যাডমিন্টনের গুরুত্ব অপরিসীম। কারণ ব্যাডমিন্টনে প্রকাশ পাড়ুকোন দেশের জন্য বিশেষ মর্যাদা এনে দিয়েছেন। পশ্চিমবাংলার ক্রীড়ামোদীরা প্রকাশ এবং অন্যান্য শীর্ষ স্থানীয় খেলোয়াড়দের খেলা দেখতে চান। সেইজন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি প্রকাশ পাড়ুকোন যাতে আসে তাঁর ব্যবস্থা করুন এবং এই খেলা যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইন্ডোর স্টেডিয়ামে না করে নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে অনুষ্ঠানের ব্যবস্থা করুন।

শ্রী দেওপ্রকাশ রাই ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মেস পার্লামেন্টারি প্র্যাকটিস পড়েছি এবং তা ফলো করি। আমি হাউস অফ কমন্স-এর কথাও জানি, সেখানে অপোজিসনকে মেজর পোরসন অফ টাইম দেওয়া হয়। কিন্তু এখানে আমার টাইম কোথায়? আমরা ২৭ জন এই ব্লকে আছি। আমরা বলি এখানে ডেমোক্রাসি আছে। তাই যদি থাকে তাহলে অপোজিসনকে বেশি টাইম দিচ্ছেন না কেন? কেউ কেউ ১০।১৫ মিনিট করে সময় নিয়ে যাচ্ছে, এটা ঠিক নয়—দ্যাট ইজ নাম্বার ওয়ান পয়েন্ট। নাম্বার ২ হচ্ছে, অনারেবল হেলথ মিনিস্টার একটা স্টেটমেন্ট দিয়েছেন দমদম এয়ারপোর্টে। প্রমোদবাবু কি বলছেন আর আপনি কি করছেন? Health Minister gives such a statement to the Press which is against the performance of Shri Promode Das Gupta, then why Shri Promode Das Gupta, as the Chairman of the Left-Front Committee, is not contradicting it?

Please see the consequences. We are confused and people are also confused. So I want a statement to be made either by the Health Minister or by Shri Promode Das Gupta in this regard. I want to know who is right or who is wrong. I also want a statement from the Chief Minister.

শ্রী সন্দীপ দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয় আপনার কাছে জানতে চাইছি। গতকাল কলকাতার মাত্র ৪ মাইল দূরে ভাঙ্গড় থানার বামুনডাঙ্গায় একটা ভেড়ী লুঠ হয়েছে। সেখানে পুলিশ—এমন কি আর্ম পুলিশ উপস্থিত ছিল। আর্ম পুলিশের উপস্থিতিতে ভেড়ী লুঠ একটা অত্যন্ত গুরুতর ব্যাপার। মাননীয় রাজ্যপাল এবং এঁরা সকলেই বলেন যে ক্রাইম ইজ আন্ডার কন্ট্রোল। আমি জানতে চাইছি যে এদের কন্‌নিভেন্‌স হচ্ছে কিনা? আর্ম পুলিশের উপস্থিতিতে কিভাবে ভেড়ী লুঠ হতে পারে, তাই আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেবার জন্য।

মিঃ স্পিকার ঃ আপনি এটা উল্লেখ হিসাবে কাগজে লিখে না দিলে আমি পাঠাতে পারছি না।

DISCUSSION AND VOTING ON SUPPLEMENTARY ESTIMATES

Supplementary Estimates for the year 1979-80

মিঃ স্পিকার ঃ এখন অর্থমন্ত্রী ১৯৭৯-৮০ সালের অতিরিক্ত ব্যয়-বরাদ্দ পেশ করবেন।

DEMAND No. 1

Major Head : 211—State Legislatures

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,11,000 be

granted for expenditure under Demand No. 1, Major Head : "211—State Legislatures" during the current year.

DEMAND No. 3

Major Head : 213—Council of Ministers

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,46,000/- be granted for expenditure under Demand No. 3, Major Head : "213—Council of Ministers" during the current year.

DEMAND No. 4

Major Head : 214—Administration of Justice

Shri Hashim Abdul Halim : Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 38,02,000/- be granted for expenditure under Demand No. 4, Major Head : "214—Administration of Justice" during the current year.

DEMAND No. 5

Major Head : 215—Elections

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,55,00,000/- be granted for expenditure under Demand No. 5, Major Head : "215—Elections" during the current year.

DEMAND No. 6

Major Head : 220—Collection of Taxes on

Income and Expenditure

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 20,03,500/- be granted for expenditure under Demand No. 6, Major Head : "220—Collection of Taxes on Income and Expenditure" during the current year.

DEMAND No. 8

Major Head : 230—Stamps and Registration

Shri Hashim Abdul Halim : Sir, with your permission, on the

recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,50,000/- be granted for expenditure under Demand No. 8, Major Head : "230—Stamps and Registration" during the current year.

DEMAND No. 10

Major Head : 239—State Excise

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,05,000/- be granted for expenditure under Demand No. 10, Major Head : "239—State Excise" during the current year.

DEMAND No. 11

Major Head : 240—State Tax

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 14,61,000/- be granted for expenditure under Demand No. 11, Major Head : "240—State Tax" during the current year.

DEMAND No. 13

Major Head : 245—Other Taxes and Duties on Commodities and Services

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,16,000/- be granted for expenditure under Demand No. 13, Major Head : "245—Other Taxes and Duties on Commodities and Services" during the current year.

DEMAND No. 14

Major Head : 247—Other Fiscal Services

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,22,000/- be granted for expenditure under Demand No. 14, Major Head : "247—Other Fiscal Services" during the current year.

DEMAND No. 18

Major Head : 252—Secretariat—General Services

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommen-
tion of the Governor, I beg to move that a sum of Rs. 39,34,000/-
granted for expenditure under Demand No. 18, Major Head :
52—Secretariat—General Services" during the current year.

DEMAND No. 19

Major Head : 253—District Administration

Shri Benoy Krishna Chowdhury : Sir, with your permission, on
: recommendation of the Governor, I beg to move that a sum of Rs.
i0,000/- be granted for expenditure under Demand No. 19, Major
ad : "253—District Administration" during the current year.

DEMAND No. 21

Major Head : 255—Police

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommendation
the Governor, I beg to move that a sum of Rs. 3,29,59,000/- be
inted for expenditure under Demand No. 21, Major Head :
55—Police" during the current year.

DEMAND No. 24

Major Head : 258—Stationery and Printing

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommen-
ion of the Governor, I beg to move that a sum of Rs. 61,29,000/-
granted for expenditure under Demand No. 24, Major Head :
58—Stationery and Printing" during the current year.

DEMAND No. 27

Major Head : 265—Other Administrative Services

Shri Ram Chatterjee : Sir, with your permission, on the
ommendation of the Governor, I beg to move that a sum of Rs.
58,000/- be granted for expenditure under Demand No. 27, Major
ad : "265—Other Administrative Services" during the current year.

DEMAND No. 28

Major Head : 266—Pensions and Other Retirement Benefits

Dr. Ashok Mitra : Sir, on the recommendation of the Governc I beg to move that a sum of Rs. 1,75,49,000/- be granted for expe diture under Demand No. 28, Major Head : "266—Pensions and Oth Retirement Benefits" during the current year.

DEMAND No. 31

Major Head : 276—Secretariat—Social and Community Service

Dr. Ashok Mitra : Sir, with your permission on the recommend tion of the Governor, I beg to move that a sum of Rs. 13,91,000/- t granted for expenditure under Demand No. 31, Major Heac "276—Secretariat—Social and Community Services" during the curre year.

DEMAND No. 32

Major Head : 277—Education (Sports)

Dr. Ashok Mitra : Sir, with your permission on the recommend tion of the Governor, I beg to move that a sum of Rs. 99,000/- b granted for expenditure under Demand No. 32, Major Head : "277—Ed ucation (Sports)" during the current year.

DEMAND No. 33

Major Head : 277—Education (Youth Welfare)

Shri Kanti Chandra Biswas : Sir, on the recommendation of th Governor, I beg to move that a sum of Rs. 24,25,000/- be granted fo expenditure under Demand No. 32, Major Head : "277—Education (You Welfare)" during the current year.

DEMAND No. 34

Major Heads : 277—Education (Excluding Sports and Youth Welfare), 278—Art and Culture and 677—Loans for Educatio Art and Culture (Excluding Sports and Youth Welfare)

Dr. Ashok Mitra : Sir, with your permission on the recommend

tion of the Governor, I beg to move that a sum of Rs. 1,55,40,000/- be granted for expenditure under Demand No. 34, Major Heads: "277—Education (Excluding Sports and Youth Welfare), 278—Art and Culture and 677—Loans for Education, Art and Culture (Excluding Sports and Youth Welfare)" during the current year.

DEMAND No. 37

Major Heads: 281—Family Welfare and 481—Capital Outlay on Family Welfare

Shri Nani Bhattacharya: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 33,50,000/- be granted for expenditure under Demand No. 37, Major Head: "281—Family Welfare and 481—Capital Outlay on Family Welfare" during the current year.

DEMAND No. 38

Major Head: 282—Public Health, Sanitation and Water Supply

Shri Nani Bhattacharya: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 84,09,000/- be granted for expenditure under Demand No. 38, Major Head: "282—Public Health, Sanitation and Water Supply" during the current year.

DEMAND No. 40

Major Head: 284—Urban Development

Dr. Ashok Mitra: Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,58,27,000/- be granted for expenditure under Demand No. 40, Major Head: "284—Urban Development" during the current year.

DEMAND No. 41

Major Head: 685—Loans for information and Publicity

Dr. Ashok Mitra: Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 95,000/- be granted for expenditure under Demand No. 41, Major Head: '685—Loans for information and Publicity" during the current year.

DEMAND No. 46

Major Heads: 288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes)

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,48,49,000/- be granted for expenditure under Demand No. 46, Major Heads: "288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitation of Displaced Persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes)" during the current year.

DEMAND No. 47

Major Head : 289—Relief on account of Natural Calamities

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,29,44,000/- be granted for expenditure under Demand No. 47, Major Head: "289—Relief on account of Natural Calamities" during the current year.

DEMAND No. 48

Major Head : 695—Loans for Other Social and Community Services

Shri Hashim Abdul Halim : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Re. 1/- be granted for expenditure under Demand No. 48, Major Head: "695—Loans for Other Social and Community Services" during the current year.

DEMAND No. 52

Major Head : 705—Loans for Agriculture (Excluding Public Undertakings)

Shri Hashim Abdul Halim : Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,04,10,000/- be granted for expenditure under Demand No. 52, Major Head: "705—Loans for Agriculture (Excluding Public Undertakings" during the current year.

DEMAND No. 56

ɅIajor Head : 311—Dairy Development and 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings)

Shri Amritendu Mukherjee : Sir, on the recommendation of the ;overnor, I beg to move that a sum of Rs. 86,72,000/- be granted for xpenditure under Demand No. 56, Major Head : 311—Dairy Develop-ıent and 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Jndertakings)" during the current year.

DEMAND No. 58

Major Head : 313—Forest

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommen-ation of the Governor, I beg to move that a sum of Rs. 91,45,000/- e granted for expenditure under Demand No. 48, Major Head : 313—Forest" during the current year.

DEMAND No. 60

Major Head : 314—Community Development (Excluding Panchayat)

Shri Debabrata Bandyopadhyay : Sir, on the recommendation of ıe Governor, I beg to move that a sum of Rs. 40,42,000/- be granted ɔr expenditure under Demand No. 60, Major Head : "314—Community ›evelopment (Excluding Panchayat)" during the current year.

DEMAND No. 61

Major Heads : 722—Loans for Machinery and Engineering ndustries (Closed and Sick Industries), 723—Loans for Petro-leum, Chemical and Fertiliser Industries (Closed and Sick Industries) and 726—Loans for Consumer Industries (Closed and Sick Industries).

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommendation f the Governor, I beg to move that a sum of Rs. 4,22,66,000/- be ranted for expenditure under Demand No. 61, Major Heads : 722—Loans for Machinery and Engineering Industries (Closed and Sick ıdustries), 723—Loans for Petroleum, Chemical and Fertiliser Industries

(Closed and Sick Industries) and 726—Loans for Consumer Industries (Closed and Sick Industries)" during the current year.

DEMAND No. 62

Major Heads: 320—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) and 720—Loans for Industrial Research and Development (Excluding Closed and Sick Industries).

Dr. Ashok Mitra: Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,36,50,001/- be granted for expenditure under Demand No. 62, Major Heads: "320—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) and 720—Loans for Industrial Research and Development (Excluding Closed and Sick Industries)." during the current year.

DEMAND No. 63

Major Head: 321—Village and Small Industries (Excluding Public Undertakings)

Shri Chittabrata Majumdar: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 39,68,000/- be granted for expenditure under Demand No. 63, Major Head: "321—Village and Small Industries (Excluding Public Undertakings" during the current yea

DEMAND No. 68

Major Head: 335—Ports, Lighthouses and Shipping

Dr. Ashok Mitra: Sir, with your permission, on the recommen dation of the Governor, I beg to move that a sum of Rs. 77,000/- b granted for expenditure under Demand No. 68, Major Head "335—Ports, Lighthouses and Shipping" during the current year.

DEMAND No. 69

Major Head: 336—Civil Aviation

Dr. Ashok Mitra: Sir, with your permission, on the recommen dation of the Governor, I beg to move that a sum of Rs. 26,000/- b granted for expenditure under Demand No. 69, Major Head: "336—Civi Aviation" during the current year.

DEMAND No. 71

Major Heads : 338—Road and Water Transport Services and 738—Loans for Road and Water Transport Services

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommendation the Governor, I beg to move that a sum of Rs. 4,66,31,00/- be anted for expenditure under Demand No. 71, Major Heads : 38—Road and Water Transport Services and 738—Loans for Road id Water Transport Services" during the current year.

DEMAND No. 72

Major Head : 339—Tourism

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommen- ition of the Governor, I beg to move that a sum of Rs. 94,000/- be anted for expenditure under Demand No. 72, Major Head : 39—Tourism" during the current year.

DEMAND No. 74

Major Head : 363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)

Dr. Ashok Mitra : Sir, on the recommendation of the Governor, beg to move that a sum of Rs. 5,77,95,000/- be granted for expen- ture under Demand No. 74, Major Head : "363—Compensation and ssignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding inchayat" during the current year.

DEMAND No. 75

lajor Head : 500—Investments in General Financial and Trading Institutions

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommen- tion of the Governor, I beg to move that a sum of Rs. 7,75,000/- be anted for expenditure under Demand No. 75, Major Head : "500—In- stments in general Financial and Trading Institutions" during the cur- nt year.

DEMAND No. 82

Major Head : 530—Investments in Industrial Financial Institutions (Excluding Public Undertakings)

Dr. Ashok Mitra : Sir, with your permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 60,00,000/ be granted for expenditure under Demand No. 82, Major Head "530—Investments in Industrial Financial Institutions (Excluding Public Undertakings)" during the current year.

[3-30—4-00 P.M.] (including adjournment)

DEMAND No. 84

Major Heads : 766—Loans to Government Servants etc., and 767—Miscelleneous Loans

Dr. Ashok Mitra : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,07,00,000/- be granted for expenditure under Demand No. 84, Major Heads : "766—Loans for Government Servants, etc. and 767—Miscelleneous Loans" during the Curren Session.

(At this stage the House was adjourned till 4 p.m.)

[4-00—4-10 p.m.] (After recess)

শ্রী অজয়কুমার দে ঃ অন এ পয়েন্ট অফ ইনফর্মেশন স্যার, আমি গত ১৪ই তারিখে আপনার মারফত, মাননীয় মুখ্যমন্ত্রী খুব অসুবিধায় পড়েছেন বলে, একটিন কেরোসিন তেল দিয়েছিলাম। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে তাঁর যখন দাম চাইতে গেলাম একটাকা পঞ্চাশ পয়সা করে ন্যায্য মূল্য, উনি বললেন উনি নাকি পাননি। আপনার মাধ্যমে আমি দিয়েছি, উনি যদি না পান তাহলে আমি খুব অসহায় বোধ করছি। আমার পাত্রটাও দরকার এবং দামটাও দরকার, সেটা কোথায় গেছে কার কাছে গেলে পাওয়া যাবে সেটা যদি আপনি বলেন তাহলে খুব সুবিধা হয়।

মিঃ স্পিকার ঃ ওটা বাজেয়াপ্ত হয়েছে।

ডঃ অশোক মিত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা কথা বলতে চাই এবং মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে দুদিন আগে এই যে অতিরিক্ত ব্যয় বরাদ্দের হিসাবের বইগুলি প্রচার করেছে তাতে ২৪ নং পৃষ্ঠায় একটি ছাপার ভুল আছে, আপনারা যদি দয়া করে সেটা সংশোধন করে নেন, এই ভুলের জন্য আমি মাপ চাইছি, সেটা হচ্ছে

২৪ নং পৃষ্ঠায় এক্সপ্লানাটরি মেমোরান্ডামে প্রথম লাইনে যেখানে লেখা আছে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন সেটা হবে মিউনিসিপ্যাল ফিনান্স কমিশন। সার্ভিস কথাটা পাল্টে ফিনান্স কথাটা বসবে। এটা ছাপার ভুল ছিল।

শ্রী রাসবিহারী পাল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবিগুলি সম্পর্কে আমার কিছু বক্তব্য রাখব। ব্যয় বরাদ্দ আমরা প্রতি বছর এখানে পাস করিয়ে দিচ্ছি এবং তাঁর ফলে কি হচ্ছে না হচ্ছে সেই কথাগুলি আপনার মাধ্যমে আমি একটু স্মরণ করিয়ে দিতে চাই। আমরা এখানে প্রধানত শিল্প, কৃষি এবং শিক্ষাখাতে যেসব ব্যায় বরাদ্দ হয়েছে এবং এছাড়াও যেগুলি সামগ্রিকভাবে রাখা হয়েছে সেই সম্পর্কে আমি আমার বক্তব্য রাখব। প্রথমে একটা কথা আমি বলতে চাই এই মন্ত্রিসভা প্রতিষ্ঠিত হবার পরে মাননীয় মুখ্যমন্ত্রী এবং সকল মন্ত্রী একথা বলেছেন এবং বারবারই বলেছেন যে প্রশাসনিক ক্ষেত্রে যে অযোগ্যতার সৃষ্টি হয়েছে কিছুদিন ধরে তাঁর অবসান করতে হবে। আমি একথা বিশ্বাস করি এবং স্বীকার করি, আপনিও স্বীকার করেন, একথা ঠিক প্রশাসনের যে রেডটেপিজিম, যা পরীক্ষিত এবং অনেককাল ধরে ফাইল ফেলে রাখার যে অভ্যাস হয়েছে এর পরিবর্তন হওয়া দরকার। আমি, কিন্তু এই কয়েক বছরে তাঁর যে কিছু পরিবর্তন হয়েছে তা মনে করিনা। আমাদের প্রধান প্রধান যে কাজ, বিশেষ করে কেন্দ্রের কাছ থেকে যার জন্য টাকা পাওয়া গিয়েছে সেই টাকা ঠিকমতো ব্যয়িত হচ্ছে না বা যে টাকা ব্যয় হয়েছে তাও পরিদর্শনের অভাবে বা যে দৃঢ়তার সঙ্গে তা দেখা দরকার তার অভাবে অনেক জিনিস পন্ড হয়ে যাচ্ছে, আমাদের প্রচুর টাকা অপচয় হয়ে যাচ্ছে, প্রচুর সাজ সরঞ্জাম নষ্ট হয়ে যাচ্ছে। আমি প্রথমে কৃষি ও শিল্পের কথা বলছি। আপনি জানেন সারা ভারতবর্ষে কৃষিক্ষেত্রে যে উন্নতি হয়েছে, এই বিষয়ে রিসার্চের ফলে যে ফল পাওয়া গিয়েছে, যেমন অধিক ফলন বীজ কি করে জল দিয়ে তাঁর সত ব্যবহার করা যায়, কৃষিপন্য মার্কেটিং ব্যবস্থা ইত্যাদি যেসব ক্ষেত্রে সরবরাহ করার যা দরকার তা করার ফলে সেসব ক্ষেত্রে সারা ভারতবর্ষের. বিভিন্ন অঞ্চলে যে উন্নয়ন হয়েছে, তার ফলে আজকে সারা ভারতবর্ষে আমাদের যে খাদ্য শস্যের অভাব ছিল দীর্ঘদিন ধরে সেই অভাব—১৯৭৮, ১৯৭৯ সালে যে রেকর্ড ফলন হয়েছে, তার ফলে আমরা আত্ম নির্ভরশীল হতে পেরেছি খাদ্যশস্যে একথা বিশ্বাস করতে পারি। কিন্তু এই বিষয়ে আমাদের এই পশ্চিমবঙ্গে কতটা অগ্রগতি হয়েছে এবং আমরা সেই কাজ ঠিকমতো করতে পারছি কিনা, কেন পারছিনা, সেই সম্পর্কে কিছু তথ্য আপনার নিকট উপস্থিত করছি। আমি ২১তম রিপোর্ট এস্টিমেটস কমিটির, এর থেকে আমাদের যে প্রধান অবলম্বন, কৃষিক্ষেত্রে দরকার মাইনর ইরিগেশন প্রোজেক্ট, সেই মাইনর প্রোজেক্টে আমরা কতখানি কৃতকার্য হয়েছি, পূর্ববর্তী সরকার যেভাবে কাজ করেছিল আর এই দু-তিন বৎসরের মধ্যে সেই কাজ আরও বেশি ভালভাবে হচ্ছে কিনা বা খারাপ হচ্ছে কিনা এই রিপোর্ট থেকে আমি আপনার নিকট উপস্থিত করছি। প্রথমত, কৃষিতে যথা সময়ে জল সরবরাহ, পর্যাপ্ত পরিমাণে জল সরবরাহের ব্যবস্থা করা দরকার তাতে আমরা কতখানি কৃতকার্য হয়েছি সেটা আমি বলছি। এখানে বলা হয়েছে এই রিপোর্টের ১২ পৃষ্ঠায় The target of actual position of fresh area brought or likely to be brought under irrigation in the 5th planning is as follows :- ১৯৭৪ থেকে ১৯৭৯ সাল এই কয়েক বৎসরে কি পরিমাণ

জমিতে জল সরবরাহ করা গিয়েছে তাঁর একটা হিসাব থাউজ্যান্ট হেক্টর ইউটিলাইজেশনের হিসাব ধরা হয়েছে। এখানে অ্যাকচুয়াল ছিল ১৯৭৪-৭৫ সালে ৩৫ হাজার হেক্টর, ১৯৭৫-৭৬ সালে ৫৭ হাজার হেক্টর, ১৯৭৬-৭৭ সালে ৯৯ হাজার হেক্টর, ১৯৭৭-৭৮ সালে ১.১৫ লক্ষ হেক্টর আর ১৯৭৮-৭৯ সালে ১.০৭ লক্ষ হেক্টর। তাহলে আমাদের ৯৯ হাজার ছিল ১৯৭৬ সালে, ১৯৭৭-৭৮ সালে হল এক লক্ষ পনেরো হাজার, ১৯৭৮-৭৯ সালে হল ১

[4-10—4-20 p.m.]

লক্ষ সাত হাজার। খুব বেশি যে উন্নতি হচ্ছে এইটা স্বীকার করতে পারছি না এবং কেন এইসব জিনিস হচ্ছে না—এইটা চিন্তা করলে আমরা খুবই উদ্বিগ্ন বোধ করি। এই ক্ষুদ্রসেচ পরিকল্পনার মাধ্যমে জল সরবরাহ এইটা প্রধানত তিনটে জিনিসের উপর নির্ভর করে—deep tubewell, shallow tubewell, lift irrigation, tank irrigation আমি রিপোর্ট পড়ব না। কিন্তু এতে বলা হয়েছে অনেক জায়গায় যে তৈরি হয়েছে তাতে ইলেক্ট্রিসিটি যাওয়ার সঙ্গে সঙ্গে বন্ধ হয়ে গিয়েছে, আর কিছু হয় নি। এইরকম বহু আছে এবং অনেকগুলো বন্ধ হয়ে আছে। আমি শ্যালো টিউবওয়েলের একটা হিসাব দিচ্ছি। এখানে আরও খারাপ অবস্থা। এই পশ্চিমবাংলায় শ্যালো টিউবওয়েল আছে ৩৩৬৯—এর মধ্যে বর্তমানে ওয়ার্কিং কন্ডিশনে আছে ২২৫৬ এবং not in working condition due to theft of transformers and motors etc. এর সংখ্যা হল ১১১৩। এতে কি ভয়াবহ পরিস্থিতি তা আপনি কল্পনা করতে পারেন? রিভার লিফটের অবস্থা আরও খারাপ। এর সংখ্যা দেওয়া হচ্ছে শতাধিক, মনে হচ্ছে ১১৫টি, কিন্তু এই জিনিস ঘটেছে। ট্যাঙ্ক ইরিগেশন যেখানে আমাদের সম্ভাবনা খুব কম চুরি যাওয়া এবং the expenditure of irrigation per acre feet of water is lowest in this process. এখানে যে আমাদের সম্ভাবনা রয়েছে, সে সম্ভাবনা আমরা কার্যকর করছি না। এখানে দেখা যাচ্ছে, total number of tanks in this state পেরিনিয়াল আছে, ৫ লক্ষ ৭৮ হাজার, আর সেসনাল ৫ লক্ষ ১১ হাজার। মোট প্রায় ১০ লক্ষ টোটাল নাম্বার অফ ট্যাঙ্ক। এই ট্যাঙ্ক নানারকম অবস্থায় আছে। এর মধ্যে ২ লক্ষ ৬৮ হাজার অর্থাৎ এক-চতুর্থাংশ ইরিগেশনের ব্যবস্থা আছে। কিছু কিছু জল নেওয়া হয়। বাকিগুলো বিভিন্ন প্রতিষ্ঠানের ব্যক্তিগত মালিকানায় আছে। এই যে বাকিগুলো ট্যাঙ্ক আছে—এগ্রিকালচার ডিপার্টমেন্ট, ইরিগেশন ডিপার্টমেন্ট, ফিশারিশ ডিপার্টমেন্ট, কো-অপারেশন ল্যান্ড এণ্ড অ্যান্ড রিফর্মস এবং পঞ্চায়েত ডিপার্টমেন্টস। এদের মধ্যে কো-অর্ডিনেশন করার অসুবিধার কথা এই রিপোর্টে আছে, "As is usually expected of such and arrangement it is very difficult to bring effectively all these deptts. under one umbrella. আমি এই কথা নিশ্চিতভাবে আপনার মাধ্যমে বলব, আজকে বিভিন্ন বিভাগের হাতে যেসব ব্যবস্থা আছে, তাতে বিশেষভাবে পুষ্করিণী সংস্কার করা দরকার। কারণ পুষ্করিণী সংস্কার করতে পারলে চাষের উন্নতি তো হবে।

আমি নিশ্চিতভাবে এবং আপনিও বোধ হয় স্বীকার করবেন যে এই পুকুরে প্রচুর পরিমাণে মাছের উৎপাদন হতে পারে। এবং আজকে এই বেকার সমস্যার দিনে পুকুর উন্নত করে সেখানে যাতে মাছের চাষ করে প্রচুর পরিমাণে আয় করতে পারে তার জন্য তাঁদের

একটা শিক্ষা দেওয়া উচিত। কাজেই আমি এই বিভাগকে নিশ্চিতভাবে বলব এই যে পরিকল্পনা ট্যাঙ্ক ইমপ্রুভমেন্ট,—নানারকম প্রতিষ্ঠান আছে, সরকারি প্রতিষ্ঠান আছে, যাদের এই সব পুকুর আছে, তাঁদের সমন্বয় করে যথাযথভাবে কৃষি এবং ফিশারীর কাজে নিয়োগ যাতে করা যায়, তার ব্যবস্থা আপনি করবেন। আমি কৃষি উন্নয়নের ক্ষেত্রে আর একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। যেমন কৃষি উৎপাদনের ক্ষেত্রে রিসার্চের ফলে, পরীক্ষা নিরীক্ষার ফলে এই উন্নয়নের কাজের জন্য যে সব ব্যবস্থা আছে, আমরা জানতে পেরেছি, সেইসব প্রযুক্তি সম্পর্কে যাতে কৃষকদের মধ্যে প্রচার-এর ব্যবস্থা করা যায়, যাতে তাঁরা এই সমস্ত জিনিস গ্রহণ করে, এই মনোভাব সৃষ্টির জন্য একটা ব্যবস্থা যা থাকার দরকার, সেই ব্যবস্থার আমাদের অভাব আছে। আপনি জানেন সারা ভারতবর্ষে এই যে কৃষি উন্নয়ন, সেই উন্নয়নের ক্ষেত্রে পাঞ্জাব এবং হরিয়ানা শীর্ষ স্থান অধিকার করে আছে। পাঞ্জাব এবং হরিয়ানাতে কৃষি বিদ্যালয় আছে, এই সব কার্যে তাঁদের বিশেষ অবদান আছে, তাঁরা বিশেষ যোগ্যতার প্রমাণ দিয়েছে। আপনি একথা জানেন ১৯৬০ সালে এখানে কল্যাণী বিশ্ববিদ্যালয় মুখ্যত কৃষির জন্য স্থাপিত হয়েছিল। একথা আপনি জানেন যে সেই কাজ ঠিকমতো সেই বিশ্ববিদ্যালয় করতে পারেনি। শুধু তাই নয় এই বিশ্ববিদ্যালয়ের পরিচালকমন্ডলী, শিক্ষা কর্তৃপক্ষ এমনভাবে বিশ্ববিদ্যালয় পরিচালনা করলেন যার ফলে আসল বা অরিজিনাল বিশ্ববিদ্যালয় সাধারণ বিশ্ববিদ্যালয়ে পরিণত হয় এবং ১৯৭৪ সালে নতুন করে সেখানে কৃষিবিদ্যালয় স্থাপন করতে হয়েছে। কৃষিক্ষেত্রে শিক্ষার জন্য যে সব ব্যবস্থা ছিল, মাধ্যমিক বিদ্যালয়ে সেগুলি নতুন শিক্ষা পদ্ধতি প্রবর্তনের ফলে সঙ্কুচিত হয়ে গিয়েছে। আমাদের জেলায় মেদিনীপুরে, পশ্চিমবাংলায় যে সব হায়ার সেকেন্ডারি স্কুলগুলি ছিল, সেখানে কৃষি শিক্ষার যে সব হায়ার সেকেন্ডারি স্কুলগুলি ছিল, সেখানে কৃষি শিক্ষার যে বিদ্যালয়গুলিতে সংস্থান ছিল আজকে তা নেই এবং এক পঞ্চমাংশ আছে কিনা সন্দেহ। এইভাবে কৃষি শিক্ষা অনেক সঙ্কুচিত হয়েছে। তারপর যেসব জিনিস কৃষি উন্নয়নের জন্য দরকার, সেই খাতে যে ব্যয় বরাদ্দ হত গত ৩/৪ বছর ধরে সেই ব্যয় বরাদ্দ ঠিকমতো ব্যয়িত হচ্ছে না। আমি একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে সয়েল টেস্টিং। আমরা চিকিৎসক হিসাবে সব জিনিস পরীক্ষা না করে—এখানে ঔষধ প্রয়োগ করা অবিবেচনার কাজ বলে মনে করি। আজকে সারা পশ্চিমবাংলায় এই যে সার প্রয়োগ করা হয়, সেই সার প্রয়োগ মাটি পরীক্ষা না করে করা হচ্ছে। এই যে দেখলাম ১৯৭৮-৭৯ সাল থেকে একটা হিসাব এই বাজেটে দেখিয়েছেন, এস্টাবলিশমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট অব সয়েল টেস্টিং সার্ভিসেস, এটাতে আছে—১৯৭৪-৭৮ সালে ১২ লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল।

[4-20—4-30 p.m.]

রিভাইজড বাজেটে হল ৫ লক্ষ ৪০ হাজার টাকা আর অ্যাকচুয়ালি খরচ হল ১৭ হাজার টাকা। সয়েল টেস্টিং-এর ব্যাপারে ইম্পর্টেন্ট সমস্ত স্কীম এই যে কার্যকর হতে পারল না তাঁর জন্য কে দায়ী সেটা নিশ্চয় দেখা দরকার। তারপর production and distribution of organic manure including grants to Municipality. এটাতে ১৭ লক্ষ ৬১ হাজার টাকা ছিল, রিভাইজড বাজেটে হল ৮ লক্ষ ৫৩ হাজার টাকা। এইসব কাজ হচ্ছে না। Improvement of Agricultural development planning and project for

formulation call at district level. এখানেও দেখছি ১৯৭৮/৭৯ সালে যে টাকা মঞ্জু করা হয়েছিল তাঁর খুব কমই ব্যয়িত হয়েছে। এখানে ৫২ লক্ষ টাকা রিভাইজড বাজেটে ছি খরচ হয়েছে ৩৬ লক্ষ টাকা। অ্যাকচুয়াল বাজেটে ছিল ১ লক্ষ ৫০ হাজার টাকা, রিভাইজ বাজেটে হয়ে গেল ১৫ হাজার টাকা। এইভাবে দেখতে পাওয়া যাবে বিভিন্ন ক্ষে এগ্রিকালচারাল ডিপার্টমেন্টের জন্য যে টাকার ব্যবস্থা ছিল সেই টাকা ঠিকভাবে খরচ হচে না। আর সেটা হচ্ছে না বলেই সারা ভারতে কৃষির উন্নতি হলেও আমাদের এখানে ে ব্যবস্থা কার্যকর হচ্ছে না। স্যার, আমাদের দেশে কৃষির পরেই কুটির ও ক্ষুদ্র শিল্পের স্থান এর উপর অনেক লোক নির্ভরশীল। বেকার সমস্যার সমাধানও এর মাধ্যমে কিছু কিছু হতে পারে। এই কুটির শিল্পের মধ্যে প্রধান একটি হল তাঁত। স্বর্গত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় কল্যাণী স্পিনিং মিল প্রতিষ্ঠিত করেছিলেন সেখান থেকে তাঁতীদের সুতো দেবার জন্য। এই কল্যাণী স্পিনিং মিল সম্পর্কে এ.জি. ইন্ডিয়ার যে রিপোর্ট তাঁর ১০-এর পাতায় আছে তাঁর ওয়ার্কিং রেজাল্ট কি হয়েছে। এখানে ক্ষতি হয়েছে ৯ কোটি ৯১ লক্ষ টাকা। এই ক্ষতি হওয়া আরম্ভ হয়েছে ১৯৬৬ সাল থেকে এবং প্রত্যেক বছরই এই ক্ষতি বেড়ে যাচ্ছে সেখানে ক্ষতি তো হচ্ছেই কিন্তু তা সত্ত্বেও সেখানে সুতো তৈরি বেশি হচ্ছে না। এই প্রতিষ্ঠান সম্পর্কে পরামর্শদাতারা সরকারের কাছে পরামর্শ দেওয়া সত্ত্বেও সরকার ১৯৭৮ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত কোনও স্টেপ নেননি। এখানে লেখা আছে The Company has not received any instruction from the government upto February, 1978. অর্থাৎ ঐ কোম্পানিটি ঠিকভাবে চালাতে গেলে যে সব প্রতিকারের কথা তাঁরা বলেছিলেন সেই সব প্রতিকারের ব্যবস্থা সম্পর্কে সরকার কোনওরকম উৎসাহ দেখাচ্ছেন না। এইরকম অনেক ক্ষেত্রের কথাই বলা যেতে পারে। আমি পরিশেষে একথাই বলতে চাই যে কাজ কি ভাবে চলছে তা দেখার জন্য বা কাজ তরান্বিত করার জন্য যে পরিদর্শনের ব্যবস্থা করা দরকার এবং যে পরীক্ষা-নিরীক্ষার ব্যবস্থা থাকা দরকার সরকারের তরফ থেকে সে ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করা দরকার। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুনীলকুমার মজুমদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতিরিক্ত ব্যয় বরাদ্দের যে বাজেট এখানে উপস্থিত করা হয়েছে আমি তাকে সমর্থন করছি। এই অতিরিক্ত ব্যয় বরাদ্দ পেশ করা হয়েছে ১৯৭৯/৮০ সালের জন্য। এর আগে ১৯৭৮ সালে সেপ্টেম্বর মাসে বান হয়ে গেছে। এই বান পশ্চিমবাংলায় শুধু নয়, সারা ভারতবর্ষে এইরকম বান কেউ দেখেনি এবং এবারে প্রচন্ড খরা হয়েছে। এত বড় খরা ইতিপূর্বে আর কখনও হয়নি। বান এবং খরার ফলে পশ্চিমবঙ্গের অর্থনীতি একেবারে বিধ্বস্ত হয়ে পড়েছিল। সেই অর্থনীতিকে আবার পুনরুজ্জীবিত করে তোলার প্রচেষ্টা শুরু হয়েছে, সেটা অত্যন্ত অভিনন্দনযোগ্য এবং সেই জন্য আমি একে সমর্থন করছি। আমাদের পশ্চিমবাংলার যে সমস্ত জায়গা ভেঙ্গে গিয়েছিল সেগুলি মেরামত করা হচ্ছে, কিছু কিছু ইতিমধ্যেই হয়ে গেছে। মাননীয় সদস্য কৃষি ও শিল্প সম্পর্কিত প্রশ্ন নিয়ে এখানে আলোচনা করলেন। আমি শুধু এটুকু বলতে পারি বানের সময় যেভাবে নদীর বাঁধগুলি এবং জলাধারগুলি ভেঙ্গে গিয়েছিল, নষ্ট হয়ে গিয়েছিল সেদিন যদি বামফ্রন্ট সরকার এইভাবে এগিয়ে না আসতেন তাহলে এই বাঁধগুলি, জলাধারগুলি কিছুতেই রক্ষা করা যেত না এবং জলাধারগুলিকে আবার নতুন করে তৈরি করে সেচের ব্যবস্থা করে দেওয়া

কিছুতেই সম্ভব হত না। এইভাবে টাকা না পাওয়া গেলে কিছুই করা যেত না। বানের সময় আমরা দেখলাম চারিদিকে শুধু চিৎকার শুরু হয়েছে, আমাদের প্রতিপক্ষরা চিৎকার শুরু করেছেন সমস্ত কিছু নষ্ট হয়ে গেল। সেই সময়ের ঠিক আগেই পঞ্চায়েতের নির্বাচন হয়েছিল। সেই পঞ্চায়েত নির্বাচনে আমরা একটি জিনিস দেখলাম গ্রামের লোক যারা কোনওদিন কোনও কিছু করার সুযোগ পায় নি, করতে পারে নি, তারা নতুন করে কাজ করার সুযোগ পেল। তাঁরা কোনওরকম প্রশাসনিক নির্দেশ ছাড়াই, নির্দেশের অপেক্ষা না করে বন্যার্ত মানুষদের রক্ষা করার জন্য ঝাঁপিয়ে পড়ল কাজ করার জন্য এবং আমরা দেখেছি এই পঞ্চায়েতের লোকেরা লক্ষ লক্ষ গ্রামের বিপন্ন মানুষকে বানের হাত থেকে উদ্ধার করেছে। তাঁরা শুধু বিপন্ন মানুষকেই উদ্ধারই করেন নি, সেই মানুষকে উদ্ধার করে আবার পুনর্বসতি দেবার জন্য ব্যাপকভাবে চেষ্টা চালিয়েছে। নিশ্চয় এটা খুব আনন্দের কথা তারা অল্প সময়ের মধ্যে ৩ লক্ষ গৃহ নির্মাণ করেছে। গ্রাম পঞ্চায়েত সরকারকে সাহায্য করেছে, তাঁদের সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে। অজস্র ভাল ভাল বড় রাস্তা, ছোট রাস্তা বানের ফলে ভেঙ্গে চুরমার হয়ে গিয়েছিল, অল্প সময়ের মধ্যে আমরা দেখেছি পঞ্চায়েতের মাধ্যমে সেগুলি মেরামতের ব্যবস্থা হয়েছে। তাঁরা ছোট ছোট রাস্তা করেছে, কালভার্ট করেছে, যাতে করে আবার মানুষ বাঁচতে পারে, যাতে করে আবার নতুন পুনর্বসতি গড়ে উঠতে পারে সেই চেষ্টা চালিয়েছে। বানের সময় দেখলাম জমিতে বালি জমে পাহাড় হয়ে গিয়েছিল এবং জমিগুলিতে চাষ করার কোনও সুযোগ ছিল না। বামফ্রন্ট সরকার উপলব্ধি করল যে রিলিফ দিয়ে লক্ষ লক্ষ মানুষের কিছু করা যায় না। তাই রিলিফ না দিয়ে সেচের কাজ তরান্বিত করার ব্যবস্থা করল পঞ্চায়েতের মাধ্যমে। তাঁরা ঠিক করল বালি সরাতে হবে, মানুষকে জল দিতে হবে। বালি সরানোর সাথে সাথে সেচের কাজের জন্য ব্যাপক টাকা পয়সা দিয়ে সেই কাজগুলি করা হয়েছে। গ্রামে গ্রামে মিনিকিটের ব্যাপারে এতদিন কি ছিল? এই মিনিকিট, সার এগুলি সব বড় বড় লোকের জন্য এবং তাঁদেরই কেবল মিনিকিট বিলি করা হত। কিন্তু বামফ্রন্ট সরকার আসবার পরে, পঞ্চায়েত নির্বাচন হবার পরে মিনিকিট বিলি শুরু হল একেবারে তলার দিক থেকে। গ্রামের গরিব চাষী, ক্ষেত মজুর, প্রান্তিক চাষী এরাই মিনিকিট পেল। সেচ, সার, বীজ, ঋণের ব্যবস্থা করে গ্রামের চাষীদের আবার দাঁড় করানো গেল। আমি শুধু এইটুকু বলতে পারি এই কাজ শুরু হতেই অনেকে চিৎকার শুরু করলেন অনেক টাকা খরচ হয়ে গেল। পঞ্চায়েতের মাধ্যমে যে কাজগুলি হয়েছে তাতে অনেক টাকা খরচ কম হয়েছে, বন্যার সময় এটা দেখা গেছে। এক কিলোমিটার রাস্তা পি.ডবলিউ.ডি.র কন্ট্রাক্টর দিয়ে করাতে গেলে অনেক টাকা খরচ হত, সেই রাস্তা পঞ্চায়েতের মাধ্যমে করিয়ে গড়ে ২ হাজার ৭৬৬ টাকার মতো খরচ হয়েছে। টিউবওয়েল রিসিংকিং-এর কাজ কন্ট্রাক্টর দিয়ে করালে যেখানে ১০০০/১২০০ টাকা খরচ হত সেখানে ৫২৮ টাকা খরচ হয়েছে। কন্ট্রাক্টর দিয়ে কাজ করালে যেখানে বেশি খরচ হয় সেখানে পঞ্চায়েতকে দিয়ে কাজ করিয়ে অনেক কম খরচ হয়েছে। তাই অতিরিক্ত ব্যয় বরাদ্দ যেটা আছে সেটা অনেক কম—কেন না সাধারণ মানুষ দেখেছে পঞ্চায়েতের মাধ্যমে সাধারণ মানুষকে নিয়ে কাজ করলে অনেক কম খরচে কাজ বেশি হতে পারে। পঞ্চায়েতের মাধ্যমে কাজগুলি শুরু হয়েছে। যাদের ঘর বাড়ি ভেঙ্গে গেছে, জায়গা চাই, কোনও কিছু পাওয়া যাচ্ছে না, সেখানে জায়গা দিয়েছে, স্কুল ঘর ভেঙ্গে গেছে, স্কুল করা যাচ্ছে না, স্কুল করার সুযোগ করে দিয়েছে, ড্রেনেজের জন্য জল নিকাশ হচ্ছে না, জল নিকাশের জন্য জায়গা ছেড়ে

দিয়েছে। এইরকম অবস্থা আগে তো দেখিনি। আজকে এই সমস্ত কাজ করার জন্য গ্রা মানুষ উদ্যোগী হয়েছে তাঁরা স্বেচ্ছায় এই কাজকর্ম করেছে এবং আমরা দেখেছি তাঁরা এ সমস্ত কাজে সহযোগিতা করে আমাদের দাঁড় করিয়ে দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আ কয়েকটি কথা এখানে বলতে চাই। সেটা যে ওঁরা বার বার হিসাব-নিকাশের প্রশ্ন নি

[4-30—4-40 p.m.]

বলেন। পঞ্চায়েতের ব্যাপারে হিসাব নিকাশ নাকি ঠিকমতো নেই। কিন্তু স্যার, আমরা দেখে গ্রামের জন্য বামফ্রন্ট সরকার যেসব টাকা দিয়েছে তাতে অতিরিক্ত কাজ হয়েছে। যে সম জায়গা ভেঙ্গে চুরমার হয়ে গিয়েছিল সেখানে আমরা গ্রামের মানুষদের ডেকেছি মিটিং করেছি তার পর আমরা কাজ শুরু করেছি। গ্রামের মানুষ আমাদের সঙ্গে এসেছে এবং যার ফলে কাজগুলি সুষ্ঠুভাবে হয়েছে। আর ৩০ ভাগ কাজে আমরা দেখেছি গ্রামের মানুষদের ডাকা হয় নি। কারণ সেখানে কংগ্রেস-আই-এর লোকরা সব আছে তাঁদের হিসাবের অনেক গোলমাল আছে দুর্নীতি আছে পাছে সেগুলি ধরা পড়ে যায় সেইজন্য তাঁরা জনসাধারণকে সঙ্গে নিয়ে কাজ করেনি। আমরা একটার পর একটা দেখলাম যে পঞ্চায়েতে যে সমস্ত কাজ কর্ম হচ্ছে সেখানে আমরা একটা মিটিংয়ে বলেছিলাম যে পঞ্চায়েতে কাজ করতে গেলে এখন যে অবস্থা আছে তাঁর কিছু কিছু পরিবর্তন করতে হবে। আর একটা জিনিস ঋণ আদায় খাজনা আদায়ের ব্যাপারে আমরা দেখলাম সরকারের যে নির্দেশ ছিল যে বড় বড় লোকদের কাছ থেকে টাকা আদায় করা হবে। কিন্তু এখন দেখছি যে সমস্ত তহশীলদাররা এই সব টাকা আদায় করে তারা ছোট ছোট চাষীদের উপর চাপ দেবার চেষ্টা করছে। আজকে এই সমস্ত বিষয় দেখা দরকার যাতে উপরের লোকদের উপর চাপ সৃষ্টি করে কর আদায় করা যায়। আর একটা সবচেয়ে বড় বিপদ হচ্ছে গ্রামে যে সমস্ত কাজ কর্ম হচ্ছে সেই কাজ কর্মের ব্যাপারে প্রশাসনের সঙ্গে পঞ্চায়েত বা জনসাধারণের কোনও সমতা নেই। এই সম্পর্কে চিন্তা করা দরকার। যে সমস্ত ডেভেলপমেন্ট ওয়ার্ক হচ্ছে সেই কাজ যদি কন্ট্রাক্টারকে দিয়ে করা হয় তাহলে অনেক টাকা বেশি লেগে যাবে। বহু ডিপার্টমেন্টের ডেভেলপমেন্ট ওয়ার্ক আছে যেমন পি.ডবলিউ.ডি. ইরিগেশন, হেলথ। এখানে পঞ্চায়েতের একটা সুপারভিসনের ক্ষমতা দেওয়া উচিত। আমাদের অভিজ্ঞতায় আমরা দেখেছি যে পঞ্চায়েতকে কাজ কর্ম করতে দিলে অত্যন্ত অল্প পয়সায় সেইসব কাজ হয়। তাই আজকে পঞ্চায়েতকে এর সঙ্গে যোগ করে দেওয়ার দরকার আছে। কন্ট্রাক্টরকে দিয়ে কাজ করাতে অনেক বেশি টাকা খরচ হয়। তাই আমি বলছি যে এই সব ডেভেলপমেন্ট ওয়ার্কে সাধারণ মানুষকে যদি যোগ করে দেওয়া যায় তাহলে নিশ্চয় ফল ভাল হবে। আমাদের অভিজ্ঞতায় আমরা দেখেছি আমার জেলাতে বহু রাস্তা ভেঙ্গে গেল। আজকে সেখানে কন্ট্রাক্টারকে যদি সেই কাজ করতে দেওয়া হত তাহলে বহু সময় লেগে যেত অনেক বেশি টাকা খরচ হত। কিন্তু সেই সব কাজ পঞ্চায়েতের মাধ্যমে হওয়ায় গ্রামের মানুষের সহযোগিতায় সেই কাজ অল্পদিনের মধ্যে হয়ে গিয়েছে এবং তাতে অনেক টাকাও কম লেগেছে। মানুষ আশা করেনি যে এই অল্প সময়ের মধ্যে এই সব কাজ হবে। ম্যাসেনজোর ড্যাম ভেঙ্গে গেল এবং যে কাজ করতে ৬।৭ মাস লাগত সেখানে আজকে সাধারণ মানুষের সহযোগিতায় ২।৩ মাসের মধ্যে শেষ হয়েছে কৃষক জল পেয়েছে

কৃষক দাঁড়াতে পেরেছে। আর একটা জিনিস সেটা হচ্ছে আমি স্বাস্থ্য দপ্তর সম্বন্ধে বলবো। স্বাস্থ্য দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় হয়তো জানেন না স্বাস্থ্য দপ্তরের কর্মচারী আমলারা আছেন তাঁরা একটা চক্র করে রেখে দিয়েছে। দেখা গেছে সেখানে কিছু কিছু লোককে সুযোগ করে দেওয়া হয় এবং সেখান থেকে কিছু কিছু লোক হাজার হাজার টাকা লুটপাট করে নিয়ে চলে যায়। আজকে এই সমস্ত অনারেরিয়াম পোস্ট তুলে দেওয়া উচিত। ১৯৭৭ সালের নির্বাচনের মধ্যে দিয়ে আমরা এটা লক্ষ্য করেছি যে তখন প্রশাসন কি অবস্থায় ছিল। আজকে আমরা যেখানে এসে দাঁড়িয়েছি, এটা ঠিক যে সবগুলি শেষ হয়নি, এই অবস্থায় করা যাবে না। বামফ্রন্ট সরকার যে অবস্থায় এসেছিলেন, তখন প্রশাসন যা ছিল, আজকে অনেক অংশে সেই প্রশাসনকে কাজে লাগানো গেছে। ব্লকে ব্লকে বি.ডি.ও.'রা পঞ্চায়েতকে নিয়ে কাজ করতে চায়নি, পঞ্চায়েতের বিরোধীতা করেছে। কিন্তু কাজ করতে করতে দেখা গেছে যে আজকে তাঁরা অ্যাডজাস্ট করে নিয়েছে। বি.ডি.ও'রা আজকে তাঁদের পাশে এসে দাঁড়িয়েছে এবং গ্রামে কাজ করছে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিসে এবং কিছু কিছু অন্য জায়গায় স্বার্থভোগীরা চেষ্টা করছে বামফ্রন্ট সরকারের প্রগতিশীল কাজগুলিকে নষ্ট করে দেবার জন্য। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে হাজার হাজার মানুষের কাজ হবে, সেই কাজগুলি তাঁরা নষ্ট করে দিতে চায়। আজকে সাধারণ মানুষের যে চিন্তা তা থেকে এই কথা বলতে পারি যে তাঁদের মনে আশা লেগেছে। আজকে পুরুলিয়া, বাঁকুড়া, বিরভূম খরার উপর দাঁড়িয়ে আছে। আমি পুরুলিয়া বাঁকুড়ার মধ্যে খরার তুলনা করছি না। কিন্তু যে খরা এসেছিল বাঁকুড়া, পুরুলিয়া এবং বিরভূমে তাঁর মোকাবিলা যেভাবে এই বামফ্রন্ট সরকার করেছে, সেটা অন্য সময়ে হলে সম্ভব হতনা। কাজেই এর জন্য অনেক বেশি টাকা খরচ করতে হয়েছে এবং আমি মনে করি এটা যথাযথ হয়েছে। পুরুলিয়ায় যদি সেচের ব্যবস্থা না হয়, বাঁকুড়ায় যদি পুকুর করা না যায়, চাষের ব্যবস্থা না হয়, বিরভূমে যদি চাষের সুষ্ঠু ব্যবস্থা না হয় তাহলে ঐসব এলাকার মানুষের দুর্দশার সীমা থাকবে না। আমি আনন্দের সঙ্গে বলতে পারি যে এই সমস্ত কাজগুলি তাড়াতাড়ি হচ্ছে। পুরুলিয়ার সমস্ত অংশে হয়ত হতে পারেনি কিন্তু অনেক বেশি সাহায্য এবং সহযোগীতা পৌছেছে। পুরুলিয়া, বাঁকুড়া, বিরভূমের কৃষকরা নতুন উদ্যোগে এগিয়ে যাচ্ছে যাতে তাঁরা খরার সঙ্গে মোকাবিলা করতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি যে অতিরিক্ত ব্যয় বরাদ্দের বাজেট মাননীয় মন্ত্রী মহাশয় এখানে প্লেস করেছেন, সেটা যথাযথ হয়েছে এবং এই যথাযথ বাজেটকে আমি সম্পূর্ণরূপে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এই হাউসের একজন পুরাতন সদস্য এবং বিভিন্ন ভূমিকায়, বিভিন্ন দায়িত্বে ছিলেন। আপনি যদি অতীতের এই হাউসের সাপলিমেন্টারি বাজেটের রেকর্ড দেখেন, আপনি এক এক সময়ে নিজেই অংশ গ্রহণ করেছেন, তীব্র আক্রমণ করা গিয়েছে বিরোধী পক্ষ থেকে, যারা আজকে সরকারের দায়িত্ব পালন করছেন। প্ল্যানিং এবং প্রপার ইমপ্লিমেন্টেশন হয়না বলে সরকার যে নিয়মে বরাদ্দ করিয়ে নেয় সাধারণ বাজেটের মাধ্যমে অতিরিক্ত বাজেট অর্থাৎ সাপ্লিমেন্টারী বাজেট অনেক সময় অপ্রচুর হয় এবং তাঁর বরাদ্দ তাঁরা পাস করিয়ে নেয়। আজকে বামফ্রন্ট সরকারের কাছে আমি জিজ্ঞাসা করতে চাই, সরকার চালাতে গেলে যদি এই ব্যবস্থা অপরিহার্য হয়, বাজেটের

[4-40—4-50 p.m.]

সীমাবদ্ধতার মধ্যে যদি থাকা না যায় তাহলে অতীতে আপনাদের অভিযোগগুলি কি প্রত্যাহার করে নিচ্ছেন, যে অভিযোগগুলি আপনারা অতীতে করেছিলেন? কাজ করতে গেলে এই জিনিসের প্রয়োজন হয় এবং এর যৌক্তিকতা কিছু কিছু ক্ষেত্রে স্বীকার্য। কিন্তু তথাপি আমি জিজ্ঞাসা করতে চাই, এই রাজ্যে এই অতিরিক্ত ব্যয়ের মাধ্যমে সাধারণ মানুষের সাধারণ অবস্থার পরিবর্তন কি এমন হয়ে গেছে, এই রাজ্যের নদী নালা দিয়ে ঘি আর মধু ভেসে যাচ্ছে, বয়ে যাচ্ছে—যদিও ঘি আর মধু কাউন্টারে কিছু বিক্রি হচ্ছে দেখতে পাচ্ছি না—সেই বয়ে যাওয়া ঘি আর মধুর মধ্যে সাধারণ নাগরিকরা হাবুডুবু করে সাঁতার কাটছে, আর ইচ্ছামতো ঘি আর মধু পান করছে? আপনারা এখানে বলবেন যে সীমাবদ্ধতা আছে, সাংবিধানিক সীমাবদ্ধতা নিয়ে আপনারা যা করতে পেরেছেন, এর বেশি করা যায় না। কিন্তু সংবিধান-এ এই সাপ্লিমেন্টারি কথাটা অপরিহার্য নয়, এটাকে বাদ দেওয়ার কথা আপনারা চিন্তা করেন নি। আপনারা এক একটায় টোকেন গ্রান্ট এক টাকাও রেখেছেন দেখলাম। এই অভিযোগ আমাদের কাছে আছে, মাননীয় অর্থমন্ত্রী উত্তর দেবেন, কিছু কিছু খাতে কেন্দ্রীয় সরকারের বরাদ্দ, কেন্দ্রীয় সরকারের স্কীম, কেন্দ্রীয় সরকারের অর্থ, আপনারা ইমপ্লিমেন্ট করতে পারেন নি। ফেরত চলে গেছে। এর জবাব নিশ্চয়ই আপনারা দেবেন। একদিকে যেমন অতিরিক্ত ব্যয় করার প্রয়োজন আছে, তেমনি অন্যদিকে এর প্রয়োজন আছে, এটা অস্বীকার করি না, কিন্তু এর পর কী জবাব দেবেন? আর একটা প্রশ্ন আপনার কাছে, রাজ্যের রিসোর্স, অর্থনৈতিক ক্ষমতা যদি সীমাবদ্ধ হয়, ট্যাক্সেশনে যদি আপত্তি হয় কিংবা ট্যাক্সেশনের রিজিনেবল স্কোপ আপনাদের সামনে যদি উদ্ভাসিত না হয়, অন্যান্য অ্যাডভান্স কান্ট্রি যে ব্যবস্থা নিয়েছে, আপনারা কি সেই ব্যবস্থা নিতে পারেন না? একটা প্রধান অভিযোগ, এই রাজ্যে আঞ্চলিক বৈষম্য, এবার যে প্রধান অভিযোগ, সেটা বোধ করি ভারতবর্ষের সর্বত্র এটা বিদ্যমান। শহর এবং গ্রামাঞ্চলের মধ্যে একটা বিস্তর ব্যবধান, এর প্রথম আইটেম হচ্ছে জীবিকার অভাব, রিসোর্সের অভাব এবং পরবর্তী যেটা আসে, সেটা হচ্ছে যোগাযোগের অভাব। আপনারা পাবলিক এক্সচেকার ছাড়াও পাবলিক কন্ট্রিবিউশন, পাবলিক কমিশনের উপর নির্ভর করতে গেলেন না কেন? আমরা দেখেছি, রাস্তা করতে পারছেন না, টাকা নেই, ১৫ কোটি টাকা চেয়েছিলেন, ১৩ কোটি টাকা দিয়েছে, হতে পারে না। কিন্তু যে ব্রিজটা অপরিহার্য, না হলে যোগাযোগ বিচ্ছিন্ন হয়, why can't you creat a Bridge Corporation for Communication? যেখানে টোলের ব্যবস্থা অন্যান্য দেশে নেয়, আমাদের এখানে টোল কোথাও কোথাও দিতে হয়, আমরা দিয়ে থাকি, আজকে সরকারের রিসোর্স যদি সীমাবদ্ধ থাকে, কেন্দ্রের বদান্যতার যদি অভাব হয়, কেন্দ্রের বরাদ্দ যদি না থাকে, এই সব উদ্যোগ আমরা দেখতে পাচ্ছি না যাতে পিপলকে সাধারণভাবে ইনভলভ করতে পারেন, যে কথা কমিউনিকেশনের ক্ষেত্রে প্রযোজ্য, এই কথা জয়েন্ট সেক্টারের ক্ষেত্রে, এমপ্লয়মেন্ট জেনারেশনের ক্ষেত্রে প্রযোজ্য, আমি জিজ্ঞাসা করতে পারি কি, কানাইবাবু এখানে নেই, তাঁর বাজেট আপনি মুভ করেছেন, তিনি সেদিন বলেছিলেন ২৭টি শিল্প প্রতিষ্ঠান এখানে হয়েছে। আমি জিজ্ঞাসা করতে পারি, সরকারি রিসোর্স যেখানে সীমাবদ্ধ, রাজ্যের অর্থের মালিক যাঁরা তাঁরা এখানে শিল্প স্থাপন করতে, কর্ম সংস্থান করতে খুব একটা উৎসাহী নয়। সরকার

জয়েন্ট সেক্টারে কতটা এগিয়েছেন তার জবাব দেবেন? নিল। আমরা জানি Joint Collaboration with other countries and resources to be brought in this state from international monetary fund, world Bank. ওয়ার্ল্ড ব্যাঙ্কের উদ্যোগ আগে কিছুটা দেখতে পেয়েছিলাম, এখন সীমিত কেন বুঝতে পারছি না রহস্যজনক কারণে। আমাদের কণ্ঠস্বর ক্ষীণ হবার কারণ বুঝতে পারি, কিন্তু এই রুলিং ফ্রন্টের কণ্ঠস্বর ক্ষীণ শুধু নয়, আমরা অদৃশ্য হতে দেখতে পাচ্ছি। অ্যাবসেন্ট দেখতে পাচ্ছি। আজকে এর কারণটা আমাদের কাছে রহস্যজনক লাগছে। মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করছি, উনি পন্ডিত ব্যক্তি অর্থনীতিতে, উনি অনেকগুলো দিক ঘেঁটে দেখেছেন, উনার সুযোগ হয়েছে ভারত সরকারের অর্থনীতির সঙ্গে এক সময় সংশ্রব রাখার, ওখানে কিছু দায়িত্ব পালন করার, উনি পৃথিবীর অনেকগুলো দেশের নাম দিয়েছিলেন, যেখানে যেখানে তিনি গেছেন এবং দেখেছেন, আজকে এই অভিজ্ঞতা নিয়ে আমাদের দেশে, আমাদের এই রাজ্যে আমরা নতুন কি পরিকল্পনা দেখতে পেলাম?

এখানে সেই একই জিনিস রিপিট হচ্ছে। চৌকিদার থেকে লাটসাহেব পর্যন্ত (অবশ্য লাট-সাহেবের কথা বলা যায় না) কারোরই কোনও পরিবর্তন দেখতে পাচ্ছি না, দৃষ্টিভঙ্গির পরিবর্তন দেখতে পাচ্ছি না। ওয়াজেদ আলীর ভাষায় বলতে হয়, 'সেই ট্রাডিশন সমানে চলেছে'। ৩০ বছর ধরে সাপ্লিমেন্টারি বাজেট আসছে, আজও এসেছে। ক'দিন আগে কো-অপারেটিভ বাজেটের সময়ে এখানে কিছু অপ্রিয় আলোচনা হয়েছে, সেই সময়ে আমি এখানে উপস্থিত ছিলাম না, আমি পরে শুনেছি মাননীয় ডেপুটি স্পিকার কিছু কথা বাদ দিয়েছেন। তা আমি কি সেই কো-অপারেটিভ সম্বন্ধেই জিজ্ঞাসা করতে পারি যে, এক্ষেত্রে কি একটা ভাস্ট ফিল্ড আদার দেন গভর্নমেন্ট রিসোর্স নেই? কো-অপারেটিভে একটা ভাস্ট ফিল্ড আমরা দেখতে পাচ্ছি। কিন্তু আপনাদের সেই উদ্যোগ নেই এবং কো-অপারেটিভের কোনও উল্লেখ নেই এই অতিরিক্ত বরাদ্দের মধ্যে। অথচ এক্ষেত্রে আমরা ১ টাকার বিনিময়ে বাইরে থেকে ১০ টাকা পেতে পারি। If we have the resources of one rupee we can have 10 times from the financial agencies and authorities and institutions. অথচ সেই উদ্যোগ আজ আমরা দেখছি না। তাহলে কি এই ডিপার্টমেন্টের কাজ-কর্ম বন্ধ হয়ে গেছে? আজকে স্বভাবতই এই প্রশ্ন আমাদের মনে জাগে। মানুষের হাতে পয়সা কম, রিসোর্স কম, সরকারের ক্ষমতা এবং রিসোর্স দুটোই কম এবং সীমাবদ্ধতার নাকি বাধা আছে। অর্থনৈতিক ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারকে দোষারোপ করবার নিশ্চয়ই কিছু কারণ আছে। কিন্তু যেগুলি forces আমরা ইনভলভ করতে পারি, রাজ্য সরকারের পক্ষ থেকে সেগুলি করার উদ্যোগ কোথায়? আমরা সেই উদ্যোগ দেখতে পাচ্ছি না। আপনারা একটা বোস্ট করেন, সেদিনও দেখলাম হাওড়া স্মল সেভিংস-এ থার্ড প্রাইজ পেল। আমি স্মল সেভিংস-এর বিরোধিতা করছি না। স্টেট গভর্নমেন্ট এটা লং টার্মে loan পায়। কিন্তু আমাদের আশঙ্কা হচ্ছে যে, যে টাকা দিয়ে ছোট উদ্যোগ গড়ে তোলা সম্ভব হ'ত, ছোট শিল্প গড়ে তোলা সম্ভব হ'ত, সেই টাকা আজকে ভেনচারের অভাবে, অভিজ্ঞতার অভাবে, ইনপুটস অ্যান্ড ইনসেনটিভ-এর অভাবে যথাযথ বন্টন ব্যবস্থা নেই বলে ব্যাঙ্কে কিম্বা অন্য জায়গায় রেখে দিতে বাধ্য হতে হচ্ছে। এর ফলে একটা নির্দিষ্ট পরিমাণ কর্মসংস্থানের সুযোগ সঙ্কুচিত হচ্ছে। সরকার বেশি কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারেননি। কালকে লেবার মিনিস্টার বলেছেন, বিগত এক

বছরে অনলি ১৫,০০০ থ্রু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। এছ আনঅথরাইজড কত হয়েছে, তা আমরা জানিনা। প্রশান্তবাবু এখানে আছেন, তিনি ক জায়গায় কত-জনকে ঢুকিয়েছেন, জানিনা। ৯২-টি মিউনিসিপ্যালিটি, কলকাতা কর্পোরে এবং সি.এম.ডি.-এর মালিক তিনি। সে কথা যাক। শ্রম মন্ত্রীর কথা ধরে নিয়ে বলছি, ১৫,০০০ কর্মসংস্থান যদি এক বছরে হয়, তাহলে এই সমস্যার সমাধান হতে কত f লাগবে? আজকে আপনারা আমাদের বিরুদ্ধে অভিযোগ করছেন। না হয় আমরা সে অভিযোগ স্বীকার করে নিচ্ছি। আপনারা তো সেই-সব অভিযোগ মানুষের কাছে তুলে ধ আমাদের পরাজিত করে এসেছেন। তাহলে আপনাদের উদ্যোগ কোথায়? আমরা অ্যাডমিনিস্ট্রেশ গ্রামারের দাবি করিনা। আমাদের কাজে ব্যর্থতা থাকতে পারে, আমরা তা অস্বীকার কর পারি না। আজকে আমি তার পরিপূর্ণ দায়িত্ব নিচ্ছি, কারণ আমি চিরকাল কংগ্রেস ক আসছি। আজকে আপনারা সেই সবের পরিবর্তন করবেন বলে এসেছেন এবং সেই ক বলেই জনপ্রিয় হয়েছেন। সাংবিধানিক সীমাবদ্ধতা জেনেই ক্ষমতায় এসেছেন। তাহলে আজ আপনাদের নতুন উদ্যোগ কোথায়? ২০ লক্ষ রেজিস্টার্ড আন-এমপ্লয়েডের মধ্যে ১৫,০০ লোকের কর্ম সংস্থানের ব্যবস্থা করা পর্বতের মুষিক প্রসবের মতো ব্যাপার। লেবার বাজে দেখলাম আপনারা ২ লক্ষ ২৫ হাজার মানুষকে বেকার ভাতা দিয়েছেন এবং এর ফ লেবার বাজেট-টাকে ৭ কোটি থেকে ৫২ কোটিতে নিয়ে যেতে পেরেছেন। কিন্তু এটা বে কিছু নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কি মাননীয় অর্থ মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা কর পারি যে, আপনি এই সাপ্লিমেন্টারি বাজেট প্লেস করে যে টাকা চেয়েছেন তাতে প্রোডাকটি এক্সপেনডিচার কোথায়? রিলিফ? পারমানেন্ট অ্যাসেটস or for the state of th people তৈরি হচ্ছে না এর মধ্যে দিয়ে। মাননীয় নির্মল বোস মহাশয় আমার পুরানো বন্

[4-50—5-00 p.m.]

অধ্যাপক মানুষ, ওনাকে জিজ্ঞাসা করছি শিক্ষা ব্যবস্থায় যে নৈরাজ্য চলছে সেটার সম্পর্ কি খোঁজ-খবর রেখেছেন। আপনারা একদিকে কেন্দ্রকে বলছেন ৯টি অ্যাসেম্বলি ডিসলভ ক অগণতান্ত্রিক কাজ করেছে আর আপনারা কি করছেন? শিক্ষা ব্যবস্থার এ টু জেড—স্কু থেকে প্রাইমারি পাঠশালা পর্যন্ত বাদ যায়নি আপনাদের আওতা থেকে এবং অল ইউনিভার্সিটি আপনারা সুপারসিড করেছেন এই ৩ বছরে। আপনারা যে ডেমোক্রাটিক ভ্যালু সেই ভ্যা কি দেন? ইভেন ফ্রম দি স্টুডেন্ট? তাহলে পরবর্তীকালে এই দেশের নাগরিক যারা হ তাঁদের মনে ডেমোক্রাটিক নর্মস সম্বন্ধে ধ্যান-ধারণা থাকবে না—এটা আপনারা জানবে আপনারা এইভাবে আজকে যে পরিবর্তন আনার নজির সৃষ্টি করেছেন এই নজির by any civilized standard and cannon, it is not democratic, not a civilized meth- od for permanent dissolution of the elected bodies. আপনারা সেদিন কি জবা দেবেন? আজকে সেইদিক দিয়ে সোশ্যাল সার্ভিসের সার্থকতা কোথায়? এডুকেশন জিরো হেলথ প্রায় জিরো, প্রেসিডেন্টস রুল একাধিকবার দেখেছি, তখন যেরকম ছিল আপনারা আবার তা করতে যাচ্ছেন। আজকে সোশ্যাল সার্ভিসের কোনও উন্নতি হয়েছে? রাজ্য কোথায় দাঁড়িয়ে আছে? অ্যাসেটস বাড়েনি, প্রডাকটিভিটি বাড়েনি, সোস্যাল সার্ভিসেস বাড়েনি। আজকে

যাচ্ছি কোথায়? হোয়ার উই আর হেডিং ফর? নর্মস অ্যান্ড ভ্যালু চলে গেছে। আপনারা নজির স্থাপন করুন। আজকে বিরোধীরা চিৎকার করছে, আপনাদের সাপোর্ট করতে পারছেন না—এই ঘটনা ঘটে গেছে, তাঁরা মনে-প্রাণে গ্রহণ করতে পারছে না আপনাদের পলিসিকে। এই রাজ্যে যদি এই অবস্থা হয় তাহলে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আমাদের বলবেন কি, পশ্চিমবাংলা যাবে কোথায়? আজকে পরস্পর বিরোধিতা আমরা দেখতে পাচ্ছি। গোটা ভারতবর্ষের শুরু হয়েছে, হসটালিটি চলছে, কেউ কারোও ইন্টারেস্ট দেখতে চাইছে না, এক রাজ্য আর এক রাজ্যকে দেখছে না, এক ভাষার মানুষ আর এক ভাষার মানুষকে টলারেট করতে পারছে না, এক জীবিকার মানুষ অন্য রাজ্যের মানুষকে দেখতে পারছে না। অন্য দিকে আমাদের বিদ্যুৎ নিয়ে অনেকবার আলোচনা হয়েছে, এটা একটু দেখুন কিছু করতে পারেন কি না। গ্যাস টারবাইন বসেছে—যত গরম পড়ছে তত বিদ্যুৎ কমছে—এইরকম অবস্থা কেন হচ্ছে—এটা প্রোব করে দেখুন। আমাদের পরিবহন ব্যবস্থা অস্বাভাবিক অবস্থায় গিয়ে পৌঁছেছে। পাবলিক ট্রান্সপোর্ট সিস্টেম—আমাদের গভর্নমেন্টও—১৬১ কোটি টাকা কেন্দ্র বরাদ্দ করেছেন বলে রেডিও মারফৎ শুনেছি। সাধারণ মানুষের চলাচল অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। তাঁর জন্য আপনাদের উদ্যোগ কোথায়? তাঁর সার্থকতা কোথায়? মানুষেরা কি সুফল পাচ্ছে? নির্মলবাবু ভাগ্যবান মানুষ, ভাগ্যবানের বোঝা ভগবানে বয়। আজকে কোনওদিকে উন্নয়ন যদি পরিলক্ষিত না হয়, অ্যাসেটস যদি তৈরি না হয়, প্রডাকশন যদি না হয় ভ্যালুস রিকভার যদি না করেন তাহলে নিন্দা করাটা কি অন্যায়? মাননীয় প্রশান্তবাবু বিভিন্ন মিউনিসিপ্যালিটি এবং কলকাতা কর্পোরেশন পেয়েছেন—আপনার তো ৩ বছর অতিক্রান্ত হয়ে গেল, একটার পর একটা কৈফিয়ত দিচ্ছেন—এর পর আর কোনও কৈফিয়ত দেবেন কি?

সিভিক অ্যামিনিটিস টাউনে—শহরে বাড়েনি, পানীয় জল এখানে ওখানে ২।১ জায়গায় সংস্কার করলেও করতে পারেন কিন্তু মানুষের দুঃখ লাঘব করার মতো অতিরিক্ত কিছু করেন নি। আজকে গ্রামাঞ্চলে পানীয় জল পাওয়া যাচ্ছে না। লাস্ট হচ্ছে কেরোসিন—অর্থমন্ত্রী মহাশয় আছেন, আরেকটি সঙ্কটের কথা তাঁকে বলছি সেটা হচ্ছে জ্বালানী সঙ্কট। আজকে ৭।। টাকার কয়লা ১৬ টাকায় কিনতে হচ্ছে। এর মার্জিন এবং প্রফিটিয়ারিং কোথায় যাচ্ছে? আপনাদের বিরুদ্ধে আকস্মিকভাবে একটা অভিযোগ শুনলাম, যে যোগসাজস করেই এসব করা হচ্ছে। শুধু জিনিসের দাম যে ডেলী বাড়ছে তাই নয় একটা বিরাট গ্যাপ, বিটুইন প্রোডাকশন অ্যান্ড দি কনজিউমারস end। এই দুটো end-এর মধ্যে যে পার্থক্য এটা নিচ্ছে কে? ৭।। টাকার কয়লা ১৬ টাকায়, ১।। টাকার কেরোসিন ৫।। টাকায় এমন কি মেদিনীপুরের কোথাও কোথাও ২০ টাকা লিটার বিক্রি হয়েছে। সাধারণভাবে এই অবস্থাগুলো কি দেখেছেন? লাস্ট বাট নট দি লিস্ট, আমাদের দৈনন্দিন কাগজপত্র ঠিকমতো কোথা থেকে আসে জানিনা কিন্তু আমাদের ছেলেমেয়েদের যে বই এবং খাতাপত্র দরকার সেদিকে একটা দারুণ অবস্থার সৃষ্টি হয়েছে। খুব বেশি নয়, সাধারণ প্রাইমারি লেভেলে বইও ছেলেরা পাচ্ছেনা। উইদিন দি লিমিট কোথা থেকে এই বই জোগাড় করব। হোয়াট হ্যাজ হ্যাপেন্ড টু দিস, এই সব ঘটনার জন্য কেন্দ্রকে দোষ দেওয়া যায় না। সুলেখা কালি তো এখানেই তৈরি হয়? একসারসাইজ বুকের কাগজ এখানে পাওয়া যায়। সিমেন্ট, কেরোসিন, চিনি এসবের কথা না হয় নাই বললাম এটা একটু আপনারা দেখবেন। যে অভিযোগটা আপনাদের বিরুদ্ধে উপস্থিত হয়েছে

সবই কি বটল নেক হয়ে গেছে? যে নেপোরা দই খেয়ে যাচ্ছে সেই নেপোদের চিহ্নিত করতে আপনারা পারবেন? তাহলে আমরা খুশি হব। সাধারণভাবে সাপ্লিমেন্টারি বাজেটের মধ্যে—ড্রট, ফ্লাড এগুলো অপরিহার্য খাতে যে ব্যয়ের কথা বলেছেন এখানে আমাদের নিজেদের মনে হয় প্রপার প্ল্যানিংয়ের অভাব আছে। আপনাদের দূরদৃষ্টির পরিচয় এখানে রাখতে পারতেন। যে বিরাট অঙ্কের টাকা চাচ্ছেন—বাঁশের চেয়ে কঞ্চি দড়, যে বাজেট হল তার চেয়ে সাপ্লিমেন্টারি বাজেট যদি বেশি হয় তাহলে আমাদের পক্ষে মারাত্মক অবস্থা। আপনাদের কাছে তাই অনুরোধ করব সবদিক লক্ষ্য করে আমাদের যে সমস্যা পভার্টি, ইললিটারেসী এগুলির দিকে লক্ষ্য করে যদি এই সাপ্লিমেন্টারি বাজেট হত আমরা নির্দ্বিধায় সমর্থন করতে পারতাম। কিন্তু এর কোনওটারই উদ্দেশ্য সাধন হচ্ছে না বলে কোনও সুযোগ পাচ্ছি না, তাই এই প্রস্তাবগুলি সমর্থন করার সুযোগ হলনা।

[5-00—5-10 p.m.]

শ্রী নির্মলকুমার বসু ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিভিন্ন মূল খাতে ১৯৭৯-৮০ সালের জন্য যে অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবি উপস্থিত করা হয়েছে আমি তা সমর্থন করছি। এই মাত্র ডাঃ আবেদিন তাঁর বক্তব্য শেষ করলেন। তিনি তাঁর বক্তব্যের শুরুতে একটা মূল প্রশ্ন করলেন যে আমরা যখন বিরোধীপক্ষে ছিলাম তখন এই রকম ব্যয় বরাদ্দের সমালোচনা এইভাবে করেছি যে বাজেট তৈরি করবার সময় এগুলি বোঝা উচিত ছিল এবং এইগুলি কেন পরে এইভাবে অতিরিক্ত খরচ করা হল। তিনি যদি আমাদের পুরানো বক্তৃতাগুলি দেখেন তাহলে দেখবেন আমরা এই কথা কোনও সময় বলিনি। কারণ যখন বাজেট তৈরি করা হয় তখন সারা বছর কি হবে তা চিন্তা করা যায় না। কেউ কি জানত যে বাজেট তৈরি করার পর চাপড়ায় দাঙ্গা হবে এবং সেই সব জায়গার মানুষকে সাহায্য করবার জন্য খরচ করতে হবে? সুতরাং হঠাৎ কোনও ঘটনা হলে তার জন্য ব্যয় বা সরকার যদি কোনও নীতির পরিবর্তন করেন ,তাহলে তার জন্য অবশ্যই ব্যয় করতে হবে। এটা হাউস অফ কমন্স-এও আছে লোকসভাতেও আছে। বিরোধী পক্ষ থেকে আমরা সমালোচনা যেটা করেছিলাম তা হলো সেটা এই থেকেই বোঝা যায় বা সেটা নীতির ব্যাপার নয়। সেইরকম যদি তিনি এই বই থেকে একটা খাত দেখাতে পারতেন যে ঐ রকমের কোনও ব্যয় হয়েছে তাহলে নিশ্চয়ই আমরা তাঁর কথা শুনতাম। সুতরাং এই জাতীয় অতিরিক্ত ব্যয় যেটা হবে তা আমাদের সমর্থন করতেই হবে। আর একটা জিনিস আমাদের সিস্টেমের মধ্যে আছে এই যে ৯টা রাজ্য বিধান সভা ভেঙ্গে দেওয়া হল সেই সব রাজ্যে তাঁরা যে অতিরিক্ত ব্যয় করেছেন যেখানে জনতা এবং লোকদল সরকারে ছিলেন সেই ব্যয় মঞ্জুরি করলেন কেন্দ্রীয় সরকার। এ যেন কার শিশুকে কোলে নেয়। এখন আমাদের সরকার যে নীতি অনুসারে ব্যয় করছেন সেই সরকারের ব্যয় বরাদ্দের প্রতি আমাদের পূর্ণ সমর্থন আছে। যে ব্যয় বরাদ্দের দাবি এর আগে পেশ করা হতো এবং এখন যেভাবে করা হচ্ছে এর মধ্যে তফাত আছে। সরকারের আয় বৃদ্ধি এবং ব্যয় নীতি থেকে নিশ্চই সরকারের দৃষ্টিভঙ্গি কি তা বোঝা যায়। এখানে যে ব্যয় করা হয়েছে তা বিশেষ করে খরা ত্রাণের জন্য এবং কৃষির উন্নতির জন্য। তিনি বলেছেন কোথাও প্রোডাকটিভ এক্সপেনডিচার হয় নি। কৃষির জন্য ব্যয়, খরা হবার পর কৃষি

উৎপাদন বৃদ্ধির জন্য প্রোডাকটিভ এক্সপেনডিচার করা হয়েছে, শিল্প উন্নয়নের জন্য ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের জন্য যে ঋণ দেওয়া হয়েছে সেটা প্রোডাকটিভ এক্সপেনডিচার, ক্লোজ ও সিক ইন্ডাস্ট্রিকে বাঁচানোর জন্য যে লোন দেওয়া হয়েছে সেটা প্রোডাকটিভ এক্সপেনডিচার এবং প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার জন্য যে খরচ করা হচ্ছে সেটা প্রোডাকটিভ এক্সপেনডিচার এবং পেনশন রেট যেটা বাড়ানো হয়েছে সেটা সমাজ কল্যাণমূলক কাজ। এই যে দৃষ্টিভঙ্গি সাধারণ মানুষের উপকার করা এটা কি কোনও কাজ নয়? লোকসভার নির্বাচনের পর সমস্ত জায়গায় আমরা চিৎকার শুনেছি লোকসভার নির্বাচনে এখানে ভীষণ কারচুপি হয়েছে—নির্বাচন একটা প্রহসন হয়েছে। এই বিধানসভা যেদিন বসেছিল সেদিন রাজ্যপালের ভাষণের সময় বাধা দেওয়া হয়েছিল, রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে বিরোধী পক্ষ সবাই এই কথা বলেছিলেন। কিন্তু আজকে সাপ্লিমেন্টারি বাজেটে যেখানে লোকসভার নির্বাচনের জন্য প্রচুর খরচ করা হয় সেই বরাদ্দের দাবি মঞ্জুর করবার জন্য যে দাবি এসেছে তখন সেখানে কেউ কোনও কথা বললেন না। ডাঃ আবেদিনও তাঁর দীর্ঘ ভাষণে এই সম্বন্ধে কিছু বললেন না। রাজ্যপালের ভাষণের সময় হরিপদবাবু যে ভাষণ দিয়েছিলেন তাতেও তিনি বলেছিলেন। কিন্তু এখন কিছু বললেন না। কং(আই) তো নেই। তিন মাস হয়ে গেছে। শুনেছিলাম কমিশন হবে কিন্তু কোথাও কিছু নেই। এর জন্য ১৫ নং দাবি আছে মুখ্য খাত ২১৫ ইলেকশন যেখানে ৬ কোটি ৫৫ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় হয়েছে যা মঞ্জুর করার জন্য দাবি করা হয়েছে। ২১ নং দাবি ত্রাণ খাতে ২৫৫, পুলিস অতিরিক্ত ব্যয় ৩ কোটি ২৯ লক্ষ ৫৯ হাজার টাকা সেখানে টীকায় বলা হয়েছে লোকসভার ইলেকশনের জন্য অতিরিক্ত পুলিসের জন্য এই ব্যয় হয়েছে। লোকসভার ইলেকশনে ৯ কোটি ৮৪ লক্ষ ৫৯ হাজার টাকা খরচ হল। কিন্তু এই বিষয় রাসবিহারীবাবু এবং ডাঃ আবেদিন সাহেব কোনও মন্তব্য করলেন না। তাহলে কি আমরা ধরে নেব যে তাঁরা তাঁদের মত পরিবর্তন করেছেন এবং তাঁরা এখন স্বীকার করছেন লোকসভার নির্বাচন অত্যন্ত সঙ্গতভাবে এবং নিরপেক্ষভাবে হয়েছে। এর আগে যে সব অভিযোগ করেছিলেন তার সমস্ত তাঁরা প্রত্যাহার করে নিচ্ছেন। এই টাকা মঞ্জুর করাতে তাঁর আপত্তি নেই ৯ কোটি ৮৪ লক্ষ ৫৯ হাজার টাকা সরকার ভাল ভাবেই ব্যয় করেছেন যে বিষয় কোনও মন্তব্য নেই। আর একটা কথা বাজেট যখন তৈরি হয় লোকসভার নির্বাচনের জন্য খরচ করতে হবে তা সরকার জানতেন না। লোকসভার নির্বাচন না হলে এত টাকা খরচ হত না, এক একটা নির্বাচনের জন্য কত খরচ হয় তা সকলের জানা আছে। সংবিধানে বলা আছে ৫ বছর পর পর নির্বাচন হবে। কিন্তু হঠাৎ নির্বাচন হলে কত খরচ হয় দেখুন। এক পশ্চিম বাংলাতেই ১০ কোটি টাকার মতো খরচ হয়েছে। সুতরাং মাসে মাসে যদি বিধানসভার নির্বাচন হয় তাহলে কি করে টাকা পাওয়া যাবে—বিদ্যালয়, পানীয় জল ও রাস্তাঘাটের জন্য? গণতন্ত্র খুবই এক্সপেনসিভ। এরজন্য নির্বাচন করতেই হবে কিন্তু তার একটা মাত্রা থাকা উচিত। এইভাবে বারে বারে নির্বাচন করা উচিত নয়। খরা ত্রাণের ব্যাপারে ওপক্ষের সদস্যরা বলেছেন আমাদের পক্ষের সদস্য সুনীল বাবুও বলেছেন। খরার প্রশ্নে আমাদের সরকার দারুণ দক্ষতার সঙ্গে এখানে যে ব্যবস্থা করেছেন তার তুলনা হয় না। অন্যান্য রাজ্যে যেখানে খরা হয়েছে সেখানে সাঙ্ঘাতিক অবস্থা। খরার জন্য সেখানে নির্বাচন বন্ধ করার কথা সেখানের নেতারা বলছেন। কিন্তু পশ্চিমবাংলায় যে খরা হয়েছিল তাতে এখানে নির্বাচন বন্ধ হয়নি। বামফ্রন্ট সরকার পঞ্চায়েত এবং জনসাধারণকে সামনে নিয়ে কাজ

[5-10—5-20 p.m.]

করেছেন। এই প্রসঙ্গে আমি একটা কথা বলব উত্তরবঙ্গে দারুণ খরা হয়েছিল ফসল নষ্ট হয়ে গেল, ঘরে খাবার নেই, ভেবেছিলাম যে এখানে খরা ত্রাণ শুরু হবে কিন্তু শুনলাম সরকারি হিসাবে সেখানে খরা হয়নি। মালদার কিছু কিছু অঞ্চলে খরা হয়েছে। পঃ দিনাজপুর জলপাইগুড়ি ও কুচবিহার, শিলিগুড়িতে খরা হয় নি। এই পুরানো নিয়ম যে এই এত ইঞ্চি বৃষ্টি না হলে হবে না। এই পুরানো নিয়ম পরিবর্তন করতে হবে। কারণ, মানুষ কষ্টে আছে খরা হয়েছে বলে, এই দিকে বোধ হয় একটু লক্ষ্য রাখা দরকার। বিভিন্ন বিভাগের মধ্যে সরকারের সঙ্গে স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের যাতে একটা সমন্বয় সাধিত হয় সেদিকে নজর রাখা দরকার। তারপর ক্লোজড অ্যান্ড সিক ইন্ডাস্ট্রিজ-এর ব্যাপারে শিল্পের উন্নয়নের জন্য ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনকে ৩ কোটি ৮০ লক্ষ ৬২ হাজার টাকা ঋণ দেওয়া হয়েছে ক্লোজড অ্যান্ড সিক ইন্ডাস্ট্রিজ খুলবার জন্য। এই বিষয়ে ভাবা দরকার এই সমস্ত বন্ধ রুগ্ন কারখানা খোলার ক্ষেত্রে শ্রমিকদের দিয়ে সমবায় করে এই সমস্ত কারখানা খোলা যায় কিনা সেটা ভাবা দরকার। এখানে পেনশন অবসর ভাতার জন্য ১ কোটি ৭৫ লক্ষ ৪৯ হাজার টাকা অতিরিক্ত ব্যয় হয়েছে। এটা অত্যন্ত ভাল কাজ হয়েছে। কিন্তু এর জন্য আরও কিছু বৃদ্ধি করা যায় কিনা সেটা ভাবা দরকার। আমি একটা কথা বলি যেটা আমি শুরুতে বলেছিলাম যে অনিবার্য ব্যয় করতে হবে, তার জন্য মঞ্জুরিও করতে হবে, কিন্তু সমস্ত ব্যয় অনিবার্য হলেও সেটা গৌরবের নয়। এই যে এখানে আছে ৪৬ নং দাবিতে রিলিফ টু পারসন্স অ্যাফেকটেড বাই রায়টস এতে গায়ের মধ্যে জ্বালা ধরে যায়। পশ্চিমবঙ্গের একটা ঐতিহ্য আছে, এখানে সাম্প্রদায়িকতা, প্রাদেশিকতা, বিচ্ছিন্নতা নেই, কিন্তু গত বছর চাপড়াতে যে দাঙ্গা বাধিয়ে দেওয়া হয়েছে তার জন্য অতিরিক্ত ব্যয় এই কথা বলেছেন এই অতিরিক্ত ব্যয় যেন এইখানেই শেষ হয়। এখানে নানারকম ষড়যন্ত্র শুরু হয়েছে, প্রাদেশিকতা, সাম্প্রদায়িকতার উসকানি দিচ্ছে। কিন্তু পশ্চিমবাংলায় যেখানে শ্রমিক কৃষক আন্দোলন জোরদার, রবীন্দ্রনাথ, দেশবন্ধু চিত্তরঞ্জন, বিবেকানন্দ, নেতাজীর যে বাংলা সেখানে কোনও রকম প্রাদেশিকতা, সাম্প্রদায়িকতা, বিচ্ছিন্নতার উসকানি দেওয়া চলবে না, কোনও রকমে দাঙ্গা যাতে না বাধে তার জন্য এপক্ষ ওপক্ষ সবাইকে সতর্ক থাকতে হবে, আমাদের পশ্চিমবঙ্গের যে সম্মান, স্বার্থ তাকে অবশ্যই রক্ষা করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয় আলোচনা করার সুযোগ পাই না, প্রতি বছর গিলোটিন হয়, এই অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবিতে সেই বিষয়টা আছে, সেটা হচ্ছে মুখ্য ২১১ রাজ্য বিধানসভা। রাজ্য বিধানসভার ব্যাপারে এর আগে আমি একবার বলেছিলাম যে সদস্যদের সুবিধা দেওয়ার জন্য কিছু অতিরিক্ত খরচ করা হয়, সেটা সঙ্গত কাজ হতে পারে, কিন্তু বিধানসভার ব্যাপারে কতকগুলি কাজ করা দরকার, যেমন আমাদের লাইব্রেরিতে অনেক ভ্যালুয়েবল বই আছে, দলিল আছে, প্রসিডিংস আছে, এটাকে সম্প্রসারিত করা দরকার যাতে সদস্যরা এবং গবেষকরা সুযোগ পেতে পারেন। যেমন লোকসভায় আছে, সেখানে ইন্সটিটিউশন অব পার্লামেন্টারি স্টাডিজ কিছু পুস্তিকা বের করেন, বই বের করেন, আমাদের এখানে সেইরকম কিছু করা উচিত। এই ব্যাপারে আমার শেষ বক্তব্য বিধান পরিষদ শেষ হয়ে গেছে, কিন্তু বিধান পরিষদের শেষ কয়েক বছরের কার্য বিবরণী প্রসিডিংস ছাপা হয়নি। এটা ঐতিহাসিক বিষয়। আমাদের বিধানসভার যাঁরা সদস্য

রয়েছেন তাঁদের এবং বিধান সভার পুরানো কার্য বিবরণী ছেপে বের করেন, কিন্তু ঐতিহাসিকরা, গবেষকরা, আমাদের ভবিষ্যত বংশধররা যদি জানতে চান এখানকার বিধান পরিষদের কি কার্য বিবরণী রয়েছে এবং তাঁরা যদি জানতে পারেন যে এটা ছাপা নেই তাহলে সেটা অসম্মানের ব্যাপার হবে। আমি বক্তব্য শেষ করছি এই কথা বলে যেসব বিষয়ে অতিরিক্ত ব্যয়ের দাবি করা হয়েছে সেটা জনসাধারণের স্বার্থে করা হয়েছে, প্রয়োজনে করা হয়েছে, ভালভাবে করা হয়েছে, কিন্তু মাননীয় অর্থ মন্ত্রী মহাশয়কে দুটো বিষয়ে লক্ষ্য রাখতে হবে, একটা হচ্ছে প্রায় অধিকাংশ জায়গাতে এই কথাটা বলা হয়েছে কেন অতিরিক্ত টাকা দেওয়া হয়েছে। অ্যাডিশনাল প্রভিসনস আর রিকয়ার্ড ফর মিটিং লারজার এস্ট্যাবলিশমেন্ট চার্জেস, নিশ্চয়ই এস্ট্যাবলিশমেন্ট চার্জ দরকার হলে বাড়াতে হবে, কিন্তু যে কাজের স্বার্থে বাড়াচ্ছি সেই কাজ ঠিকমতো হচ্ছে কিনা দেখতে হবে। অন্যদিকে ডেভেলপমেন্ট থেকে এস্ট্যাবলিশমেন্ট চার্জ এর দিকে বেশি নজর পড়ছে কিনা সেইদিকে নজর রাখা দরকার। জয়নাল আবেদিন সাহেব বলেছেন পরিবহন ব্যাপার অত্যন্ত সঙ্কটজনক হয়েছে। ৬৭ নং দাবিতে ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট, দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট এই তিনটি পরিবহন সংস্থাকে ২ কোটি ৬৯ লক্ষ টাকা ঋণ দেওয়া হয়েছে, কিন্তু এইভাবে ঋণ দিয়ে কি কাজ চলছে সেইদিকে নজর দেওয়া দরকার, তার পরিবহন ব্যবস্থাকে উন্নত করার চেষ্টা করা দরকার। এই কথা বলে আমি এই ব্যয়-বরাদ্দের দাবি সমর্থন করছি।

শ্রী শিবনাথ দাস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে যে অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবি উপস্থাপন করা হয়েছে আমার মনে হচ্ছে যে সেটা মূলত যাতে আরও ভাল করে দলবাজি করা যায় তাঁর জন্যই করা হয়েছে। সেই জন্যই এই টাকা চাওয়া হয়েছে। দেখা যাচ্ছে যে বিভিন্ন ক্ষেত্রে সরকার তাঁদের আগেকার বাজেটের টাকাই খরচ করতে পারেননি, অথচ আবার নতুন করে খরচ করার জন্য এই বরাদ্দ চেয়েছেন, তাঁরা আরও বেশি টাকার মঞ্জুরি চেয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মূলত দুটি ডিপার্টমেন্ট নিয়ে আলোচনা করব—একটা হ'ল পি.ডাবলু.ডি, আর একটা হল শিডিউল্ড কাস্ট অ্যান্ড ট্রাইবাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট। শিডিউল্ড কাস্ট অ্যান্ড ট্রাইবাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের জন্য ২ কোটি ৪৮ লক্ষ ৪৯ হাজার টাকার অতিরিক্ত ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে। কিন্তু এই ডিপার্টমেন্ট থেকে আগেই প্রায় ২ কোটি টাকা স্যাংশন করা হয়েছিল এবং সেটা সারেন্ডার করা হয়েছে। সেই টাকাই যখন খরচ করতে পারলেন না, তখন আবার অতিরিক্ত টাকার কি দরকার ছিল? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিষয়টিকে একেবারে পুরোপুরি দলবাজির ক্ষেত্রে নিয়ে যাওয়া হয়েছে। যেখানে দলের প্রয়োজন নেই সেখানে স্যাংশন থাকলেও টাকা খরচ করা হচ্ছে না। আবার যেখানে দল থেকে চাওয়া হচ্ছে সেখানে অতিরিক্ত ব্যয় বরাদ্দ করা হচ্ছে। শিডিউল্ড কাস্টস এবং ট্রাইবদের এলাকায় নিরপেক্ষভাবে স্কুল বিল্ডিং তৈরি করার জন্য টাকা চাওয়া হয়েছে; বছরের পর বছর সেই সব কেস পড়ে আছে; সেগুলি ম্যাচিয়োর করে যাচ্ছে, অথচ সে গুলির জন্য টাকা স্যাংশন করা হচ্ছে না। অপর দিকে আজকে আমরা দেখছি ইমিডিয়েটলি যে প্রপোজাল আসছে সে প্রপোজাল স্যাংশন হয়ে যাচ্ছে, যদি সেটা নিজেদের দল থেকে আসে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাঁকুড়ার লাক্ষা শিল্পের উন্নতির জন্য তিন বছর আগে সেখানে সুপারভাইজার করে মিহির গুপ্তকে নিযুক্ত করা হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত

তিনি সেখানে যাননি। কলকাতায় তাঁর অফিসে গিয়ে দেখুন, তিনি তাঁর পাশের চেয়ারের এ
ভদ্র-মহিলার সঙ্গে বসে গল্প করছেন। এখানে তাঁর কোনও কাজ নেই, অথচ ওখান থে
ডি.এম. বার বার বলছেন যে, তাঁকে ওখানে না নিয়ে গেলে কোনও কাজ হবে না। বি
তাঁকে এখানে বসিয়ে রেখে তাঁকে দিয়ে কো-অর্ডিনেশন কমিটি করানো হচ্ছে। তিনি এখা
অফিসে বসে গল্প করছেন, কোনও দিন কোনও কাজ করছেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশ
প্রায় ৮৫টি স্কুল-এর জন্য হস্টেল বিল্ডিং গ্রান্ট-এর প্রপোজাল রাখা হয়েছিল এবং সে
প্রপোজালগুলি ম্যাচিয়োর করে গেছে। অথচ সেগুলি স্যাংসন করা হচ্ছে না। এমন কি লে
পাওয়ার জন্য ফাইনান্স কমিশনের কাছে শত শত হাজার হাজার যে দরখাস্তগুলি ক
হয়েছিল সেই দরখাস্তগুলি পড়ে আছে, সেগুলি কার্যকর হচ্ছে না। এমন কি এই ডিপার্টমেন্টে
ভালভাবে পরিচালিত করার জন্য বিভিন্ন পোস্টে বিভিন্ন ব্যক্তিকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া
জন্য লিস্ট পর্যন্ত করা হয়েছিল, অথচ আজকে তাঁদের সেই সব পোস্টে নিয়োগ করা হচ্ছে
না। কি কারণে হচ্ছে না, কেন হচ্ছে না, তা আমরা বুঝতে পারছি না। কিন্তু তাঁদের নিয়ো
না করার জন্য কাজ কিছুই হচ্ছে না। যেখানে কোনও কাজই হচ্ছে না সেখানে নতুন ক
টাকা খরচ করার কি প্রয়োজন ছিল?

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এবারে পি.ডাবলু.ডি সম্পর্কে দু'-একটি কথা বল
বিভিন্ন রাস্তা, খাল, বিল করার জন্য এই ডিপার্টমেন্টকে বহু টাকা বরাদ্দ করা হয়েছে। সা
পশ্চিমবাংলার জন্য প্রায় ১০০টি রাস্তা স্যাংশন হয়েছে, কিন্তু সেখানে কোনও কাজ হচ্ছে ন
আমি এখানে কয়েকটি নাম উল্লেখ করব যেখানে কোনও কাজ হয়নি।

[5-20—5-30 p.m.]

বিশেষ করে আমি যে দলবাজির কথাটা বলেছিলাম, আমি অত্যন্ত দুঃখের সঙ্গে এব
ক্ষোভের সঙ্গে দেখছি যে আমাদের এই হাউসের লীডার মাননীয় মুখ্যমন্ত্রী তিনি এই দলবাজিতে
একেবারে সকলের চেয়ে অগ্রণী। তিনি এত উলঙ্গভাবে এই দলবাজি করেছিলেন যে ভাবতে
অবাক হয়ে যেতে হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খেজুরী থানাতে কুন্দীপুর, তালবাটী একটি
রাস্তা স্যাংশন হয়েছে, শুধু স্যাংশন নয়, পি.ডবলিউ.ডি'র চীফ ইঞ্জিনিয়ারদের দিয়ে রোড
ফাইনালাইজ হয়ে গেছে এবং সেখানে কন্ট্রাক্টার নিয়োগ করা হয়ে গেছে। তারপর কন্ট্রাক্টারর
কাজ করতে যাবেন এবং মিনিস্টারদের অর্ডার সবকিছু হয়ে গেছে কিন্তু বিগত ইলেকশনের
সময় আমাদের ওখানে মাননীয় চীফ মিনিস্টার গেলেন মিটিং করতে তখন তাঁকে পার্টি থেকে
জানানো হল সেখান দিয়ে রাস্তা করলে তাঁদের অসুবিধা হবে সুতরাং সেই রাস্তাটি যেকোনওভাবে
হোক বন্ধ করতে হবে। যদিও ডিপার্টমেন্ট হচ্ছে যতীনবাবুর, কিন্তু সেখানে জ্যোতিবাবু নিজে
অর্ডার দিলেন যে না এই রাস্তাটি হবেনা। এই রাস্তাটি তিনি অর্ডার দিয়ে বন্ধ করে দিলেন
তিনি কি কারণে বন্ধ করলেন, কি অসুবিধা ছিল সেটির তিনি কোনও উল্লেখ করলেন না
কিন্তু তিনি রাস্তাটি বন্ধ করে দিলেন। স্যার, এখানে আমি আরও বলতে চাই নন্দীগ্রাম
চন্ডিপুরে রাস্তার জন্য ৩০,০০০ টাকা ব্যয় করার কথা ছিল, বোলগ্রাম, মালিখালি এখানে
৭০,০০০ টাকা ব্যয় করার কথা ছিল, ভগবানপুর ১৩০০০ টাকা খরচ করার কথা ছিল
সোয়াদিঘিতে ২০,০০০ টাকা খরচ করার কথা ছিল। এইরকম মেদিনীপুর জেলার প্রায় ১:

রাস্তাতে ৫ লক্ষ ২৪ হাজার টাকা গত বছর খরচ করার কথা ছিল, কিন্তু সে টাকার এক পয়সাও খরচ করা হয়নি। এ ছাড়া বর্ধমান জেলায় দুলাল খালের উপর যে ব্রিজ যার জন্য ৬ লক্ষ ৭৫ হাজার টাকা অনুমোদন করা হয়েছিল, তপসিয়াতে ৫০,০০০ টাকা, বাজিতপুর, হাঁসখালি, নোনাগঞ্জে ১ লক্ষ টাকা, বদ্যিবাটী ট্যাংরামাল ঘাট ভায়া এলোপাথারি, চাকদা, সুলতানপুর একটা ট্রাইবাল এরিয়া এখানে এক লক্ষ টাকা খরচ করার কথা ছিল, কাংকি ডোয়াংডং এটাও একটা ট্রাইবাল এরিয়া এখানেও এক লক্ষ টাকা খরচ করার কথা ছিল, এই রকম প্রায় সারা পশ্চিমবাংলায় ১০০টি রাস্তা এবং ব্রিজ করবার জন্য যে টাকা গত ৭৮-৭৯ সালে নির্দিষ্ট করা হয়েছিল সেই স্যাংসন রাস্তাগুলিতে এক পয়সাও খরচ করা হয়নি। তাহলে যেখানে কাজ করার দরকার সেটা যদি তাঁদের পার্টি থেকে না আসে, দলের কাছ থেকে না আসে সেই জায়গায় আমরা যতই প্রোপোজাল দিই, সেই প্রোপোজাল কার্যকর করবেন না, শুধু তাঁর দলের এবং পার্টির থেকে যা আসবে তাই কার্যকর করবেন, সুতরাং সরকার দলবাজি করবেন এবং এই জন্যই বাজেটে টাকা দেওয়া হয়েছে, এটা কি আমরা সমর্থন করব? সুতরাং আমরা এই দলবাজিকে সমর্থন করতে পারছি না, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Deo Prakash Rai : Deputy Speaker Sir, in the last Budget Session when the Municipal and Urban Development Minister, Mr. Sur, presented his budget speech, it was circulated in the House in Bengali only. At that time I stood on a point of breach of privilege because under the West Bengal Official Language Act, 1961, Bengali and Nepali have been recognised as official languages. তারপর আমার সঙ্গে তাঁর ঝগড়া লেগে গেল। Within ten minutes the English version of the speech was circulated. It is the convention of the House that when any Minister makes his statement in Bengali, the English version of the same is to be circulated in the House. আজকে স্যার, এটা কি হচ্ছে? আমি এটা পড়তে পারছি না, এর ইংলিশ ভার্সন নেই। আপনারা বলছেন যে নেপালী ভাষাকে অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ করার জন্য লড়াই করছেন, আমি সেই দাবি এখনি করছি না। I am not that type of extremist কিন্তু আমার অধিকার আছে। Where is the English version? Unless I get the English version I will not allow the House to proceed. Though I am a writer in Nepali literature, I have learnt Bengali also. I am not speaking against the Bengali Language.

Mr. Deputy Speaker : Shri Rai, please resume your seat.

ডঃ অশোক মিত্র ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা এই মুহূর্তে যে আলোচনা করছি সেটা আমি যে অতিরিক্ত ব্যয় বরাদ্দ মঞ্জুরির জন্য উপস্থিত করেছি তার উপর। সেটা ইংরাজিতেই বিতরণ করা হয়েছে। মাননীয় সদস্য যেটা বলছেন সেটা বোধহয় শ্রী ননী ভট্টাচার্য আজকে একটা কলিং অ্যাটেনশন বাংলায় দিয়েছেন সেই বিবৃতিটা বিতরণ করা হয়েছে সেই কথা বলছেন। মাননীয় সদস্য দেওপ্রকাশ রায়কে আমি বলছি যে তাঁর ইংরাজি করে তাঁর কাছে সেটা পৌঁছে দেওয়া হবে।

Shri Deo Prakash Rai : I thank the Finance Minister very much because I have highest respect for him. Then the next point is that, the other day when one honourable member Sm. Renu Leena Subba was speaking you gave her warning. Has any Speaker or Deputy Speaker of this House given warning to any honourable member? ওকে ওয়ার্নিং দিয়েছেন, আপনি ঐ চেয়ারে বসতে পারেন না। এটা আপনার বাবার সম্পত্তি নয়।

[5-30—5-40 p.m.]

You have given warning to Mrs. Subba. I give you warning এটা সি.পি.এমের বাবার সম্পত্তি নয়। Now, Sir, in regard to this Supplementary Budget—after presenting the main Budget the Finance Minister has presented a Supplementary Budget—my point is that I welcome this presentation but while welcoming his presentation of this Budget I have my own comments to make which my honourable friends would not like. Taking West Bengal as a whole—I do not want to be narrow—as an M.L.A. I should speak for West Bengal but after hearing the speeches of many honourable friends from this side and that side—they have already spoken for West Bengal and somebody spoke for his constituency—I shall dwell on the district of Darjeeling first and then I would talk on some aspects of West Bengal. Now, Sir, Darjeeling is a hill area. As it has get its own problems that is why there is that Hill Development Council, but there is some misunderstanding. People say that they are doing so much for the development of Darjeeling. I am a seniormost MLA of this House. আমি অনেক রুলস অ্যান্ড প্রসিডিওর জানি। When money was bifurcated, split up for Darjeeling Hill Development Council, Jhargram Development Council and Sunderban Development Council, Darjeeling has not received any special treatment. Now, I would say as this Hill Development Council ওঁরা জানে না এটা স্পেশাল ট্রিটমেন্ট দার্জিলিংয়ের জন্য হয়েছিল, Development Council। যখন আমি ফাইট করলাম তখন এইটা হল। এমন কি হয়েছে, ঝাড়গ্রাম Development Council, সুন্দরবন Development Council. Hill Development means development for the hill people. I will tell you one thing. In the case of promotion or transfer Government says that it should be tackled on all West Bengal basis. But when there is this Hill Development Council it is meant for the backward people who are socially, economically and educationally backward. When Pakistan attacked our country, when China attacked our country, the Gorkha Regiment of the Army is pushed to the front line. রণভূমিতে আমি forward নিজ বাড়িতে backward. My point of view is that if you take the case of promotion or transfer on all-West Bengal basis then my people who are backward will not get any benefit. So many crores of rupees

had been spent for the development of other areas but Darjeeling has not received any special treatment. If Darjeeling does not get any special treatment then the demon of separatism will raise its ugly head and it will then become a serious matter. If this tendency goes on then the demon of separatism will raise its ugly head and my party will not be held responsible. If the hill men become desparate the demon of separatism will raise its ugly head and in that case my party will not be held responsible. Out of some many crores of rupees how much you spend for Darjeeling? If you take into consideration West Bengal as a whole then we have no chance. The tendency of separatism has already started. I do not want Nagaland type of separatism. I am a true Indian. I want Darjeeling to remain in West Bengal but if the demon of separatism raise its ugly head then my party will not be held responsible. Then, Sir, as you know, the National Highway-34 runs from Siliguri-New Jalpaiguri to Darjeeling and the condition of the road is such that if a pregnant lady passenger travels by that road she will fall victim to an immature delivery.

[5-40—5-50 p.m.]

Money is being spent but what is the overhead expenditure? Government spend money for development but that must have impact on the people. স্যার, টাকা খরচ হয়েছে সেটা আমি জানি কিন্তু It has not impact on the people. Sir, in the hill area the hill people may not be specialists, they may not be qualified for certain posts which posts may be filled up by people from the plains because they are educationally forward. But in regard to posts of peons, class IV employees, Clerks why they are sending men from Calcutta? Sir, because of that there will be friction. This is a serious matter. I do not want any friction between hill people and the plain people. I have many things to say, Sir, but I have not time. So I conclude my speech but I do not accept the supplementary budget.

শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে সাপ্লিমেন্টারি বাজেট এখানে উপস্থিত করা হয়েছে সেই বাজেটকে সমর্থন করে আমি দু-একটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। আমি প্রথমেই যে কথাটি বলতে চাই সেটা হচ্ছে এই যে আমাদের ডানদিকে যাঁরা বসেন তাঁরা যে মতবাদে বিশ্বাস করেন আমরা কিন্তু ঠিক তাঁর উল্টো মতবাদেই বিশ্বাস করি। কাজেই আমাদের ভাল কাজগুলির ভেতরে তাঁরা অনেক মন্দ খুঁজে পান। তাঁদের যে মতবাদ সেই মতবাদে আজকে ভারতবর্ষের অবস্থা হয়েছে One fifth of the total population redundant হয়ে গিয়েছে। আর আমরা চেষ্টা করছি, আমাদের গলায় দড়ি বাঁধা আছে, মাননীয় অর্থমন্ত্রীর গলায় যে দড়ি বাঁধা আছে সেটা আমরা বুঝতে

পারছি এবং তাঁর জন্য তাঁর কি অসুবিধা হচ্ছে সেটাও আমরা বুঝতে পারছি। তাঁকে একটা স্কোয়ার পেগকে রাউন্ড হোলের মধ্যে ঢোকাতে হচ্ছে। কিন্তু তবুও আমি বলব, যে যে খাতের জন্য অতিরিক্ত বাজেট তিনি চেয়েছেন সেটা কিন্তু দেশের উন্নয়নমূলক কাজের জন্যই চেয়েছেন। এই ক্ষেত্রে কেন যে ওঁরা বিরোধিতা করছেন সেটা আমি বুঝতে পারছিনা, আমার বুদ্ধিতে সেটা আসছে না। স্যার, ওঁরা ধনবাদী রাষ্ট্রে বিশ্বাস করেন যদিও ধনবাদী দেশগুলিকে আজকে ওয়েলফেয়ার স্টেট বলা হচ্ছে কিন্তু আমরা বিশ্বাস করি সমাজতন্ত্রে। কাজেই সেই সমাজতন্ত্রের সঙ্গে ওঁদের যে কনফ্লিক্ট লাগবে সেটা তো স্বাভাবিক কথা। আমরা সেটা মেনে নিয়েই চলবার চেষ্টা করছি। এখানে ডাঃ জয়নাল আবেদিন সাহেব বললেন, তিনি চিরকাল কংগ্রেস করেছেন। তিনি বললেন, কংগ্রেস অমুক করেছিল, তমুক করেছিল ইত্যাদি ইত্যাদি। ওঁরা ৩০ বছর ধরে এ দেশে রাজত্ব করেছেন। আজকে আমাদের বন্ধুরা যাঁরা ঐ ট্রেজারি বেঞ্চে বসে আছেন সেই বেঞ্চটা ছেড়ে আসতে বোধহয় ওঁর খুব কষ্ট হয়েছে, উনি খুব দুঃখ পেয়েছেন, সেইজন্যই আজকে বলছেন ৩ বছরে কি করলেন? তাহলে কি প্রপোরসনটা হবে এই যে থ্রি ইজটু থার্টি? ওঁরা ৩০ বছর ধরে ৮ কোটি লোককে রিডানডান্ট করেছিলেন, আজকে সেই লোকগুলির মোড অব স্টান্ডার্ড অব লিভিং বাড়াবার জন্য এই যে অতিরিক্ত খরচ করা হয়েছে এবং এর মাধ্যমে তাঁদের স্টান্ডার্ডকে বাড়াবার চেষ্টা করা হয়েছে এটা ওঁদের বোধহয় খুব খারাপ লাগছে। কেন না ম্যাকনামারার কথায় ওঁরা এটা করলেন। ম্যাকনামারা বললেন দেখ বাপু, এদেশে যে অবস্থা হচ্ছে তাতে সমাজবাদী দলগুলি হয়ত কৃষক বিপ্লব করবে, সেইজন্য তোমরা ওখানে কৃষি বিপ্লব করে দাও, তাতে তোমাদের সুবিধাই হবে। আর এই কৃষি বিপ্লব পাঞ্জাব, হরিয়ানায় করে দাও। জনতা না লোকদলের একজন বললেন হরিয়ানা আর পাঞ্জাবে কৃষি বিপ্লব হয়েছে। পাঞ্জাবে যে পপুলেসন তার চেয়ে তাঁরা অনেক বেশি জমি পেয়েছে। আর আমাদের ওয়েস্টবেঙ্গলে যতটা জমি আছে তার চেয়ে অনেক বেশি কৃষিজীবী আছে। সেই ক্ষেত্রে তিনি যে পাঞ্জাব, হরিয়ানার উদাহরন দেখালেন তাতে আমাদের এখানে সেই তুলনায় তো কিছুই হয়নি। প্রথমত ইনফ্লাক্স অব ইস্ট বেঙ্গল পিপল অর্থাৎ বর্তমান বাংলাদেশের লোকেরা এখানে এসেছে। ওরা বলবেন ওখানেও তো বাপু ওয়েস্ট পাঞ্জাবের লোক পাঞ্জাব এবং হরিয়ানায় এসেছে। এসেছে সত্যি কথা। কিন্তু তাঁদের যেভাবে সাহায্য দেওয়া হয়েছে, আমরা দিল্লি বা ঐসব জায়গায় গিয়ে দেখেছি, সেইভাবে কি পশ্চিমবঙ্গে ওঁরা কোনওদিন সাহায্য দিয়েছেন? কেন না পশ্চিমবঙ্গকে ওঁরা ধরেই নিয়েছেন এটা বিপ্লবের দেশ। কাজেই ওদেশে বেশি সাহায্য দিয়ে যদি উন্নত করা যায়, ওখানে যদি ইন্ডাস্ট্রি ডেভেলপ করা যায়, কৃষি ডেভেলপ করা যায় তাহলে আমরা সমস্ত পূর্বাঞ্চলকে হারাব। ওখানে বসে কি করছেন বর্তমানে ওঁদের নেত্রী তিনি ওখানে বসে ডুয়েল রোল প্লে করছেন। বলছেন আরে বাপু, এইরকম সাম্প্রদায়িকতা, এইরকম প্রাদেশিকতা, না না, আসামে সব জিনিস যেতে দাও—আর ওদিকে, আমি নাম করব না, যিনি বোধ হয় এখানে মুখ্যমন্ত্রী হয়ে ধন্য হবার চেষ্টায় আছেন, যার জন্য তিনি সেন্টারে গেলেন না, ইউথ কংগ্রেস প্রেসিডেন্টকে ধরতে তিনি ধন্য, তাকে বললেন ওহে বাপু, তুমি গিয়ে ছেলেদের লেলিয়ে দাও, আর আমি এখানে ল অ্যান্ড অর্ডারের দাবি তুলব। আর যত তাড়াতাড়ি পারি তোমাদের হাতে কিছু বন্দুক দিয়ে দেব, তোমরা যদি পার রাজ্য অ্যাকোয়ার করে নাও। তারা হাজার ছেলে পাঠিয়েছে আমরা ১ লক্ষ ছেলে পাঠাতে পারি। সেটা তো প্রমাণিত হয়েছে গত ইলেকসানে, সেটা তো প্রমাণিত হয়েছে

গত পঞ্চায়েত ইলেকসানে। কিন্তু তা সত্ত্বেও তাঁরা চাচ্ছেন যাতে এখানে ল অ্যান্ড অর্ডার না থাকে। চাপড়ার ব্যাপার তৈরি করে তোল, আমরা উপর থেকে ল অ্যান্ড অর্ডার করে দিচ্ছি। সুব্রতবাবু তো শিলিগুড়ি চলে গেছেন। আপনি লক্ষ্য করে দেখুন, তাঁরা বলছেন আমরা তোমাদের উপরে আছি, আমাদের কথা যদি না শুনে চল তাহলে তোমাদের খারিজ করতে বেশি সময় লাগবে না। তাঁরা কিন্তু কাগজে স্টেটমেন্ট দিচ্ছেন এক রকম, আর কাজের বেলায় করেন ঠিক আর একরকম। আমি সংবাদপত্রের লোকদের বলব কোথায় কি শুনলেন তাই লিখে দিলেন। ১৯৪৬ সালে অনেকে হয়ত জন্মেছিলেন, ওঁদের ভিতর অনেকে হয়ত জন্মাননি। আমাদের এল্ডাররা জানেন ১৯৪৬ সালে এখানে একজন মাত্র সি.পি.আই. বা লেফ্‌ট ফ্রন্টের লোক ছিলেন, তিনি হলেন মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু। তিনি রেলওয়ে মেনস কনস্টিটিউন্সি থেকে জিতেছিলেন। তখন কিন্তু সমস্ত কংগ্রেসি লোকে চেয়ার ভর্তি ছিল। কই তাকে তো খেয়ে ফেলতে পারে নি—ওঁরা প্রায়ই বলেন সি.পি.এম. ফরোয়ার্ড ব্লক আর আর.এস.পি.—বিশেষ করে আর.এস.পিকে নাকি গিলে ফেলবে। আমাদের যদি মতবাদ ঠিক থাকে—ডিফারেন্স থাকবে, কিন্তু মতবাদ যদি ঠিক থাকে তাহলে কেউ কাউকে গিলে ফেলতে পারবে না। কেউ কারও উপর নয় এ কথা আপনারা ভাল করে মনে রাখবেন। কাগজওয়ালারা কোথা থেকে এই সব পান জানি না—রাম বড়, না শ্যাম বড়। অমনি অন্য কিছু লেখার থাকলেও এই সব কতকগুলি বাজে কথা লিখে দিলেন। আজকে বামফ্রন্টের সকলকে আমি বলব কেউ যে একজন অপরের নিন্দা বিশেষ করে ঐ কাগজওয়ালাদের কাছে না করেন। আপনারা দেখবেন আমরা যদি বলি রাম ওঁরা লিখে দেন শ্যাম। আপনারা সকলেই কোনওরকম মন্তব্য থেকে বিরত থাকবেন। মিঃ রাই কোথায় গেলেন জানি না। উনি দার্জিলিংয়ের কথা যেটা বললেন আমি বলব ডেফিনিটলি দার্জিলিংয়ের উন্নতি করা হচ্ছে। ফরেন এইড আনা হয় নি বললেন। কিন্তু এটা ঠিক নয়। পুরুলিয়াতে লুথান ওয়ার্লড সার্ভিস বলে একটি সংস্থা ৭১টি আদিবাসী গ্রামকে উন্নত করেছেন। এটা হয়েছে অযোধ্যা পাহাড় বলে একটি পাহাড় আছে সেখানে। সেখানে যোগাযোগ ব্যবস্থা হয়েছে জলের ব্যবস্থা করা হয়েছে। আমাদের সরকার তাঁদের অচ্ছ্যুত বলে মনে করেনি। আবার বিরভূমেও ঐ লুথান ওয়ার্ল্ড সার্ভিস ইরিগেসনের জন্য ৪৮ লক্ষ টাকার প্ল্যান অ্যাকসেপ্ট করে নিয়েছে। সত্যিই আমাদের সীমিত ক্ষমতা—অবশ্য ওঁরা সীমিত ক্ষমতা সীমিত ক্ষমতা বলে আমাদের সমালোচনা করেন। কিন্তু এখানকার টাকা ওঁরা কেন্দ্রে নিয়ে চলে যান তাহলে কি করে আমরা এই টাকা দিয়ে কাজ করব? আমরা যখন এলাম তখন দেখলাম ওঁরা ২০ জন। তাঁরপর হলেন একদিকে ১০ জন আর একদিকে ১০ জন। তারপর জনতা পার্টির ঝগড়া-ঝাঁটি দেখে ৭।৮ জন প্রধান মন্ত্রীর দলে গিয়ে নাম লিখিয়ে দিলেন। আমাদের আবার তাঁরা গালাগালি দেন। আমরা জানি তাঁদের চক্র আছে, তাঁরা গিয়ে দিল্লিতে বলবে। ভোলাবাবুর যাত্রা করা অভ্যাস। তিনি বড় লোকের ছেলে—জমিদারের ছেলে ব্যারিস্টার হয়েছেন। কি করে ব্যারিস্টার হলেন তা আমাদের জানা আছে। ঐ লন্ডনে গিয়ে খানিকটা মদ আর খানিকটা এদিক ওদিক করলেই ব্যারিস্টার হওয়া যায়। এরকম ব্যারিস্টার আমরাও হতে পারি। তিনি এখানে যাত্রা করেন ল অ্যান্ড অর্ডারের কথা বলেন অনেক কথাই বলেন। সুব্রতকে নাচিয়ে ঐ যে মসনদে বসে আছেন মিসেস গান্ধী তিনি প্রস্তুত হয়ে আছেন উৎখাত করার জন্য, তাঁর কাছে পাঠানো যায়। আমরাও কিন্তু প্রস্তুত হয়ে আছি। আপনারা যদি

১০০০ ছেলে পাঠান আমরা ১০ লক্ষ ছেলে পাঠাতে পারি। সুনীতি চট্টরাজকে আমি স্নেহ করি ছোট ভাইয়ের মতো। আমি তাঁর পিছনে কিছু বলিনি এবং বলা উচিতও নয়। তাঁর যাত্রা দেখতে মন্দ লাগে না। আমাদের অ্যাসেম্বলিতে ক্লাউন থাকে—তিনি সেই ক্লাউনের ভূমিকায় অভিনয় করেন। আবার তিনি বই লিখেছেন। তাঁর পিছনে বলা অন্যায় ছোট ভাইয়ের মতো মনে করি। ওঁরা জানেন যে এই সব কথা শুনতে হবে তাই ওঁরা চলে যান। ওঁরা দেখছেন সুব্রতবাবুকে যদি এইভাবে উসকানি দেওয়া যায় তাহলে তাঁদের আসল উদ্দেশ্য ঠিক সফল হবে এবং সেইভাবে তাকে উসকানি দিয়ে চালাবার চেষ্টা করা হচ্ছে। কিন্তু এই জিনিস করলে সাপ্লিমেন্টারি বাজেটে পুলিশের জন্য আরও অনেক বেশি টাকা রাখতে হবে। পুলিশ খাতে ৬৭ কোটি টাকায় হবে না। কারণ ওদের খাওয়াতে হবে তাহলে অ্যানাদার ৬৭ কোটি টাকা এর জন্য রাখতে হবে। মাননীয় অর্থ মন্ত্রীকে এই কথা বলব যে আসামের ব্যাপারে, আসামের ছাত্র আন্দোলনের ব্যাপারে পুলিশ খাতে আরও টাকা রাখুন। কারণ তাঁদের খাওয়াতে হবে। তাদের অবশ্য আরও অনেক কিছু খাওয়াতে হবে কিন্তু সেটা আমরা পারবো না। কাজেই এই বাজেটে আরও কিছু বেশি রাখুন। এই অনুরোধ করে এবং এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুমন্তকুমার হীরা ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বিভিন্ন দপ্তরের যে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন, সেই দাবিকে আমি সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন যে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার গঠিত হবার পর গোটা পশ্চিমবাংলার অর্থনীতি, শিল্প নীতি এবং অন্যান্য উন্নয়নমূলক কর্মসূচি যা কিছু গ্রহণ করেছে সব কিছু মিলে এক কথায় বলা যায় যে পশ্চিমবাংলার অগ্রগতিকে সেই নীতিতে সুনিশ্চিত করেছে, এবং এগিয়ে নিয়ে গেছে। আজ আমাদের মাননীয় অর্থ মন্ত্রী এবং অন্যান্য মন্ত্রী মহাশয়রা যে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের দাবি করেছেন, সেই দাবিকে সমর্থন করতে গিয়ে বিন্দুমাত্র দ্বিধা হওয়ার কথা নয়। কিন্তু তা সত্ত্বেও আমরা দেখছি আমাদের বিরোধী পক্ষের নেতা, জয়নাল সাহেব এবং জনতা পার্টির মাননীয় সদস্য রাসবিহারীবাবু বললেন যে এত ব্যয়-বরাদ্দ যাদের দেওয়া হবে তাঁদের কৃতকর্মের ক্ষেত্রে এমন কোনও প্রতিফলন দেখতে পাচ্ছেন না, যার জন্য এই অর্থের দাবিকে সমর্থন করা যায় এবং বিশেষ করে জয়নাল সাহেব সমালোচনা করে এই ব্যয় মঞ্জুর করতে অস্বীকার করেছেন। আমি জয়নাল সাহেবকে জিজ্ঞাসা করতে চাই যে আপনি এই ব্যয়-বরাদ্দের পুস্তিকা পড়েছেন কি না? যে খাতে ব্যয় হয়েছে সেই খাতগুলি যদি দেখেন, তাহলে দেখবেন যে পশ্চিমবাংলার স্বার্থে, পশ্চিমবাংলার অগ্রগতির জন্য এই অতিরিক্ত ব্যয় করা হয়েছিল। এই অতিরিক্ত ব্যয়-বরাদ্দ দিয়ে অন্য কোনও উদ্দেশ্য সিদ্ধ করা হয়নি। এটা সামগ্রিকভাবে পশ্চিমবাংলার স্বার্থেই ব্যয় হয়েছে। আমি তাকে এই ব্যয়-বরাদ্দের ৫ নম্বর ধারা লক্ষ্য করতে বলব। সেখানে নির্বাচনের জন্য অতিরিক্ত ব্যয় করতে হয়েছে। আপনি জানেন যে, এই নির্বাচন হবার কথা ছিল না। এই নির্বাচন করতে গিয়ে কোটি কোটি টাকা খরচ করতে হয়েছে এবং তার ফলে অতিরিক্ত ব্যয় না করে কি কোনও উপায় ছিল? জয়নাল সাহেবের উত্তর দেবার সুযোগ নেই। কিন্তু এই ব্যয় না করে কোনও উপায় ছিল না। পশ্চিমবঙ্গ সরকারকে বাধ্য করা হয়েছে এই অতিরিক্ত ব্যয় করতে এবং এই টাকা মঞ্জুর

[6-00—6-10 p.m.]

করতে এই বিধানসভার কোনও মাননীয় সদস্যের আপত্তি থাকতে পারে না। মাননীয় বিরোধী দলের সদস্যদের আরও দু-একটি খাতের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। তাঁরা কি এটা দেখেছেন, ডিমান্ড নং ৪৬ এবং ডিমান্ড নং ৪৭ দেখেছেন? এই দাবিগুলো দেখুন। প্রতিটি দাবিতে এমন সব বিষয়ে মঞ্জুরি চাওয়া হয়েছে যে দাবিগুলি পশ্চিমবঙ্গের জরুরি প্রাকৃতিক বিপর্যয়কে মোকাবিলা করার জন্য চাওয়া হয়েছে। আপনারা জানেন ১৯৭৯ সালে খরা হয়েছে, পশ্চিমবঙ্গের একটা বৃহৎ অংশে কোনও বৃষ্টি হয়নি। অনাবৃষ্টির দরুন ফসল নষ্ট হয়েছে। সাধারণ মানুষের মধ্যে একটা দুর্ভিক্ষের করাল ছায়া নেমে এসেছিল। সেই পরিস্থিতির মোকাবিলা করার জন্য পশ্চিমবঙ্গ সরকারকে অতিরিক্ত ব্যয় করতে হয়। তা নিয়ে কি প্রশ্ন তোলা যায়? প্রশ্ন তোলা কি উচিত? আমরা দেখলাম এই বিধানসভার বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা তা নিয়ে প্রশ্ন তুলেছেন, ড্রাউটে কেন ব্যয় করা হল? ড্রাউটে ব্যয় করা হবে না, আর গ্রামের গরিব মানুষ, ড্রাউটে বিপর্যস্ত গ্রামের মানুষ, যারা অনাহারে ভুগছে, রাস্তায় ভিক্ষুকের মিছিল বার করবে, এটাই তাঁরা চেয়েছিলেন। কিন্তু দুঃখের বিষয় পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সেই দুস্থ মানুষের পাশে দাঁড়িয়ে তাঁদের সীমিত ক্ষমতা, সঙ্গতি নিয়ে সেই মানুষকে সাহায্য করেছেন। ভিক্ষুকের মিছিল বার করতে হয়নি, ভিক্ষার জন্য শহরে আসতে হয়নি, তাঁরা গ্রামেই থেকেছে। নিজেদের বাড়িতে থেকেছে। আবার নতুন করে কৃষি উৎপাদন, শিল্প উৎপাদন, অন্য সমস্ত উৎপাদন করতে তাঁরা নিয়োজিত হয়েছে। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার আছে বলেই এটা সম্ভব হয়েছে। ভারতবর্ষ ৩০ বছর স্বাধীন হয়েছে, ইতিপূর্বে কোনও সরকার কখনও এই সব প্রাকৃতিক বিপর্যয় এইভাবে মোকাবিলা করেছে? আমাদের জানা নেই। আমরা তো দেখেছি, কংগ্রেসের রাজত্বে বারবার এই ঘটনা ঘটেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি, পশ্চিমবঙ্গের সুন্দরবন অঞ্চলের একটা সাবডিভিসনে বা একটা থানায় যখন দুর্ভিক্ষ হয়েছে, যখন সেখানে ফসল হয়নি, তখন লক্ষ লক্ষ কৃষক তাঁদের ঘর ছেড়ে এই কলকাতার রাস্তায় মিছিল করেছে ভিক্ষার ঝুলি নিয়ে, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার কায়েম হবার পর—গরিব মানুষের সরকার থাকার জন্য অতিরিক্ত ব্যয় বরাদ্দ মঞ্জুর করে ব্যয় করে তাঁরা ঐ সব মানুষের পাশে এসে দাঁড়িয়েছে। ১৯৭৮ সালের বন্যার সময়, ১৯৭৯ সালের খরার সময়, তাই কোনও মানুষকে গ্রাম ছেড়ে শহরে ভিক্ষা করতে আসতে হয়নি, জয়নাল সাহেবের এটা দেখা উচিত ছিল। এই অতিরিক্ত ব্যয়কে তাঁর এই কারণে সমর্থন করা উচিত ছিল। আমি আরও দেখেছি, ১৯৮০-৮১ সালে ব্যয় মঞ্জুরির সময় জয়নাল সাহেব যুব কল্যাণের ব্যয়বরাদ্দের বিরোধিতা করেছিলেন। আজও দেখলাম এই খাতে যে অতিরিক্ত ব্যয়ের যে দাবি সেই ব্যয়ের দাবিকে তিনি বিরোধিতা করলেন। সম্ভবত তিনি যুব বিরোধী, তা নাইলে তিনি এই কাজ করতেন না। এছাড়া আমরা দেখেছি যে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারকে অতিরিক্ত ব্যয় করতে হচ্ছে—১৯৭৪ সালে জয়নাল সাহেবরা কেন্দ্র থেকে যে লোন নিয়েছিলেন সেই খাতে। সেই টাকার পাপের বোঝা পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারকে বহন করতে হচ্ছে এবং তাঁর পরিমাণও কম নয়। আপনারা জানেন সেই ডিমান্ড নং ৬০, যেখানে কেন্দ্র থেকে গৃহীত ঋণের জন্য ইন্টারেস্ট দিতে হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারকে। যে ঋণ করেছিলেন জয়নাল সাহেবরা ১৯৭৪ সালে, সেই টাকা নিয়ে তাঁরা কি করলেন কেউ জানেন না।

সেই টাকা কোথায় তাঁরা ব্যয় করলেন সেটা কেউ জানেনা অথচ সেই টাকার সু আজও পর্যন্ত বামফ্রন্ট সরকার দিয়ে যাচ্ছেন কেন্দ্রীয় সরকারকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ অতিরিক্ত ব্যয় বরাদ্দের মধ্যে আছে কৃষক এবং চাষীদের মধ্যে বীজ বন্টন করবার অতিরিক্ত ব্যয় এবং সার বন্টন করবার জন্য অতিরিক্ত ব্যয়। ডিমান্ড নং ৫২তে সরকার কৃষকদে লোন দিয়েছেন যাতে তাঁরা অতিরিক্ত খাদ্যোৎপাদন করতে পারে এবং ভারতবর্ষের খাদ ভান্ডার সমৃদ্ধ করতে পারে। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার জনকল্যাণমুখী কার্যসূচি গ্রহণ করেছে বলে আজকে পশ্চিমবাংলা বলতে গেলে প্রায় খাদ্যে সারপ্লাস হতে চলেছে। আমর দেখছি পশ্চিমবাংলায় ১ কোটি টনের কাছাকাছি খাদ্য উৎপাদন হয়েছে যেটা এর পূর্বে কখনও হয়নি। বামফ্রন্ট সরকারের নীতির ফলেই এই উৎপাদন সম্ভব হয়েছে। সারা ভারতবর্ষে যেখানে উৎপাদিত হয় ১২ কোটি টন সেখানে আমাদের পশ্চিমবাংলাতে ১ কোটি টন উৎপাদিত হতে চলেছে। আপনারা জানেন বোধহয় সোভিয়েট রাশিয়া সাড়ে তেইশকোটি টন খাদ্য উৎপাদন করে। আমাদের বামফ্রন্ট সরকারের আমলে পশ্চিমবাংলার কৃষি যেভাবে অগ্রগতি লাভ করেছে তাতে আমরা আশা করি আগামী দিনে ভারতবর্ষের শস্য ভান্ডার আমরা আরও সমৃদ্ধ করতে পারব। তারপর দেখছি ডিমান্ড নং ৬২তে অতিরিক্ত ব্যয় ধরা হয়েছে শিল্পের অগ্রগতির জন্য। পশ্চিমবাংলায় শিল্পের অগ্রগতি প্রয়োজন সেইজন্য যারা ছোট ছোট ব্যবসা করতে চান তাঁদের সরকার লোন দিয়েছেন। এবং তাঁর জন্য সরকারকে অতিরিক্ত ব্যয় করতে হয়েছে। আমি আশাকরি এই অতিরিক্ত ব্যয়ের মঞ্জুরি দিতে বিধানসভার সদস্যরা আপত্তি করবেন না। ডিমান্ড নং ৭৪-এ দেখছি এই সরকার একটা অতিরিক্ত বরাদ্দ করেছেন কর্পোরেশন এবং সি এম ডি এ-কে। অকট্রয় থেকে যে আয় হয় তাঁর একটা অংশ কর্পোরেশনের বিভিন্ন খাতে, যেমন তাঁর কনজারভেন্সী, তাঁর মেন্টেনেন্স—হয় এবং সি.এম.ডি. এ-র পরিকল্পনার জন্য দেওয়া হয়। বিরোধীপক্ষ চান কলকাতা কর্পোরেশন যেন টাকার অভাবে কাজ করতে না পারে এবং জনসাধারণ দুর্ভোগ্যের মধ্যে গিয়ে পড়ে। কিন্তু আমাদের সরকার সেটা চাননা বলেই এই অতিরিক্ত ব্যয় করতে হয়েছে এবং আমি আশাকরি বিধানসভার সদস্যরা এই টাকা মঞ্জুর করবেন। ডিমান্ড নং ৮৪তে রয়েছে সরকারি কর্মচারিদের বাড়িঘর তৈরির জন্য লোন, তাঁদের ছেলেমেয়েদের বিয়ের ব্যাপারে লোন দেওয়া হয়েছে এবং কর্মচারিদের ফেস্টিভাল অ্যাডভান্স দেওয়া হয়েছে। আমি মনে করি এই ব্যয় অনাবশ্যক নয়। তবে এই প্রসঙ্গে আমি সীমাবদ্ধতার কথা না বলে পারছি না। আপনারা জানেন, আমাদের দেশে যুক্তরাষ্ট্রীয় কাঠামো

[6-10—6-20 p.m.]

আর্থিক ক্ষেত্রে সম্পূর্ণভাবে অনুপস্থিত হয়েছে, সত্যিকারের যুক্তরাষ্ট্রীয় কাঠামো এখনও গড়ে ওঠেনি এবং করার চেষ্টাও হয়নি। যেটা করা হয়েছে সেটা প্রহসনে পরিণত করা হয়েছে, ফিনান্স ডি-সেন্ট্রালাইজেসন বলে কিছু নেই। ফিনান্স কমিশন করা হয় ৫ বছর অন্তর অন্তর, সেই ফিনান্স কমিশনের দয়ায় রাজ্য সরকারগুলিকে চলতে হয়। তাঁদের সুপারিশ মতো টাকা বরাদ্দ হবে, তার বাইরে যাবার উপায় নেই। ফার্স্ট ফিনান্স কমিশন হয়েছিল ১৯৫২ সালে। তাঁরা সুপারিশ করেছিলেন ৫০ থেকে ৫৫ ভাগের বেশি ডিভিসিবিল পুলে যাবে না, রাজ্য সরকারগুলির হাতে যাবে না। জনতা সরকারের আমলে সপ্তম ফিনান্স কমিশন হয়েছিল কিন্তু

তাঁরাও এই রেকর্ড ভাঙ্গতে পারেনি। গত ৩০ বছর ধরে এর কোনও উন্নতি হয়নি। রাজ্যগুলির প্রয়োজনীয় চাহিদা অনেক বেড়েছে—এটা বাস্তবক্ষেত্রে প্রমাণিত হয়েছে। জনসাধারণের সার্বিক কল্যাণের জন্য সমস্ত দায়-দায়িত্ব রাজ্য সরকারগুলির হাতে দেন কিন্তু তারজন্য আর্থিক সঙ্গতির প্রয়োজন। কিন্তু আর্থিক ক্ষেত্রে কেন্দ্র কুক্ষিগত করে কেন। রাজ্যগুলিকে ভাগ দেওয়া হয় না। আপনারা দেখেছেন, কেন্দ্র প্রতি বছর ২০ হাজার কোটি টাকা একসাইজ ডিউটি, ইনকাম-ট্যাক্স ডিউটি থেকে রাজস্ব আয় করেন আর মাত্র ২৬ ভাগ টাকা রাজ্য সরকারগুলিকে দেয়। এই ২৬ ভাগ টাকা নিয়ে ভারতবর্ষের বিভিন্ন রাজ্য সরকারগুলি এবং কেন্দ্র শাসিত অঞ্চলগুলি কিভাবে নিজ নিজ রাজ্যের উন্নয়ন এবং সত্যিকারের প্রগতি করতে পারে? এটা বলতে পারেন স্যার, বলতে পারেন না। কেন্দ্রীয় সরকার এটা চায়না। তাঁরা চায় রাজ্যগুলিকে গরিব করে রাখতে, বিভিন্ন রাজ্যের উদ্যোগগুলি ব্যহত করতে চায়। আমরা দেখেছি, আমাদের বিরোধী পক্ষের কংগ্রেসিরা যারা আগে সরকারে ছিলেন তাঁদের আমলে পশ্চিমবাংলার অগ্রগতি কিভাবে ব্যাহত হয়েছে। আপনারা জানেন, আমাদের দেশে এগ্রিকালচারাল রিফাইনান্স কর্পোরেশন আছে। তাঁরা বিভিন্ন রাজ্যগুলিকে কৃষির উন্নতির জন্য টাকা বরাদ্দ করে। আমরা দেখেছি, ১৯৭২ সালে পশ্চিমবঙ্গে যারা সরকারে ছিলেন সেই সরকার মাত্র ১১টি স্কীম করেছিলেন। এই স্কীমের জন্য এগ্রিকালচারাল রিফাইনান্স কর্পোরেশন মাত্র ৮২ লক্ষ টাকার কমিটমেন্ট করেছিলেন আর এনেছিলেন মাত্র ১৮ লক্ষ টাকা। আমাদের বিরোধী দলের একজন মাননীয় সদস্য বললেন, বামফ্রন্ট সরকারের উদ্যোগ কোথায়? তাঁদের আমলে আমরা কি উদ্যোগ দেখেছি? ১১টি স্কীমের জন্য ৮২ লক্ষ টাকা কমিটমেন্ট ছিল আর আনা হল ১৮ লক্ষ টাকা—এটা কি উদ্যোগের নমুনা? পাঞ্জাব নিয়েছে ৩৭টি স্কীম আর কমিটমেন্ট ছিল ৩৯ কোটি ১৮ লক্ষ টাকা আর পাঞ্জাব এনেছিল ২৩ কোটি ৫ লক্ষ টাকা। অন্ধ্রের স্কীম ছিল ১০৯ আর কমিটমেন্ট ছিল ৩৬ কোটি ৫৮ লক্ষ টাকা আর অন্ধ্র নিয়েছিল ২০ কোটি ৮৬ লক্ষ টাকা। আর আমাদের এখানে বিগত সরকারের ছিল ১১টি স্কীম আর নিয়ে এলেন ১৮ লক্ষ টাকা। তাঁরাই আজকে বলছে বামফ্রন্ট সরকারের আমলে উদ্যোগ দেখতে পাচ্ছি না। এই উদ্যোগ তো আপনারা দেখিয়েছিলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এইটুকু বলতে চাই, বিগত ৩০ বছর ধরে যে নীতি কেন্দ্র অনুসরণ করে এসেছেন আজও ঠিক সেই নীতি চালাচ্ছেন। আপনি জানেন, স্যার, ভারতবর্ষের জনসংখ্যা যেভাবে বাড়ছে পার ক্যাপিটা ইনকাম কখনও জনসংখ্যার সঙ্গে কোপ করে উঠতে পারছে না, এঁটে উঠতে পারছে না।

আমি একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। সেটা হল একজন এক্সপার্ট, আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন এক্সপার্ট ভ্যাসিলিয়ন টিয়েফ ভারতবর্ষে এসেছিলেন। তিনি এসে ভারতবর্ষের সমস্ত পার ক্যাপিটা ইনকাম পর্যালোচনা করে বলেছিলেন এই ব্যবস্থা পালটাবার একটা ছাড়া আর দ্বিতীয় কোনও রাস্তা নেই, একটা রাস্তাই আছে সেটা হল সোসিও ইকনমিক ব্যবস্থাকে—রাজনৈতিক ব্যবস্থাকে পাল্টাতে হবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আশা করব আমাদের মাননীয় অর্থমন্ত্রী এবং তাঁর সহযোগী মন্ত্রী মহাশয়রা যে অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবি তুলেছেন, যে মঞ্জুরির দাবি করেছেন এই বিধানসভা সেই মঞ্জুরিকে সমর্থন করবেন এবং ব্যক্তিগতভাবে আমি এই মঞ্জুরিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

of India. A few of the processionists came out of the middle and to a turn towards Colonelgola all on a sudden for the rescue of those tw persons. The Police Officers and men who were with the processio intercepted them near the statue of Matangini Hazra at Mir Bazar.

[1-50 — 2-00 p.m.]

The members and supporters of Students' Federation of India wh wre waiting at Mirbazar apprehended an attack on them. The polic party took up position in between the two groups and attempted to pus out both the groups from Mirbazar. There was an exchange of bric bats betwen the supporters of the Chhatra Parishad and the Student Federation of India. As a result, two police constables, three supporte of Chhatra Parishad and two supporters of Students' Federation of Indi sustained minor injuries. Intensive police patrols were introduced in th town and police pickets were posted at strategic places to prevent an further clash between the supporters of two rival unions. No furthe incident took place and the situation is peaceful now. I would like t state that actually it was a remour that two of the boys of the Chhatr Parishad were taken away. But it was not true as it was found late on. Tho rumour of kidnapping was proved to be incorrect. Over th above-mentioned incident Kotwali PS Case No.32, dated 21.3.80 wa started. The case is still under investigation. None has been arrested s far.

ডাঃ জয়নাল আবেদিন ঃ স্যার, চীফ মিনিস্টার শুধুমাত্র ছাত্র পরিষদের কথা বললে সেটা আই না আমাদের সেটা কিছু বললেন না কারণ আমাদেরও সেখানে আছে।

শ্রী জ্যোতি বসু ঃ এটা তো আপনার জানার কথা, ওখানে তো আপনাদের কিছু নাই ওখানে ছাত্র পরিষদ আই-ই আছে।

LEGISLATION

The West Bengal Appropriation Bill, 1980

Dr. Ashok Mitra : Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 1980.

(Secretary then read the title of the Bill).

Dr. Ashok Mitra : Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1980, be taken into consideration.

The West Bengal Appropriation (No.2) Bill, 1980

Dr. Ashok Mitra : Sir, I beg to introduce the West Bengal Appropriation (No.2) Bill, 1980.

(Secretary then read the title of the Bill).

Dr. Ashok Mitra : Sir, I beg to move that the West Bengal Appropriation (No.2) Bill, 1980, be taken into consideration.

অধ্যক্ষ মহাশয়, আমার খুব সামান্য বক্তব্য আমি এই মুহূর্তে রাখব। কারণ গত এক মাস ধরে আমরা আলোচনা করেছি বাজেটের বিভিন্ন দিক নিয়ে এবং আজকে আমরা চূড়ান্ত পর্যায়ে এই আলোচনায় পৌছেছি এবং এই প্রসঙ্গে গত এক মাস ধরে আমাদের পশ্চিমবাংলার অর্থ সম্বন্ধে এবং কেন্দ্র রাজ্যের আর্থিক সম্পর্কেও আমাদের নূতন নূতন অভিজ্ঞতা হয়েছে, এই সম্পর্কে আমি যখন বিতর্কের জবাব দিতে উঠব তখনি বলব। এখন মাননীয় সদস্যরা যা বলবেন সেটা আমি সম্মানের সঙ্গে শুনব এবং আমি বিশেষ করে আনন্দিত যে আজকে কাশীবাবু উপস্থিত আছেন এবং আজকে এই সেসনে তিনি প্রথম বলবেন। কাজেই আমি আপাতত ওঁর বক্তৃতাটাই শুনব।

শ্রী কাশীকান্ত মৈত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে দুটি বিল হাউসের কাছে রাখলেন সেই সম্বন্ধে আমার বক্তব্য বিস্তারিতভাবে বলবার চেষ্টা করব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুঃখিত যে গত একমাস যাবৎ এই বিধানসভায় গুরুত্বপূর্ণ অধিবেশনের বিভিন্ন মন্ত্রীদের এবং মাননীয় সদস্যদের বক্তৃতা শুনবার সুযোগ আমার হয়নি এবং আমি আমার নিজের বক্তব্যও রাখতে পারিনি শারীরিক অসুস্থতার জন্য। আজকে এই বিতর্কে অংশ নিয়ে প্রথমে বলতে চাই, আমি বারবার বলেছি যে আমাদের অর্থমন্ত্রী তিনি একজন বিখ্যাত অর্থনীতিবিদ এবং আমার নিজের ধারণা হয়েছে যে অর্থমন্ত্রী হিসাবে যদি তিনি পশ্চিমবাংলার সামগ্রিক অবস্থা বিবেচনা করে তাঁর বাজেট রাখতেন তাহলে বোধহয় আর এক রকমের চরিত্র আমরা পেতাম, আর এক রকমের পথের সন্ধান মানুষ পেতেন। কিন্তু আমার মনে হয়েছে অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট রাখতেন, তার যে বক্তব্য রয়েছে, তার মধ্যে তাঁর পলিটিক্যাল ওভারটোন রয়ে গিয়েছে। সেই পলিটিক্যাল ওভারটোন ইন মাই respectful submission to you, Mr. Speaker, Sir, and with great respect to the esteemed Finance Minister, Dr. Mitra's political overtone in the entire budget far overshadows the economic content of the budget. এই বাজেটে অনেক ভাল ভাল দিক আছে। আমি প্রথমেই বলি অর্থমন্ত্রী মহাশয় তিনি—কয়েকবার আমি দেখেছি, কিছু কিছু নূতন আইডিয়া দেশের কাছে রাখছেন কিন্তু আমার দুঃখ, আমার ক্ষোভ, যে এই সরকার এবং অর্থমন্ত্রী মহাশয় এটা পারসু করছেন না। তিনি বলেন বেলুনকে একবার উড়িয়া দিচ্ছেন কিন্তু মাঝ পথে ফুটো হয়ে লুটিয়ে পড়ছে। আর একটা কথা, খুব

গুরুত্বপূর্ণ কথা, অর্থমন্ত্রী মহাশয় আগের বাজেটেও বলে ছিলেন এবং আমিও এই বিধানসভা তুলেছিলাম সেই কথাটা, সেটা হচ্ছে তিনি প্রথমেই একটা কথা বলেছিলেন সেটা আমার খু ভাল লেগেছিল যে সামগ্রিক কেন্দ্রীয় বাজেটের মধ্যে ৩ হাজার কোটি টাকা ডিফেন্স বাজে খরচ হচ্ছে, কিন্তু এই ৩ হাজার টাকার যে ব্যয়বরাদ্দ হচ্ছে তার একটা মোটা অংশ ব একটা ভাল রকমের অংশ পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে পড়েনা এটা ঠিক। পশ্চিমবাংলায় এটা নিয়ে আমরা কি করব তা কেউ ভাবিনি। তুললেই অনেকে মনে করেন যে আমি বাঙালি বাঙালি করছি এটা ঠিক নয়। আমি প্রাদেশিকতার বিরুদ্ধে, আমি সব সময়ে মনে করি যে আমরা ভারতবাসী, অবিভাজ্য ভারতীয় জাতীয়তাবোধের সূত্রে আমরা গ্রথিত এবং সেই ঐক্য আমাদের সব সময় যাতে রক্ষিত হয় তার চেষ্টা করতে হবে, কিন্তু এটাও ঠিক যে ভারতবর্ষের চিত্রটা কি। আজকে পাঞ্জাবে যান, হরিয়ানাতে যান প্রত্যেক ঘরের একটা করে ছেলে আর্মিতে, আর্মিতে চাকরি করে ভাল বেতন পায়, বাড়িতে রেমিটেন্স করছে টাকা জমছে সেখানে। আর আমাদের এদিকে বিহার, উড়িষ্যা, আসাম, সেখানে তারা অন্তর্ঘাতী মারামারি করেই শেষ হয়ে যাবে কারণ তারা একথা বুঝছে না, আমরা আজ পর্যন্ত একবারও বলতে পারলাম না যে পশ্চিমবাংলা থেকে একটা চেষ্টা হোক সেনা বিভাগেতে ইস্টার্ন ইন্ডিয়া থেকে অন্তত বাঙালিদের একটা ভাল অংশ যাক। এটা যদি যেতো তাহলে আমি মনে করি পশ্চিমবাংলার অর্থনীতিতে এটার একটা ইমপ্যাক্ট পড়ত। আমরা তা করিনি আমরা শিল্পের দিকে তাকিয়েছি। আমি অর্থমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি এবং সমস্ত সরকার পক্ষের মাননীয় সদস্যদের বলছি তাঁরা বুকে হাত দিয়ে বলুন যে পশ্চিমবাংলার চেহারাটা কি। এখানে ভয়াবহ সঙ্কটের দরুন বিপর্যয়ের মুখে আমরা এটা আলোচনা করছি। আমার বিশিষ্ট মাননীয় বন্ধু শ্রী ভোলা সেন ৩৬৫ ধারার একটা হুমকী সেদিন দিয়ে গিয়েছেন, মাননীয় কংগ্রেস (আই) সদস্যরা বারবার বলছেন যে আর দু'মাস, আর তিন মাস, আমি জানি না এই বাজেট বক্তৃতা আমাদের শেষ বক্তৃতা কিনা, আমি জানি না এই বাজেট শেষ বাজেট অধিবেশন কিনা এবং বিধানসভার সদস্য হিসাবে আমাদের আয়ুষ্কাল এখানেই শেষ কিনা। কি হবে আমি জানি না, এই রকম কথা শুনে আমাদের আশঙ্কা হচ্ছে।

[2-00 – 2-10 p.m.]

আমরা গণতান্ত্রিক পদ্ধতির অলংঘনীয়তাতে বিশ্বাস করি। যদি এই রকম অঘটন ঘটে তাহলে সেটা হবে দুর্ভাগ্যজনক। গণতান্ত্রিক ইতিহাসকে অন্যদিকে ঘুরিয়ে দেওয়ার চেষ্টা হবে। সেটা যাতে না হয়, সেটাই আমরা আশা করব। কিন্তু আমার জিজ্ঞাসা, পশ্চিমবাংলার চেহারাটা কি। কয়লা, ২১৬টি কয়লাখনি ৫শো বর্গমিটার জমি নিয়ে যে কয়লা সম্পদ সেখানে কি হচ্ছে? আমরা দেখছি, সেখানে—দালালেরা, মস্তানেরা, ইউনিয়ন এবং পুলিশ—সবাই মিলে চক্রান্ত করে চলেছে, ষড়যন্ত্র করে চলেছে গৃহস্থের বিরুদ্ধে। কয়লার দাম বেড়ে গিয়েছে। জাতীয়করণ হয়েছে, কিন্তু পশ্চিমবাংলার সম্পদ পশ্চিমবাংলার হাতে আসছে না। আমরা শুধু রয়েলটি পেলেই যেন আমাদের কাজ শেষ হয়ে যাচ্ছে। কিন্তু শুধু রয়ালটি পেলেই

আমাদের হবে না। এই এতবড় সম্পদ বাজারে যদি আসত, দাম বাড়ত না, কম দামে গৃহস্থ পেত। আমরা জানি, সেই কয়লা নিয়ে প্রত্যেক স্তরে মস্তানদের অত্যাচার, দালালদের অত্যাচার, পুলিশের সক্রিয় সহযোগিতায় এইটা হয়ে যাচ্ছে। রানীগঞ্জ-আসানসোলের অবস্থাটা কি? জামুরিয়া থানায় কি হচ্ছে? আপনি দেখুন, অর্থমন্ত্রীকে বলছি, মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করুন, কয়েক ফুট মাটি খুঁড়লে উচ্চমানের কয়লা পাওয়া যায়, যা ভারতবর্ষে কোথাও পাওয়া যায় না। আর অবৈধভাবে অগণিত মানুষ সেই মাটি খুঁড়ে কয়লা, বস্তার পর বস্তা, টনের পর টন নিয়ে চলে যাচ্ছে, এক পয়সাও রাজ্য সরকার পান না। এই কি পশ্চিমবঙ্গের চেহারা নয়? পাট—আপনি আপনার রিপোর্টে বলেছেন, জুট ইন্ডাস্ট্রি সম্বন্ধে। আপনি নিজে স্বীকার করেছেন, আপনি বলেছেন, Economic Review—The more significant explanation of the stagnation is therefore to be sought elsewhere—in the structure of ownership and control in the industry itself. It has been documented in several reports of the Committee on Public undertakings of the Indian Parliament that the production of Jute goods is dominated by a few big houses and that, given this structure, it is possible for the jute industrialists, by restricting the production of jute goods, to depress the raw jute price and increase the prices of jute goods at the same time, and thereby increase potentialities of profit. তিনি বলেছেন ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন জুটের ক্ষেত্রে সম্পূর্ণ স্ট্যাগনেশন হয়েছে। কোনও উন্নতি হচ্ছে না। দোষ কি এবং কাদের তাও বলছেন। কিন্তু প্রতিকার কি করছেন? আমি বলছি, আপনারা যদি সত্যিকরে ইন্ডাস্ট্রিয়াল ব্যারনসদের শায়েস্তা করতে চান যারা ইন্সটিটুউশনাল ফাইন্যান্স শত শত কোটি টাকা টেনে নিয়ে যাচ্ছে, পশ্চিমবাংলাকে তারা তাদের অবাধ মৃগয়া ক্ষেত্র করেছে, লুঠ করে টাকা নিয়ে অন্য রাজ্যে ইন্ডাস্ট্রি করছে, উইথ অল রেসপনসিবিলিটিস আই সে দিস বিফোর দিস হাউস আমরা সমর্থন করব। একই জিনিস হচ্ছে, চায়ের ক্ষেত্রেও। চায়ের ক্ষেত্রেও আপনি বলেছেন, কোনও ইনভেস্টমেন্ট সিগনিফিকেন্ট হচ্ছে না। সিদ্ধার্থবাবু এই কথা বলতেন, আজকে আপনিও এই কথা বলছেন। তাহলে আমাদের পশ্চিমবাংলার বৈদেশিক মুদ্রা উপার্জনের এই যে বড় সম্পদ—জুট এবং টি—এগুলো একেবারে অচল অবস্থায় পড়ে, কোনও ইনভেস্টমেন্ট হচ্ছে না। কোথায় পশ্চিমবাংলার ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ? ইন্ডাস্ট্রিয়ালিস্টদের যেন কিছু করণীয় নেই। I am not going to make distinction between Tatas and Birlas, I can say that at least Tatas have taken interest in the investment of fundamental research. Has the Birla done so. তাদের কোনও রিসার্চ সেন্টার নেই। তারা এখানে ব্যবসা করেন, এখান থেকে টাকা করেন। এখানে শুধু মন্দির করে দিয়ে যান। কিন্তু তারা কি রিসার্চ সেন্টার করেছে? এখানে jute research, tea research, engineering industry research, small engineering research. হবে? না। আপনারা তো প্রতিকারের পথ দেখাচ্ছেন না। প্রতিকার হবে। আমি জানি এই কথা এই দেওয়ালে সীমাবদ্ধ থাকবে। আমি জানি বাংলার কোনও কাগজে একথা আসবে না। কারণ

জানি, ভেসটেড ইন্টারেস্টেডের গায়ে একথা বললে লাগবে। গ্রামে গ্রামে আজকে চটের থে
করার জন্য অম্বর চরকা দিয়ে গ্রামে কুটীরশিল্প করুন, পশ্চিমবাংলার তাঁতশিল্পকে বাঁচান
আজকে আমরা দেখছি যে পাট থেকে কোটি কোটি টাকা বৈদেশিক মুদ্রা অর্জন হচ্ছে ; সে
পাটের আঁশ চাষীর গলায় ফাঁস হয়ে দেখা দিচ্ছে। কিন্তু বাংলার গ্রামে যদি আজ চটশিল্পকে
কুটীরশিল্পের মতো করা যায় তবেই এরা জব্দ হবে। তবেই পশ্চিমবাংলার গ্রামে বারোমা
লক্ষ লক্ষ কর্মহীন মানুষের কর্মসংস্থান হবে।

আজকে দেখুন আর্থিক অবস্থা শিল্প ক্ষেত্রে কি হয়েছে? গত তিন বছর বলতে পারে
মাননীয় অর্থমন্ত্রী, কোনও এমপ্লয়মেন্ট বেড়েছে? প্রত্যেক বছর ৫০ হাজার করে লোন নিয়োগ
করা দরকার হয়ে পড়ে বৃহৎ শিল্পে। কোনও নিয়োগ হচ্ছে? না কিছু হচ্ছে না, এক্সপ্যানশ
বন্ধ এবং ছাঁটাই হয়েছে শিল্পে, আজকে আন্দোলন হচ্ছে, বেতন তাদের বাড়েনি। উপরন্ত
আমরা দেখতে পাচ্ছি বেতন তাদের কমে যাচ্ছে, পারসেন্টেজ অব এমপ্লয়মেন্ট কমে যাচ্ছে
আমি যদি এখানে বলি স্থানীয় প্রদেশের ছেলেদের কথা, তাহলে কেউ কেউ এটাকে
বলবেন—প্রাদেশিকতা, কিন্তু এটা প্রাদেশিকতা নয়। আইন করুন—সারা ভারতবর্ষে বিদ্য
বুদ্ধির ভিত্তিতে যোগ্যতার ভিত্তিতে এবং এলিজিবিলিটির ভিত্তিতে,—এলিজিবিলিটি কি, সেট
হচ্ছে ভারতের নাগরিকত্ব, ন্যূনতম কার্যক্ষমতা আছে, এইরকম লোকদের পাঞ্জাবেই হোক
হরিয়ানাতেই হোক, উড়িষ্যাতেই, হোক, আসামেই হোক, বিহারই হোক, মধ্যপ্রদেশে
হোক—ভারতেই যে কোনও প্রান্তে যেয়ে যোগ্যতার ভিত্তিতে চাকুরি পাবে। এটা কোনওরকম
প্রাদেশিকতা নয়। পশ্চিমবাংলার লক্ষ লক্ষ লোক কি বসে থাকবে একমাত্র সরকারি অফিসে
৩য় এবং ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগের জন্য? এই যে ভয়াবহ সমস্যা, এর মোকাবিলা
করতে পারেন কখনও? আমরা এক্সপ্লোশনের মুখে রয়েছি, আর কি করণীয়? ট্রেড ইউনিয়নের
বিরাট দায়িত্ব আছে, আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে একবার বলেছিলাম ডকে, পোর্টে ইঞ্জিনিয়ারিং
ইন্ডাস্ট্রিতে দু'বছরে যে সমস্ত লোক রিটায়ার করে চলে যাচ্ছে, সেখানে হাজার হাজার লোক
নিয়োগ হচ্ছে, আপনি তাদের বলুন অন্তত পক্ষে এই রাজ্যে বসবাসকারীদের বেকার সমস্যা
সমাধানের জন্য অগ্রাধিকার দেবেন। এটা করলে তারা আপনাদের আশীর্বাদ জানাবে, আমি
আপনাদের প্রচন্ড শক্তি আছে, ভোটে আমরা পরাজিত হয়েছি শোচনীয়ভাবে তাতে কি হয়েছে
আপনারা এ রাজ্যে থাকুন, কিন্তু কাজগুলি যদি না করেন বিস্ফোরণকে কিছুতেই ঠেকাতে
পারবেন না। আজকে তাকিয়ে দেখুন শিল্পক্ষেত্রে এবং জুটে এবং টি-তে, চটকল এবং
ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিতে এবং অন্যান্য ইন্ডাস্ট্রিতে পাওয়ার ক্রাইসিস প্রতিদিনই চলছে এবং গড়ে
৫ কোটি টাকা করে লোকসান হচ্ছে। এই পাওয়ার সম্বন্ধে ইকনমিক রিভিয়্যুতে বলেছে, এর
জন্য প্রাক্তন সরকারই দায়ী। প্রাক্তন সরকারের যে দায় দায়িত্ব তা তাঁদের ঘাড়ে চাপিয়ে দিন
কিন্তু সব বাজারে গৃহিনীসুলভ আয়রণ—যা কিছু কেষ্টা বেটাই চোর বলে তাঁদের উপর দোষ
চাপিয়ে গেলে এমন একদিন আসবে যেদিন দেওয়ালে পিঠ ঠেকে যাবে। এবং আজকে সেই
অবস্থা এসেছে। গত গ্রীষ্মকালে যে পরিমাণ লোডশেডিং হত তার চেয়ে বেশি কেন এই

ফেব্রুয়ারি এবং মার্চ মাসে হচ্ছে? যদি বলেন আগেকার আমলের জন্য, অনেক সময় বলা হয় এত বেশি যন্ত্রপাতি চালান হয়েছে যে মেশিনগুলি অকেজো হয়ে গেছে। যদি তাই হয়, আমি একটা প্রশ্ন করছি, যদি ভুল হয়, সংশোধন করে দেবেন, ১৯৭৭ এর এপ্রিল থেকে ১৯৭৭ এর সেপ্টেম্বর বিদ্যুতের উৎপাদন ছিল ১ কোটি ২৫ লক্ষ ইউনিট, ১৯৭৮ সালে বেড়ে সেটা হল ১ কোটি ৩৪ লক্ষ ইউনিট, কি করে হল? একই মেশিনে নিশ্চয়ই কাজ হয়েছে। প্রাক্তন মুখ্যমন্ত্রী কোলাঘাটের জন্য যে টাকা পেয়েছিলেন, সেই টাকা ব্যয় করে তিনি নেতাজী ইন্ডোর স্টেডিয়াম করেছিলেন, করা ঠিক হয়নি। সেটা যেমন অন্যায় কাজ যদি বলেন, তাহলে আপনার এই রাজ্যে, ইন্ডোর স্টেডিয়াম তো ১২ মাস আচ্ছাদিত জায়গা, কিন্তু ক্রিকেট প্র্যাকটিস করার জন্য—সেটাতো গরিব লোকের খেলা হয়, সেখানে ১২ লক্ষ টাকা বরাদ্দ করলেন, সেটা ফুটবলের জন্য করলে ভাল হত, কোলাঘাটের জন্য কংগ্রেস আমলে ১৯৭৪ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত রাজ্য সরকার পেয়েছিলেন ২৪ কোটি ৩৩ লক্ষ টাকা, আর জনতা সরকার আসার পরে এক বছরে আপনারা পেয়েছেন মোরারজী ভাইয়ের সরকারের কাছ থেকে ৪৬ কোটি ৭৭ লক্ষ টাকা। তিন গুন টাকা পেয়েও আপনারা করতে পারলেন না কেন? মুখ্যমন্ত্রী বলেছেন কোলাঘাটা ১৯৭৭ সালে কমিশন হওয়া উচিত ছিল, আপনারা এসেছেন তিন বছর হয়ে গেছে, আমার ধারণা কোলাঘাট চালু করতে ১৯৮৩ সাল হয়ে যাবে, ইতিমধ্যে অনেকেই হয়ত আমরা থাকব না। ব্যান্ডেলের অবস্থাও তাই, পাওয়ার স্টেশন আর প্লেসেস অব ইন্ডিসিপ্লিন। আপনারা নকশাল ইউনিয়নকে দায়ী করেন, তাদের শায়েস্তা করার চেষ্টা করাটা ভুল হচ্ছে, পুলিশ দিয়ে তাদের শায়েস্তা করা যাবে না, এটা মনে রাখতে হবে এই গুরুত্বপূর্ণ বিভাগে ইঞ্জিনিয়ার ডাকতে হবে, সেখানে দেখতে পাচ্ছি মুখ্যমন্ত্রী আসার পর প্রাক্তন বোর্ডের সমস্ত সদস্যকে বললেন রিজাইন করতে, তাঁরা পদত্যাগ করলেন, হয়ত ভাল কাজই করেছেন বিশেষ গুরুত্ব বুঝে তিনি দ্রুত করতে চেয়েছিলেন, কিন্তু আমি জানতে চাইছি তার বদলে যাদের আনা হল তাদের যোগ্যতা, তাঁদের শিক্ষা যা তাতে কি তাঁরা যোগ্যতা সম্পন্ন ব্যক্তি? আগে যিনি চেয়ারম্যান ছিলেন তার জায়গায় যে চেয়ারম্যান নতুন আনলেন আমি যতদূর জানি এবং কাগজে পড়ে যা বুঝেছি he had had no connection at any point of time with power engineering.

[2-10 – 2-20 p.m.]

পাওয়ার ইঞ্জিনিয়ার হিসাবে তিনি স্বীকৃত নন, তাঁকে চেয়ারম্যান করলেন। কেন করলেন? আজকে বোর্ডের সদস্যদের মধ্যে ঝগড়া। ইলেক্ট্রিকাল ইঞ্জিনিয়ার, কেমিক্যাল ইঞ্জিনিয়ারদের মধ্যে ঝগড়া বাঁধিয়ে দিয়েছেন। আপনারা কম্পার্টমেন্টালাইজ করবার চেষ্টা করছেন, কংগ্রেস আমলেও তাই করার চেষ্টা হয়েছিল এবং বিদ্যুতের যে প্রশাসন তা নষ্ট হয়ে গিয়েছিল, আজকে আবার তাই হচ্ছে। সাঁওতালদিতে দেখছি ৬ ঘন্টা থেকে ১২ ঘন্টা ওভারটাইম চলছে। আপনারা ট্রেড ইউনিয়ান করেন আজকে আপনাদের কাছে আমার জিজ্ঞাস্য, এই জিনিস কি চলতে পারে? একজন ড্রাইভার বা খালাসী তিনি যত টাকা মাহিনা পান—আরও

বেশি পেলে আমি খুশি হব তাতে দেখা যাচ্ছে ২।।/৩ হাজার টাকা করে তারা মাসে পাচ্ছেন বেতন এবং ওভারটাইম মিলিয়ে অথচ অ্যাসিস্ট্যান্ট চিফ-ইঞ্জিনিয়ার of plant his position is 23rd in the hirerchy এতে তো ডিসিপ্লিন থাকবে না, এতে তো মারারল নষ্ট হয়ে যাবে। সেদিন একজন সি. পি. এম'এর বন্ধু—তিনি এখন উপস্থিত নেই কাজেই তাঁর নামটা করছি না—লেনিনের কথা বলছিলেন। আমিও লেনিনের রচনা পড়েছি, ডঃ মিত্র তো পড়েছেনই, আমি তাঁদের স্মরণ করিয়ে দিচ্ছি ২০ সালের কথা। তৃতীয় আন্তর্জাতিক কমিউনিস্ট সম্মেলনে জার্মান কমিউনিস্ট পার্টির নেতা গ্রিসপিয়েন এসে মহামতি লেনিনকে বলেছিলেন বা তাঁর কাছে দাবি করেছিলেন, জার্মাণ কমিউনিস্ট পার্টি এবং জার্মান ওয়ার্কাররা দেশে সর্বহারা বিপ্লবের জন্য প্রস্তুত, তারা বিপ্লব করতে রাজি আছে যদি আপনি তাঁদের আশ্বাস দেন বিপ্লবের ফলে তাঁদের ওয়েজেস এবং স্ট্যান্ডার্ড অব লিভিং পড়ে যাবে না। সেদিন তিনি তার উত্তরে বলেছিলেন, I am asking my friend. "Is that attitude at all permissible in a Communist Party? He catagorically said. No. but he said, Well, he had established dictatorship in Russia the standard of living fell further and workers were hungry. There is nothing to wait for the workers to Sacrifice তিনি বলেছিলেন আপনারা যদি এই আশ্বাস চান তাহলে আপনাদের বিপ্লবে আসতে হবে না। মাননীয় ডঃ অশোক মিত্র তিনি একজন অর্থনীতিবিদ, আমিও অর্থনীতি কিছু কিছু পড়েছি, আমি তাঁকে আজকে জিজ্ঞাসা করি, দেশে আজকে কোনটা অগ্রাধিকার পাবে? যাদের মাথায় তেল আছে তাদের মাথায় আরও বেশি করে জবাকুসুম মাখিয়ে দেওয়া হবে, না, যাদের মাথাগুলি শুকনো খসখসে তাদের মাথার জন্য একটু নারকেল তেলের ব্যবস্থা করা হবে? সেখানে ১২ ঘন্টা করে ওভারটাইম ব্যাঙ্কে, স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডে দেওয়া এটা বেশি প্রয়োজনীয়, না আমাদের দেশে যেখানে লক্ষ লক্ষ বেকার সেখানে তাদের চাকরির ব্যবস্থা করে দেওয়া এটা বেশি প্রয়োজনীয় সেটা আমাকে বলুন। আজকে আমরা দেখছি, সংগঠিত শ্রমিকদের জন্য সব কিছু আন্দোলন হচ্ছে কিন্তু যারা অসংগঠিত শ্রমিক তাদের জন্য কিছুই হচ্ছে না। শিল্পক্ষেত্রে কি হচ্ছে? সমস্ত শিল্পপতিরা, চেম্বারের মেম্বাররা এই প্রতিশ্রুতি দিয়েছিলেন যে আমরা ১৬৩ কোটি টাকা এই রাজ্যে বিনিয়োগ করব। আমি জানতে চাই মাননীয় অর্থমন্ত্রীর কাছে, কত টাকা তাঁরা এই রাজ্যে বিনিয়োগ করেছেন? তাঁরা টাকা এখান থেকে নিয়ে যাচ্ছেন কিন্তু টাকা তাঁরা এখানে বিনিয়োগ করছেন না এবং তা না করে পশ্চিমবাংলার সর্বনাশ করছেন। এবারে আসুন শিক্ষার ক্ষেত্রে সেখানে কি অবস্থা? ১২শে জুনিয়ার হাইস্কুল গত ৩ বছরে রেকগনিশন পেল না। ১২শো শিক্ষিকা সমেত ৭।। হাজার জুনিয়ার হাইস্কুলের যোগ্যতাসম্পন্ন টিচার এবং ২।। হাজার কর্মচারী তাদের ভবিষ্যত অন্ধকারাচ্ছন্ন ১।। লক্ষ ছাত্রের ভবিষ্যতও অন্ধকারাচ্ছন্ন। এর কারণ কি? এর কারণ হচ্ছে মাননীয় মন্ত্রী শ্রী পার্থ দে'র জেদ। হাজার হাজার প্রাথমিক শিক্ষক ভুখা হয়ে ঘুড়ে বেড়াচ্ছে, আন্দোলন করছে, লাঠি খাচ্ছে, এসপ্ল্যানেডে এসে অনশন করছে কিন্তু বিচার তাঁরা পাচ্ছেন না, কারণ শিক্ষামন্ত্রী শ্রী পার্থ দে'র জেদ। কংগ্রেস আমলেও তাঁরা

বিচার পান নি, এ আমলেও তারা বিচার পাচ্ছেন না। এরপর আমি পঞ্চায়েত সম্বন্ধে বলি। আমি আনন্দিত যে আগেকার পঞ্চায়েতের যে দৃষ্টিভঙ্গি ছিল সেখানে আপনারা নতুন দৃষ্টিভঙ্গি দিয়েছেন। কিন্তু সেখানে যে ৭০ কোটি টাকা পশ্চিমবাংলার ৩ হাজার ৪০০টি পঞ্চায়েত খরচ করেছে গত দু বছরে সেই টাকার হিসাব আপনি পেয়েছেন বলুন? যখন জনতা পার্টির সরকার ছিল তখন মোরারজী ভাই শুধু এইটুকু বলেছিলেন, খরচের হিসাবটা দেবেন। এটা তিনি বলেছিলেন বলে আপনারা একেবারে তেলেবেগুনে জ্বলে উঠেছিলেন এবং কথায় কথায় মামলা করবেন বলেছিলেন। আর আজকে কি হচ্ছে? আজকে যেখানে ইলেক্ট্রিসিটি আছে সেখানে তা জ্বেলে এবং অন্যান্য জায়গায় হ্যাজাক, লণ্ঠন জ্বেলে রাত জেগে খাতায় হিসাব তৈরি হচ্ছে। কিন্তু তা সত্ত্বেও এই ৩৪০০ পঞ্চায়েতের মধ্যে শতকরা ৪০ ভাগের সাবজেক্ট টু কারেকশন বাই দি ফিনান্স মিনিস্টার তারা এখনও তাদের খরচের হিসাব দেয়নি।

তারা এখনও তাদের খরচের হিসাব দেননি। মাত্র ১০ শতাংশ ১০% বিস্তারিত হিসাব দিয়েছেন। মাননীয় অর্থমন্ত্রী বলতে পারেন হাউসে কনফিডেন্স নিয়ে ৭০ কোটি টাকার মতো সম্পদ গ্রামবাংলায় যে তৈরি করার কথা ছিল, সেই সম্পদ তৈরি হয়েছে? আগে গ্রামে জোতদার ভূমিহীনের লড়াই ছিল। কিন্তু এখন গ্রামে শ্রেণী বিন্যাস অন্যরকম হচ্ছে। একদল পঞ্চায়েতের পক্ষে আর একদল পঞ্চায়েতের বিপক্ষে। কি জিনিস হচ্ছে? পঞ্চায়েতের মাধ্যমে অপারেশন বর্গার কাজ হচ্ছে। ভাল জিনিস। কিন্তু অপারেশন বর্গার পরিবর্তে যে জিনিস দাঁড়িয়েছে সেটা আপনি নিজেও স্বীকার করেছেন। আপনি ৫০ লক্ষ টাকা জমি হস্তান্তর সমর্থন করেছেন, তার মানে আপনি পরোক্ষভাবে স্বীকার করে নিয়েছেন। শুধু বর্গা রেকর্ড করে বর্গা নাম লেখালে হবে না। তাদের জীবনে যে অনিশ্চয়তা রয়েছে সেই অনিশ্চয়তার হাত থেকে বাঁচাবার জন্য জমি হস্তান্তর সংস্থাকে কেনবার জন্য ৫০ লক্ষ টাকা আপনি বরাদ্দ করেছেন। কিন্তু গ্রামে জমির দাম পড়ে যাচ্ছে। স্বীকৃত সত্য যে গ্রামে ফসলের দাম পড়ে যাচ্ছে। শুধু বর্গা সেয়ারার, প্রডিউসার বললে হবে না, চাষীদের যে সম্পদ সেই সম্পদের মূল্য, রেমুনারেটিভ প্রাইস পাচ্ছে না। তারজন্য কোনও আন্দোলন করেননি। পঞ্চায়েতের বিরুদ্ধে হাজার হাজার অভিযোগ মাননীয় মন্ত্রী দেবব্রতবাবুর কাছে আসছে। তিনি চেষ্টা করছেন—মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন হিসাবের লিস্ট টাঙিয়ে দিন, হিসাব পাঠাতে বলুন রাইটার্স বিল্ডিংসে। এতে দেখা যাচ্ছে মুখ্যমন্ত্রীর চেয়ে পঞ্চায়েতের ক্ষমতা অনেক বেশি। পঞ্চায়েতের প্রেসিডেন্ট জেলা পরিষদের জন্য অ্যাম্বাসাডার গাড়ি কিনছেন। এই অ্যাম্বাসাডার গাড়ির জন্য বছরে ১ কোটি টাকা খরচ হয়েছে। এটাকে যদি আপনারা সোসালিজমের সহায়ক বলে মনে করেন তাহলে আমি মনে করি এটা ট্রিজন টু সোসালিজম হবে। গ্রামবাংলায় দায়িত্ব নিয়ে কাজ করতে পারলে হাজার হাজার বেকার ছেলে ছিল তারা কাজ পেত। শিল্প গড়ে উঠতে পারত। এটা একটা মস্ত বড় কাজ হত, গ্রামে রাস্তা হত, আরও অন্যান্য জিনিস হত। এই সমস্ত কাজ হলে একটা গেনফুল এমপ্লয়মেন্ট হত, কিন্তু তা করা গেল না। এরপর আসুন আইন শৃঙ্খলা পরিস্থিতির ক্ষেত্রে—আইন-শৃঙ্খলা পরিস্থিতি তিতিন নিয়ে কথা হলেই সি. পি. এম. এর মাননীয় তরুণ

সদস্য, আমি তাঁর নাম জানি না, মাঝে মাঝে বলেন, তিনি আমার খুব সন্দেহভাজন, বয়স অত্যন্ত কম, আমাদের বয়স তো অনেক হল, তার সঙ্গে আমার বড় একটা দেখা হয় না, দেখা হলে বলব, খুব উত্তেজিত হয়ে উঠেন, এত উত্তেজিত হবেন না। আমরা তার বয়স পিছনে ফেলে এসেছি। এত উত্তেজিত হবার কি আছে? জনতা সদস্যরা বক্তৃতা করবার সাথে সাথে, ডিবেট করবার সময় রোম, বার্লিন, টোকিও, হনুলুলু প্রভৃতি প্রত্যেকটি জায়গার ক্রাইমের স্ট্যাটিস্টিক্স দেখান। সিদ্ধার্থবাবুও এমনি করে রোম, বার্লিন, টোকিও, হনুলুলুর কথা উল্লেখ করেছেন, সংবাদপত্রে দিনের পর দিন বেরিয়েছে। এখানে সুনীতিবাবু আছেন, অতীশবাবু আছেন, তাঁরা সেটা জানেন না? সিদ্ধার্থবাবুর আমলে ল অ্যান্ড অর্ডারের কথা বললে তিনি বলতেন এই হয়েছে টোকিওতে, সেই তুলনায় কলকাতা বেস্ট, বলার কিছু নেই। কলকাতার পিকচার দেখিয়ে তিনি বলতেন টোকিওর পিকচার অনেক খারাপ। ওখানকার তুলনায় কলকাতায় ক্রাইম অনেক কম। আজকের কাগজেই দেখলাম চলন্ত ট্রেনে নকশালপন্থী বলে পরিচিত একটি ছেলে সকলের সামনে খুন হয়ে গেল। ভাবা যায়? প্রত্যেকদিন এ দলেরই হোক ও দলেরই হোক, খুনের খবর বেরোচ্ছে। আপনারা বলছেন শ্রমিক জাগছে, সর্বহারা জাগছে। সর্বহারা জেগে কাজের অভাবে বেকার হয়ে বসে আছে। গ্রামে চুরি, ডাকাতির ভয়ে রাত্রিগুলো দুঃস্বপ্নের রাত্রি হয়ে দাঁড়িয়েছে। প্রত্যেকটি রাত্রে ডাকাতি হচ্ছে। এখানে করিমপুরের মাননীয় সমরেন্দ্র সান্যাল আছেন তিনি এটা কন্ট্রাডিক্ট করতে পারেন? করতে পারেন না। সেখানে একটি ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। নবদ্বীপের দেবীবাবু আছেন, তিনিও নিজে এটা স্বীকার করেছেন। হুগলি জেলার দেব নারায়ণ চক্রবর্তী ১২ই মার্চ বক্তৃতা করেছেন, কতকগুলি সুস্পষ্ট খুনের অভিযোগ করেছেন, কোনও প্রতিকার হয়নি। আমরা দেখতে পাচ্ছি খুনের কোনও প্রতিকার হচ্ছে না। রাজভবন থেকে রাজ্যপালের একটা ভেড়া চুরি গেল। একেবারে ডি. সি., কমিশনার, জয়েন্ট কমিশনার পর্যন্ত ছুটে গেলেন কোথায় ভেড়া আছে খুঁজে বের কর। ভেড়া কবে হাপিস হয়ে গেছে, একেবারে তরকারী করে খাওয়া হয়ে গেছে। কোথায় আছে, কার ঘরে আছে খুঁজে বের করা হচ্ছে। এই ভেড়ার কোথায় তার পেডিগ্রী? অস্ট্রেলিয়ায় তার বাবা ছিল। অস্ট্রেলিয়ায় কে তার বাবা ছিল তাই নিয়ে তাদের মাথা ব্যথা। আমাদের মাননীয় রাজ্যপাল নমস্য ব্যক্তি। তিনি একজন প্রবীন গান্ধীবাদী নেতা। পুলিশ এখন খুঁজে বেড়াচ্ছে কোথায় ভেড়া আছে। এই পুলিশের তৎপরতা। প্রত্যেকদিন যে এত ঘটনা ঘটছে এ দল ওদল বলে নয়, এটা ঠিক কংগ্রেস আমলের ঘটনাই ঘটছে। হাসনাবাদের এম. এল. এ ছিলেন তাসমাতুল্যা, তিনি খুন হয়ে গেলেন।

[2-20 — 2-30 p.m.]

এই যে খুন হয়েছে আমি অর্থমন্ত্রীকে বলছি তিনি বলবেন যে একজন দুষ্কৃতকারী কি গ্রেপ্তার হয়েছে? নিশ্চয় গ্রেপ্তার হয়নি। এইভাবে চলতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই প্রসঙ্গে আপনাকে বলতে চাই আইন শৃঙ্খলার পরিস্থিতি খারাপ হয়ে যাচ্ছে। কারণ লালবাজারের মধ্যেই মারামারী শুরু হয়ে গেছে। একজন আই. পি. এস. অফিসার কমিশনারকে

এই রকম কথা বলে। এতে তো মোর‍্যাল নষ্ট হয়ে যাবে। আপনি ভাবুন এতে কখনও ডিসিপ্লিন থাকতে পারে না। কন্সটেবল এস. আই ইন্সপেক্টার সুপারিনটেন্ডেন্ট অব পুলিশকে বলছে বাফুন। এতে প্রশাসন ঠিক থাকতে পারে না। এরা আজকে ভয় পাচ্ছেন যে এদের সঙ্গে কোনও কিছু করা যাবে না। আপনারা এর প্রতিকার করার চেষ্টা করুন প্রশাসনকে ঢেলে সাজাবার চেষ্টা করুন। আপনারা বলছেন মুখ্যমন্ত্রী নিজে বলছেন যে ১২টার আগে কেউ অফিসে আসছে না। এই পরিস্থিতি চলতে পারে না। রাইটার্স বিল্ডিংসে দেখেছি বহু কর্মচারী সিঙ্গাড়া বিক্রি করছে মুড়ি বিক্রি করছে উনুন জ্বেলে সব নানারকম জিনিস ভাজছে চা তৈরি করছে এবং ১১টা থেকে রান্না শুরু হয়ে গেল। তাদের আবার বেতন বাড়াও। হ্যাঁ বেতন বাড়ানো পে কমিশন বসেছে, তাদের স্ট্যান্ডার্ড অব লিভিং বাড়ুক। কিন্তু এই বেতন নিয়ে ৩৬৫ দিন সরকারী কর্মচারিরা তাদের বেতন নিয়ে মারামারি চালাবে? আপনারা এর কিছু করুন—এইভাবে জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন চলবে কি করে। তাঁরা বলছেন সাড়ে দশটায় হাজিরা কোনওদিন দেখি নি, অফিসাররা ঠিকমতো সময়ে আসে না। প্রশাসন দিনে দিনে নষ্ট হয়ে যাচ্ছে। প্রশাসনকে ঠিক করতে হলে ডিসিপ্লিন ফিরিয়ে আনতে হবে। কমলবাবু বললেন একটা ট্রাইব্যুনাল তৈরি নিত্য দিন কর্মচারিদের অভিযোগ শুনতে হচ্ছে। আজকে সরকারি অফিসে এত ঘুস এত দুর্নীতি তার উপর বেতন বৃদ্ধি আন্দোলন। আমাদের শ্রম মন্ত্রী অভিমানী লোক উত্তেজিত হন না ঠান্ডা মাথায় কাজ করেন। তিনি বলেছিলেন আপনারা কেবল নিজের কথা ভাবছেন। কিন্তু ভাবুন ঐ বেকারদের কথা। আমরা কাদের অর্থনৈতিক প্রায়রিটির কথা চিন্তা করব। আপনাদের ইলেকশন মানিফ্যাস্টোতে ছিল যে মাল্টি ন্যাশনাল বিগ ইন্ডাস্ট্রিগুলিকে ন্যাশনালাইজ করবেন। তাহলে বিড়লাকে আপনারা কেন কনসেসন দিচ্ছেন? মটর গাড়ির কারখানা তো বিড়লার। আজকে ৭০ ভাগ কারখানা লক আউট। কোথায়ও তো শুনিনি তাদের বিরুদ্ধে একটি কথা। মেনশন আওয়ারে এই সব কথা বললে সরকার চুপ করে থাকেন। এ সম্বন্ধে শ্রমমন্ত্রী বা মুখ্যমন্ত্রী কি করতে চান তা তো শুনিনি। বিড়লাকে ভয় পাচ্ছেন? এটা ব্যক্তিগত বিড়লার কথা নয়—আপনাকে বলতে হবে দেশের সম্পদ রক্ষা করার জন্য। গাড়ির কনসেশন করেছেন—তাতে তো লাভবান হবে শিল্পপতি। কৃষকদের পেনশনের ব্যবস্থা ভাল কথা যদি দলবাজি না হয়। কিন্তু ঐ কৃষকদের ঘরে যে ৫।৬ জন বেকার ছেলে বসে আছে তারাই তো নিয়ে নেবে তার কাছে কতটুকু পৌঁছাবে। আপনারা যে নতুন কর্মসূচি নিয়েছেন তাতে বলেছেন ক্লাস ইলেভেন, টুয়েল্‌ভ ফ্রী করে দেবেন, ভাল কথা। কিন্তু ঐ স্কুলের মাইনে ফ্রী করে দিয়ে যা সুবিধা হবে, তার চেয়ে অনেক সুবিধা হত যদি তাদের স্টাইপেন্ড দিতেন কারণ বই এর দাম বাড়ছে, কাগজের দাম বাড়ছে, স্টেশনারীর দাম বাড়ছে, সমস্ত খরচ বেড়ে যাচ্ছে। তার ফলে কোনও লাভ হচ্ছে না। সুতরাং আপনারা যে কর্মসূচিগুলো নিচ্ছেন, তার মধ্যে কতকগুলো কর্মসূচি নিঃসন্দেহে প্রশংসনীয় কিন্তু এর টোটাল ইম্প্যাক্ট কিছু হবে না। কৃষিখাতে ৯৯ কোটির জায়গায় ১১০ এবারে ১১০ কোটি টাকা বরাদ্দ করেছেন, এটা ঠিকই ১০ পারসেন্ট ইনক্রিজ হয়েছে। আমি বলব, এটা নিশ্চয়ই প্রশংসনীয়। কিন্তু ১৯৭৯-৮০ সালের কস্ট অব লিভিং ইনডেক্স যদি ধরা যায়, জিনিসের

দামের হিসাব যদি ধরা যায় তাহলে ১৯৮০-৮১ সালে যে ১০ পারসেন্ট কৃষি খাতে বেড়েছে সেটা বাড়াতে গিয়ে দেখবেন, সেটা কমে গেছে। আপনি এগ্রিকালচারাল রিসার্চে কতটুকু বরাদ্দ করেছেন, কয়েক হাজার টাকা বোধ হয় বরাদ্দ করেছেন। আপনারা কনসোলিডেশন অব হেল্ডিংস এর জন্য কতটুকু বরাদ্দ করেছেন, মাত্র ১০ লক্ষ টাকা বোধহয় বরাদ্দ করেছেন। গত বছর যেটা দু লক্ষ ছিল, সেটা ১০ লক্ষ করেছেন। এর চেয়ে অনেক বেশি করা উচিত ছিল। তাহলে পশ্চিমবঙ্গের ভূমি নীতিকে আমরা কোথায় নিয়ে যাচ্ছি? স্টেট ক্যাপিট্যালিজমের দিকে নিয়ে যাব না, সত্যকারের কোঅপারেটাইডের দিকে নিয়ে যাবে? পিজ্যান্ট প্রোপ্রাইটারশিপ এবং কোঅপারেটিভকে পাশাপাশি তুলে দাঁড় করাবেন, যদি তাই করতে হয় তাহলে কন্সলিডেশন অব হোল্ডিংস, ল্যান্ড রিফর্মস অ্যাক্টে যে প্রভিসন আছে সেইদিকে নিয়ে যেতে হবে। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, সারা ভারতের ট্রেন্ড হচ্ছে আনপ্লেজান্ট ডাইজেশন অব দি পিজ্যান্ট্রি, কৃষক অকৃষক হয়ে যাচ্ছে। যদি কৃষিকে সারপ্লাস করতে না পারি, কিসের থেকে পুঁজি সারপ্লাস করে কে নতুন শিল্পকে গড়ে তুলবে? সুতরাং সেদিক থেকে দেখতে গেলে পশ্চিমবঙ্গের ভবিষ্যত অন্ধকারাচ্ছন্ন। আমরা দেখছি পশ্চিমবাংলার ইকনমিক পিকচার ডিসম্যাল, স্ট্যাগন্যান্ট, ফ্রাস্ট্রেটেড এবং এখানে নতুন বিনিয়োগ এর কোনও সুযোগ আমরা দেখছি না। আমি অর্থমন্ত্রীকে অনুরোধ করব, পলিটিক্যালি আপনারা বলছেন বিগ ইন্ডাস্ট্রিকে আপনারা ন্যাশনালাইজ করবেন, আপনাদের এটাই ইলেকশন ম্যানিফেস্টো ছিল। কিন্তু এখন আপনারা মাল্টি ন্যাশনাল্স-এর দিকে যাচ্ছেন, আমি জানি আপনাদের অনেকে হয়তো চিৎকার করবেন। আমি দেখছি, অর্থমন্ত্রী বলছেন,—হলদিয়ায় বক্তৃতা করেছেন, মাল্টি ন্যাশনালদের পশ্চিমবাংলায় ডাকবেন, এই কি আপনাদের ম্যানিফেস্টো ছিল? আমার বিরুদ্ধে যত পারেন বলুন, কিন্তু আপনারা কি বলছেন? তাহলে হয় বলুন প্রাগম্যাটিক কনসিডারেশনের বাস্তব বোধের দিক থেকে আমরা আবার মাল্টি ন্যাশনালকে নিয়ে আসছি। কিন্তু আমরা জানি এই মাল্টি ন্যাশনাল হচ্ছে নতুন শোষণের যন্ত্র। কোনও উন্নয়নশীল দেশে—অর্থমন্ত্রী আমার চেয়ে ভাল জানেন, কোনও উন্নয়নশীল দেশে যদি কোনও মাল্টি ন্যাশনাল ফার্ম আসে, তারা কি কোনও বেসিক ইন্ডাস্ট্রি তৈরি করেছে? কোনও ভারী শিল্প কি তৈরি করেছে? তারা শুধু কাঁচামালের দিকে গেছে। তারা এয়ার পোর্ট তৈরি করে, তারা সুন্দর নগর তৈরি করবার কথা বলে, তারা হয়তো কর্পোরেশনকে কিছু টাকা দিয়ে বলবে বিউটিফাই ক্যালকাটা। যেমন আগে কংগ্রেস আমলে শুনতাম তিলোত্তমা নগরী কর, এই সবের জন্য মাল্টি ন্যাশনাল কোটি কোটি টাকা খরচ করবে। আমাদের দেশের ছেলেরা হয়ত কিছু চাকরি পাবে, কিন্তু পশ্চিমবাংলা তথা ভারতের উন্নয়ন কিছু হবে না। এইগুলো ইডিয়োলজিক্যাল থাক, বাস্তব বুদ্ধির চাপে এসে আজকে সেই সব কথা আমরা বলছি না। ম্যানিফেস্টো থেকে সরে যাচ্ছি। আজকে তাই দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি, এই সরকার বৃহত শিল্পপতিদের অবাধ লুণ্ঠনের সুযোগ করে দিচ্ছেন। আপনাদের অনুরোধ করছি, এদিকে আপনারা নুতন করে দৃষ্টি দিন, আপনারা রাইজিং অব প্রাইস, কি ভাবে মূল্য বৃদ্ধি হচ্ছে, আজকে সুধীনবাবু হয়ত স্ট্যাটিসটিক্স পড়ে দেবেন, কিন্তু স্ট্যাটিসটিক্স দিয়ে কি হবে স্ট্যাটিসটিক্স

দিয়ে কোনও লাভ হবে না। আজকে মানুষ দেখছে জিনিসের দাম বাড়ছে, আজকে অর্থমন্ত্রী বলছেন, সুধীনবাবু বলছেন, জ্যোতিবাবু বলছেন, কেন্দ্রকে বলা হোক অন্ততপক্ষে নিত্য প্রয়োজনীয় ১০টি জিনিসের দাম সারা ভারতবর্ষে সমান দামে বিক্রি করা হোক। হ্যাঁ, হোক, কিন্তু আমি জিজ্ঞাসা করছি, একই যুক্তিতে, প্রফুল্লচন্দ্র সেন মহাশয় যখন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ছিলেন, তখন এই সব সুযোগ ছিল না, তখন চালের দাম, ডালের দাম, তেলের দাম, কেরোসিন না পেলে কেন আন্দোলন হত, তখন তো এই কথা বলেননি যে পশ্চিমবাংলাকে একটা পাতিলেবুর জন্য সুদূর মাদ্রাজের দিকে চেয়ে থাকতে হয়। পশ্চিমবাংলাকে প্রত্যেকটি জিনিসের জন্য অন্য রাজ্যের উপর নির্ভরশীল হয়ে থাকতে হয়। তখন তো এই কথা বলেননি যে সেন্টার স্টেট পাওয়ার রিওরিয়েনটেশন দরকার। আগে দিল্লির সরকার এই নিত্য প্রয়োজনীয় জিনিসগুলোর ন্যায্য দাম বেঁধে দিন, তা তো বলেননি? আবার দেখুন পশ্চিমবাংলার স্ট্যাটিসটিক্স বলছে—এক এক জেলায় চালের দাম একরকম।

[2-30 – 2-40 p.m.]

এই রাজ্যে এক এক জেলায় নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম এক এক রকমে বিক্রি হচ্ছে কেন? এই রাজ্যে এক দামে বিক্রি হচ্ছে না কেন? এর যুক্তি কি? চিনি এলো ১৯ হাজার বস্তা। আপনারা উত্তেজিত হবেন জানি, কিন্তু আমি বলছি কায়েমী স্বার্থ—এর বিরুদ্ধে পশ্চিমবাংলাকে লড়তে হবে, লড়তে গেলে আরও কঠোর হতে হবে। আমি বলছি, ৭২ সালে এই শালিমার গোডাউনে লক্ষ লক্ষ টাকার খাবার এসে পড়ে থাকত। সেদিন মন্ত্রিসভার পরামর্শ মতো খাদ্য দফ্‌তরের অফিসারদের নিয়ে ১০০টি সরকারি ট্রাক নিয়ে ২২ ঘন্টার নোটিশ দিয়ে বলেছিলাম, সব মাল বাজারে ছাড়, যদি না ছাড়া হয় তাহলে আমরা ডি. আই. আর. প্রয়োগ করব এবং সমস্ত মাল বাজেয়াপ্ত করে নিয়ে আমরা ফুড কর্পোরেশনের মাধ্যমে বাজারে ছাড়ব। অথচ আজকে ১৯,০০০ বস্তা চিনি পড়ে আছে, কিন্তু কোনও বন্টন ব্যবস্থা নেই, ডিস্ট্রিবিউশন এজেন্সি তৈরি হয়নি। কাগজে দেখলাম ভোজ্য তেল পড়ে আছে, ব্যবসায়ীরা তুলছে না, তারা সেটা দিয়ে শোষণের ব্যবস্থা করছে, সব লুঠপাট করতে চাইছি। রাইসিং প্রাইসকে রোখবার জন্য কোনও ডিহোর্ডিং মুভমেন্ট দেখছি না। আপনারা কি দমদম দাওয়াই-এর কথা ভুলে গেছেন? আজকে সমস্ত ট্রেড ইউনিয়নগুলি আপনাদের হাতে যুব-শক্তি আপনাদের হাতে, সরকারি কর্মচারিরা আপনাদের হাতে, গণ-শক্তি আপনাদের সঙ্গে রয়েছে—আমাদের সঙ্গে নেই—আপনাদের সঙ্গে জন-সমর্থন রয়েছে, তাহলে কেন ডি-হোর্ডিং করতে পারছেন না? সেন্টার আপনাদের প্রিভেনটিভ ডিটেনশন অ্যাপলাই করতে বলেছে। আপনারা তা করছেন না, আপনারা তার বিরোধী। কিন্তু এই সমস্ত অসাধু ব্যবসায়ী, যারা মানুষের অবর্ণনীয় দুর্দশার কারণ হয়ে দাঁড়িয়েছে তাদের শাস্তি দেবার এমন কোনও ব্যবস্থা কি নেই? নিশ্চয়ই আছে। আপনারা যাকে ব্ল্যাক অ্যাক্ট বলছেন তাকে যদি অ্যাপলাই করতে নাও চান, তাহলেও তো অনেক ভরসা বা সাদা আইন আছে, নিশ্চয়ই আছে, এসেনসিয়াল কমোডিটিস অ্যাক্টকে ভালভাবে প্রয়োগ করলে নিশ্চয়ই কিছু ফল পাওয়া যাবে। সুতরাং আমি

বলব যে, আজকে এই সঙ্কট ভয়াবহ আকার ধারণ করেছে। সেইজন্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলব যে, একটা ব্যালান্সড্ওয়ে আনবার চেষ্টা করুন। আপনি একটা রাজ্য ব্যাঙ্ক করার কথা চিন্তা করছেন এবং আপনি বাজেটের মধ্যে সেকথা বলেছেন। সে বিষয়ে আমি আপনাকে সমর্থন করছি, সেই সঙ্গে আপনাকে আমি বলছি যে, গত বছর এই ইস্টার্ন ইন্ডিয়ায় এবং পশ্চিমবাংলায় কেন্দ্রীয় বরাদ্দের টাকা খরচ হয়নি এবং বিভিন্ন ক্ষেত্রে এখনও কেন্দ্রীয বরাদ্দের টাকা খরচ হচ্ছে না। একথা আমি গত বছর বিধানসভায় বলেছিলাম, আজও বলছি। আপনি বলেছেন ভারতবর্ষে ৩,০০০ কোটি টাকা প্রতিরক্ষা খাতে ব্যয় করা হচ্ছে, পশ্চিমবাংলার বরাদ্দ যদি কেন্দ্র কিছু অংশ বাড়ায় তাহলে ক্ষতি কি? আমি আপনাকে বলতে চাই কালিম্পঙে ডিফেন্স এস্টাবলিশমেন্টের পক্ষ থেকে আর্মি অ্যাকুয়ার করা হয়েছিল আর্মি স্কুল করার জন্য। আপনারা কি করলেন? জ্যোতিবাবু তৎকালীন প্রতিরক্ষামন্ত্রী জনজীবন রাম-এর সঙ্গে দেখা করে বললেন যে, আমরা এসব চাই না। সঙ্গে সঙ্গে তারা সেসব উঠিয়ে নিয়ে গেল। আপনি আজকে বলুন যে, এখানে সৈনিক স্কুল হোক, এটা মিলিটারি এস্টাবলিশমেন্টেই হোক। এটা হলে এই রাজ্যের ছেলেরা সেখানে কিছু সুযোগ পাবে, কিছু চাকুরি পাবে। আজকে এখানে দেখছি সরকার স্যার বীরেনের কারখানা নিয়ে নিলেন। কেউ কখনও বলেনি স্যার বীরেন দু'নম্বর কারবার করেন, ব্লাক মার্কেট করেন। একথা কেউ কখনও বলেননি। তিনি সাহেব লোক ছিলেন, জবরদস্ত লোক ছিলেন, বুরোক্রেটিক টেম্পারামেন্টের লোক ছিলেন। সেটা আলাদা কথা। কিন্তু তিনি ভারতবর্ষের গর্ব ছিলেন। তাঁর ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টীল হুটপাটি করে ন্যাশনালাইস করলেন। ঠিক আছে, এটা করেছেন, ভাল কথা। কিন্তু কৈ আজকে বিড়লার কারখানা ন্যাশনালাইজ করবার চেষ্টা তো করছেন না! পাট শিল্পকে ন্যাশনালাইজ করবার চেষ্টা করছেন না! আজকে পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ কোটি কোটি টাকার চা উৎপন্ন হচ্ছে, তার ২৯ ভাগ চা পশ্চিমবাংলার অকশন সেন্টারে বিক্রি হয়, বাকি সমস্ত পশ্চিমবাংলার বাইরে চলে যাচ্ছে। তাদের ন্যাশনালাইজ করা হচ্ছে না কেন?

(সরকারি পক্ষের জনৈক সদস্য ঃ আপনি তো আনন্দবাজারের কথা বলছেন।)

আনন্দবাজার কোনও দিন আমাদের প্রশস্তি গায়নি। কোনও কাগজ কোনও দিন কারও প্রস্তুতি করুক, এটা আমরা চাই না। কাগজ কারও ওকলাতি না করুন, এটাই আমরা চাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলতে চাই, সেটা হল এই যে, পশ্চিমবাংলায় যদি একটা নিজস্ব ব্যাঙ্ক হয় তাহলে সেটা নিশ্চয়ই একটা ভাল পদক্ষেপ হবে এবং সেটা কার্যকর করার জন্য অর্থমন্ত্রী যদি সবাইকে ডাকেন তাহলে আমরা খুশি হব। কিন্তু সেই সঙ্গে সঙ্গে বলব যে, অপোজিশন মানে কি? আজকে সেটা নপুংসক পুরুষ সমাজের মতো নো পজিশন, অর্থাৎ অপোজিশন। আজকে এই অবস্থা হয়ে দাঁড়িয়েছে। আজকে আসাম নিয়ে এই যে এত বড় একটা সঙ্কট দেখা দিয়েছে- এতে আমি বুঝতে পারছি না যে, আমরা কোথায় যাচ্ছি! এই অবস্থার আজকে নিট রেজাল্ট কি? যে আন্দোলন হচ্ছে তাতে লক্ষ্যণীয় কি?

একটা জিনিস দেখছি কাতারে কাতারে বাঙালিরা আবার আসাম ছেড়ে চলে আসছে। তাহলে ভারতবর্ষের ঐক্য কোথায় গিয়ে দাঁড়াবে? আমরা কি এটাকে থামাতে পারি না? আমি এবিষয়ে আমাদের মাননীয় সদস্য সন্দীপ দাসকে বলছিলাম যে, আপনি মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলুন, তাঁকে বলুন যে, আমরা আমাদের পক্ষ থেকে এবিষয়ে প্রস্তাব রাখি, সকলে এটা নিয়ে আবার আলোচনা করুন, পুনরায় আমরা এটাকে বিবেচনা করি। আমরা আশা করব কংগ্রেস(ই) সেই প্রস্তাবকে সমর্থন করবেন। কিন্তু আমাদের সঙ্গে আলোচনা করবার জন্য আমাদের কেউ ডাকেননি। কারণ নো-পজিশন। আমি সামান্য সমালোচনা করছি তাতেই একজন মাননীয় সদস্য বললেন, আনন্দবাজার থেকে পড়ছেন। আমার কি এই-টুকু বিদ্যেবুদ্ধি নেই? এই বিধানসভায় নতুন এসেছি? '৬২ সাল থেকে বিধানসভায় আছি, এটা জানবেন এবং আনন্দবাজার কাগজ পড়বার জন্য এখানে নেই। কিন্তু আনন্দবাজার পড়ে কিছু বলাটা তো অন্যায় নয়। আজকে বিরোধীদলের সদস্যদের ডাকুন, দেশে সঙ্কট ঘনিয়ে এসেছে, পশ্চিমবাংলার ভয়াবহ বেকারি দূর করবার জন্য আজকে সবাইকে ডাকুন। আজকে কৃষি ক্ষেত্রে দারুণ ঝড় দেখা দিচ্ছে, কৃষি মার খাবে। আপনারা আমন ধানের জন্য বিমা করেছেন, এটা নতুন নয়, গত বছরে হয়েছে, আরও কিছু টাকা বাড়াতে হবে। ক্যাটেল ইন্সুরেন্স যদি করতে পারতেন তাহলে আমি খুশি হতাম। আপনারা হস্তান্তরের জন্য যে নতুন সংস্থান করেছেন—আপনি বলুন—যে কৃষক জমি পেল সেটা ইনহেরিটেন্স ল্ অনুযায়ী চলবে কি? হাসান শেখ বা রমা হালদার মারা গেল, তাদের ৪।৫ বিঘা জমি, মারা যাবার পর উত্তরাধিকার সূত্রে তাদের ছেলে-মেয়েরা পাবে—আপনি এমন কোনও আইন করতে পেরেছেন যে ফারদার ব্রেকিং আপ অফ হোল্ডিংস হবে না—জমির দ্বি-খন্ডীকরণ হবে না জমি কাটাকাটি হবে না—আপনারা কি করতে পেরেছেন? করতে পারেননি। সুতরাং আমি আবার আপনাকে বলছি আজকে নতুন করে প্রায়রিটি দিয়ে চিন্তা করার প্রয়োজন এসেছে। আজকে পুলিশকে নতুন করে, প্রশাসনকে নতুন করে সাজানো দরকার। আজকে দেশে আইন-শৃঙ্খলার দারুণ অবনতি হয়েছে। দিল্লিতে অন্ধদের উপর লাঠি চালানো বর্বরোচিত ঘটনা, কোনও সভ্য দেশে আজ পর্যন্ত এইরকম ঘটনা ঘটেনি। অন্ধদের কোনও শত্রু নেই। তাঁদের উপর লাঠি চালানো হয়েছে। ঠিক তেমনি পশ্চিমবাংলায় যদি কেউ খুন হয়—খুন আমার আপনার ঘরের ছেলেরাই হয়ে যাচ্ছে, বাঙালিরাই খুন হয়ে যাচ্ছে, নকশাল আমলে শত শত ছেলে খুন হয়ে গেছে, বাঙালি অপূরণীয় ক্ষতি হয়েছে—এই ভয়াবহ হাত থেকে বাঁচবার জন্য, প্রশাসনকে নিরপেক্ষ করবার জন্য, গ্রামীণ মানুষদের আরও স্বাবলম্বী করে গড়ে তোলবার জন্য, বেকারদের চাকুরির সংস্থান করবার জন্য, কৃষকেরা যাতে ন্যায্য মূল্যে পণ্য বিক্রি করতে পারে তারজন্য, শ্রমিকদের চাকুরির অস্থায়ীত্ব দূর করে চাকুরিতে স্থায়ীত্ব যাতে পায় তারজন্য, সরকারি কর্মচারিরা বেতন পেয়ে যাতে আরও কর্তব্য পরায়ণ হয়, সরকারি অফিসে যাতে আরও বেশি করে তাঁরা কাজ করেন—এই সরকারকে তাঁরা যেমন ভাল বাসছেন বলছেন—অফিসের কাগজপত্রগুলি ফাইল বন্দি যাতে না হয়, দুর্নীতি যাতে দূর করা যায় এবং মানুষেরা যাতে আরও দ্রুতগতিতে রিলিফ পায় তারজন্য আপনারা চেষ্টা করুন, তারজন্য আপনারা সচেষ্টা হোন। আমি আবার

বলছি, শিক্ষাক্ষেত্রে আজই জেথসাম—ইউনিভার্সিটির গ্রান্ট কমিশনের সভাপতির বক্তৃত পড়ছিলাম—আপনারা ৭ বিশ্ববিদ্যালয় সুপারসিড করে হাতে নিয়ে নিলেন, স্বাতন্ত্র কেড়ে নিলেন। আস্তে আস্তে একটার পর একটা ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলারকে যদি সরকারের উপর নির্ভরশীল করে তোলা হয় তাহলে যখনই একটি রাজনৈতিক দল বদলাবে, পাল বদল হবে তখনই তারা ভোল পাল্টাবেন। আজকে সেইদিকটা চিন্তা করার দরকার। আজকে দেখছি, হিন্দি হিন্দি করে এক রকম ব্যবস্থা হচ্ছে—আপনারা এখানে তো ইংরাজি উঠিয়ে দিলেন, সংস্কৃত উঠিয়ে দিলেন, কি অবস্থা আজকে শিক্ষা ক্ষেত্রে? তাহলে কি দেশে শিক্ষা নীতি থাকবে? থাকবে না। আজকে শিক্ষানীতি থাকা দরকার। মাননীয় বুদ্ধদেব ভট্টাচার্য হ্যাজ এ ভেরী নাইস পারসোনালিটি, তিনি বসে ঘাড় নাড়ছেন—তাঁর সঙ্গে আমার মতভেদ আছে—তাঁকে বলছি—আপনি তো অপস্কৃতির কথা বলেছেন—আমি শেষ করার আগে আবার বলছি, পেরেছেন রেসের মাঠের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করতে? আমি আপনার কাছে আশা করেছিলাম অপসংস্কৃতি দূর করবেন—কিন্তু পারেননি। আপনারা রেসের মাঠের ক্লাব দখল করার জন্য আইন তৈরি করেছেন, গভর্নমেন্ট নমিনি পাঠাচ্ছেন রেসের মাঠে। আমি দুঃখিত মাননীয় মুখ্যমন্ত্রী রেসের মাঠে উদ্বোধন করতে গেলেন—না গেলেই খুশি হতাম। আমি আবার বলছি, আজকে এই পরিস্থিতিতে আপনারা অহঙ্কার পরিত্যাগ করুন, আপনারা বিনয়ী হোন, আপনারা বিরোধীদলের বক্তব্য শুনুন এবং পশ্চিমবাংলায় যে দারুণ সঙ্কট এসেছে এই সঙ্কট মোচনের জন্য আপনারা সত্যিকারের সহযোগিতার হাত বিরোধী পক্ষ, দলমত নির্বিশেষে সকলের দিকে প্রসারিত করুন। আমরা সহযোগিতার মনোভাব নিয়ে চলতে চাই, গঠনমূলক ভাল কাজ যেগুলি আপনারা করবেন আমরা সেইগুলিকে প্রশংসা করব। আপনারা জানেন, অর্থমন্ত্রী, মন্ত্রিসভার সদস্য এবং বামপন্থী দলের সদস্যদের সঙ্গে আপনাদের বহুবার বিতন্ডা হয়েছে তবুও দারুণ সঙ্কটের সময়ে, দারুণ বন্যার সময়ে আমাদের সহযোগিতা পেয়েছেন—একথা অস্বীকার করতে পারেন আমরা দিল্লিতে গিয়ে কি একবারও বলেছি ডিসমিস দিজ গভর্নমেন্ট? মরিচঝাঁপির ব্যাপারে আমরা দারুণ ক্ষুব্ধ তাসত্ত্বেও কি আমরা দিল্লিতে গিয়ে বলেছি এদের বিচার হোক, প্রতিকার হোক? অন্য কিছু বলিনি। আর আজ আমরা দেখছি, সরকার পাল্টাবার সাথে সাথে আপনাদের দৃষ্টিভঙ্গি পাল্টে গেছে, আজকে জনতা পার্টিকে উপেক্ষা করছেন। আজ আপনারা বুঝতে পারছেন লিন লিবার্টি ইজ বেটার দ্যান স্লাভারি। এই কয়েকটি কথা বলে অর্থমন্ত্রী মহাশয় যে টাকার বরাদ্দ রেখেছেন—তার মধ্যে কিছু ভাল কাজ আছে খরচ করবার জন্য অনুমতি চাচ্ছেন—আমি সেইজন্য বিরোধিতা করব না।

[2-40 — 2-50 p.m.]

শ্রী অমলেন্দ্র রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন্যত্র পয়েন্ট অর্ডার, স্যার আপনি অনুমতি দিলে আমি বৈধতার প্রশ্ন তুলিতে চাই। কাশীবাবু অনেকদিন অসুস্থ ছিলেন, উনি অনেকক্ষণ বক্তৃতা দিয়েছেন, সেইজন্য আমি ওঁর বক্তব্যের মাঝখানে পয়েন্ট অফ অর্ডার

চলিনি। আমার পয়েন্টটা হচ্ছে এই যে কাশীবাবু বক্তৃতার মধ্যে ৩৪০০ পঞ্চায়েতের ৭০ কোটি টাকার কোনও হিসাব পাওয়া যাচ্ছে না বলেছেন, অন্য কেউ বললে আমার কিছু বলার ছিল না আপনি দেখুন রুলস অফ বিজনেসে এটা ৯০ পৃষ্ঠায় দেওয়া হয়েছে প্রসিডিওর অন ফাইনান্সিয়াল ম্যাটারস এটা শেষ হয়েছে ১০৯ পৃষ্ঠায় দেখুন—সাব হেডিং অ্যাকাউন্টস, এর ২২১, ২২২ এবং ২২৩ এই ধারাগুলি পরিষ্কার বলা আছে দি অ্যাকাউন্টস অফ দি স্টেট কিভাবে পেশ করা হবে। কাশীবাবু নিজে পাবলিক অ্যাকাউন্টস কমিটির চেয়ারম্যান ছিলেন আমি মনে করেছিলাম তিনি অন্তত ঐরকমভাবে প্রসিডিওর ফলো করবেন ২২৩ ধারার ১নং উপধারায় নো ডিসকাশন অফ দি অ্যাকাউন্টস অফ দি স্টেট ইজ পারমিসেবল, কারণ অ্যাকাউন্টসটা কোথায়, কিসের ভিত্তিতে কি করে তিনি জানলেন ৭০ কোটি, ৭৫ কোটি বা ১০০ কোটি টাকার হিসেব নেই? হাউ কুড হি নো দ্যাট? সুতরাং এটা আউট অফ অর্ডার, এটা অপ্রাসঙ্গিক, এটা বিধিবহির্ভূত, এইভাবে ফাইনান্সিয়াল ম্যাটারস অ্যাপ্রোপ্রিয়েশন বিল নিয়ে এই রকম ধরনের আলোচনা করা যায় না।

ডাঃ জয়নাল আবেদিন ঃ আমি দুঃখিত, ওঁর সঙ্গে একমত নই—ইট ইজ আওয়ার রাইট অ্যান্ড প্রিভিলেজ টু রেজ দিস কোয়েশ্চেন ডিউরিং ডিসকাশন।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অমলবাবু বক্তৃতায় আইনের ধারার কথা বলেছেন, কিন্তু পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী অনেক ব্যাপারেই পশ্চিমবঙ্গকে তছনছ করেছেন, সেইজন্য আমি আজ থেকে ওর নাম দিলাম তচনছ মন্ত্রী।

[2-50 — 3-00 p.m.]

শ্রী সুনীল বসু রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় অর্থমন্ত্রী যে দুটি অ্যাপ্রোপ্রিয়েশন বিল উপস্থিত করেছেন এবং আগামী বছরের যে ব্যয় অনুমোদন—তিনি আগেই অনুমোদন লাভ করেছেন যে ব্যয় করার দাবি করেছেন সেই বিল দুইটির সমর্থনে আমি বলছি। এখানে বিরোধীদলের নেতা কাশীবাবু সুদীর্ঘ বক্তৃতা দিয়েছেন এবং শেষের দিকে তিনি সহযোগিতার কথা বলেছেন, কিন্তু সমস্ত বক্তৃতার মধ্যে সমস্ত বিষয়ে, সমস্ত ব্যাপারে তাঁর বিরোধিতার কথাই তিনি বলে গেলেন। তাহলেও শেষে সহযোগিতার কথা বলেছেন। সেই সহযোগিতার কথা মনে করে আমরা নিশ্চয় আশা করব আগামী দিনে ঐ স্বৈরতন্ত্রের বিরুদ্ধে গণতন্ত্রকে রক্ষা করার জন্য রাজ্যের অধিকার রক্ষার জন্য ব্যাপক সংগ্রামে যেতে হলে সরকার যখন তীব্র থেকে তীব্রতর হবে এবং তাঁদের আশঙ্কা বাস্তবে পরিণত হবে তখনও তাঁদের সহযোগিতা আমরা পাব এই আশা করে আমি আমার বক্তব্য শুরু করছি। পশ্চিমবাংলার যে বাজেট আমরা পেশ করলাম সেখানে আমাদের যে সীমিত ক্ষমতা সেই সীমিত ক্ষমতার কথা বললে রাজনৈতিক দল থেকে উষ্মা প্রকাশ করা হয় যেন এই কথাটা বলা অন্যায়। কিন্তু এটা সত্য কথা এখানে এই সরকার আছে বলেই তাই নয় কোনও রাজ্য সরকারেরই এমন কোনও ক্ষমতা নেই যে সে তার নিজের রাজ্যের ক্ষেত্রে কোনও ভাল ব্যবস্থা নিজে

থেকে গ্রহণ করতে পারেন যতক্ষণ না কেন্দ্র তাকে অনুমতি দিচ্ছে। আমরা কিভাবে বাজেট করব, কিভাবে রাজস্ব আসবে, কিভাবে ব্যয় করব এই সমস্তগুলি কেন্দ্রের উপর নির্ভরশীল। সুতরাং কোনও ক্ষমতা নেই এই কথা বলা অন্যায় নয় বরং এই বাস্তব সত্য স্বীকার করতে হবে। এরজন্য কেন্দ্র রাজ্য সম্পর্ক পরিবর্তন না হলে ভারতবর্ষের আর্থিক উন্নতির কোনও সম্ভাবনা নেই। গত বছর যেখানে ৪শো কোটি টাকা উন্নয়ন খাতে বা যোজনা খাতে খরচ করেছিলাম সেখানে আমরা এবার ৫শো কোটি টাকার প্রস্তাব করেছি। নিজেদের আয়ের যা উৎস আছে তার বেশির ভাগ কিভাবে পাওয়া যায় অথচ জনসাধারণের উপর করের বোঝা না চাপিয়ে তাদের রিলিফ দিয়ে কিভাবে উন্নয়ন খাতে আরও অর্থ বরাদ্দ করতে পারি সে চেষ্টা করেছি। ১৯৭৯-৮০ ও ৮০-৮১ সালে এই সরকারের অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি যেটা প্রকাশিত হয় সেটা আমাদের বুঝতে হবে। এ বিষয়ে কংগ্রেস (আই) কে আমি বলতে চাই না কারণ তাদের দুরদৃষ্টির কোনও ব্যাপার নেই। কৃষিতে যেখানে গত বছর ৯৯ কোটি টাকা ছিল এবার ১১০ কোটি টাকার প্রস্তাব করা হচ্ছে। সেচ ও বন্যা নিয়ন্ত্রণ ৬৪ কোটির জায়গায় ৯০ কোটি, বিদ্যুতের জন্য ১৩৬ কোটির জায়গায় ১৪৫ কোটি, শিল্প বাণিজ্য উন্নয়নে ৩৫ কোটির জায়গায় ৪৫ কোটি যোগাযোগ ও যানবাহনে ২৩ কোটির জায়গায় ৫৩ কোটি এবং শিক্ষা সহ সমাজ উন্নয়নের জন্য ২১ কোটির জায়গায় ১৬৩ কোটি টাকা ধরা হয়েছে। অর্থাৎ যে যে খাতে ব্যয় করলে রাজ্যের আর্থিক ক্রিয়াকলাপকে বৃদ্ধি করা যাবে সেইসব খাতে আমরা ব্যয় বরাদ্দ করেছি। অথচ বলা হচ্ছে কিছু করা হয়নি কিন্তু কেন্দ্রের অর্থনৈতিক ক্ষেত্রে কী করা হয়েছে? আমরা জানি কোনও রাজ্যের অর্থনীতি তা পঃ বাংলা হোক, বিহার বা আসাম হোক এটা সর্ব ভারতীয় অর্থনীতির একটা অবিচ্ছেদ্য অঙ্গ। সেইজন্য সর্বভারতীয় যে প্রকাশ ঘটে তারই প্রকাশ দেখা যায় রাজ্যে রাজ্যে সেইজন্য জিনিস পত্রের দাম বাড়ে রাজ্যে লগ্নি হয়না বেকারি বৃদ্ধি হয়। তখনই বুঝতে হবে যে কেন্দ্র অর্থনীতি যা রচনা করছেন যারা সেই নীতির প্রয়োগ করছেন তাদের নীতির মধ্যে এমন একটা গলদ আছে সমস্ত ভারতবর্ষের বিকাশ যাতে না হয় সেটা তারা চান না। যারা ভারতের অর্থনীতি প্রয়োগ করছেন তার একচেটিয়া পুঁজিপতি বড় বড় জমিদার এবং মাল্টি ন্যাশনাল কোম্পানিগুলির স্বার্থে তা করছেন। আমরা দেখলাম নূতন সরকার হবার পর উপরাষ্ট্রপতি এবং বাণিজ্য মন্ত্রী উভয়ে ঐক্যতানে মাল্টি ন্যাশনাল কোম্পানিগুলিকে সাদরে আহ্বান জানালেন। কাশীবাবু কি তাদের চেনেন না? অথচ সেখান থেকে যখন কথা উঠেছে যে ভারতবর্ষের মাল্টি ন্যাশনালদের আরও সুযোগ দেওয়া হোক তাদের করের বোঝা আরও কমানো হোক তখন কোনও আপত্তি উঠল না। কোকা কোলা এবং আই বি এম তারা ইতিমধ্যে কেন্দ্রের কাছ থেকে নিভৃতে অনুমতি পেয়ে গেছেন এবং ভারতবর্ষে আসার জন্য বিমান কোম্পানি গুলোতে লাইন রিজার্ভ করে রেখে দিয়েছেন। ভারতবর্ষে এই সমস্ত পুঁজির যোগসূত্র আজকের নয় ব্রিটিশ আমল থেকে চলে আসছে এবং তারাই ভারতের অর্থনীতিকে নিয়ন্ত্রণ করছে। আবার এই সব সূত্র থেকেই অনেক রাজনৈতিক নেতা ও দল আক্রান্ত হয়। নূতন সরকার কেন্দ্রের বাজেট করেছেন কিন্তু তারা কোন অর্থনীতি অনুসরণ করবেন তা বলেন নি। যোজনা কমিশন তারা

ভেঙে দিয়ে বলেন নি যে এর কি লক্ষ্য হবে এবং কত কোটি টাকা আগামী ৫ বছরে লগ্নি হবে। অথচ তারা যে বাজেট করেছেন তাতে কোনও নূতন কথা বলা হয় নি। কিন্তু এদিকে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী ইতিমধ্যে একটা কথা বললেন যা অর্থনৈতিক পত্রিকাগুলিতে এ নিয়ে খুব বেশি আলোচনা হয়েছে তা হল কৃষি পণ্যের দাম এমনভাবে ঢেলে সাজানো হবে যাতে কেবল বড় বড় জমিদাররাই লাভবান হয়। অর্থাৎ তিনি যে প্রস্তাব করেছেন তাতে মার্জিনাল চাষি বা সাব মার্জিনাল বর্গাদারদের কোনও উপকার হবে না। তিনি কোনও প্রস্তাব করেননি যে ভূমি বন্টন কি ভাবে করা যায় বা ভূমি সংস্কারের নীতি কিভাবে গ্রহণ করা হবে বা তফসিলিদের কি পরিমাণ জমি দেওয়া হবে। ভারতবর্ষে যে জমি খাস হয়েছে তার শতকরা ৪০ ভাগ পশ্চিমবাংলায়-হয়েছে। অথচ পশ্চিমবাংলার আয়তন সারা ভারতের ২.৭ ভাগ ৬৮ সাল থেকে অপারেশন বর্গা নিয়ে পঃ বাংলায় আমরা বার বার চেষ্টা করছি এবং এবার অপারেশন বর্গার মধ্য দিয়ে আমরা পঃ বাংলায় বর্গাদারদের নিজস্ব অধিকার দেবার চেষ্টা করছি। এই নিয়ে হাইকোর্টে মামলা হয়ে ইনজাংশন জারি হয়েছে। তা সত্ত্বেও চিরদিন যারা বঞ্চিত সেই লক্ষ লক্ষ বর্গাদারদের যারা অধিকাংশই তফসিলি সমাজের লোক তাদের নিজস্ব অধিকার একমাত্র পশ্চিমবাংলায় স্বীকার করা হয়েছে। পশ্চিমবাংলায় তারা বাস্তু পাচ্ছে, চাষের জমি পাচ্ছে, পশ্চিমবাংলায় জমি থেকে উচ্ছেদ বন্ধ হচ্ছে। আর বিহারে কি হচ্ছে, উত্তর প্রদেশে কি হচ্ছে, কি হচ্ছে কালাহান্ডিতে মধ্যপ্রদেশে? সেখানে ক্ষেত মজুরদের বাস্তু সামান্য আছে, এক টুকরো ছোট জমিও নেই, সেই সমস্ত কৃষি শ্রমিক যারা তফসিলি জাতি, তফসিলি উপজাতি তাদের শুধু যে উচ্ছেদ করা হচ্ছে তাই নয়, তাদের জীবন্ত দগ্ধ করা হচ্ছে, তাদের ঘর-বাড়ি পুড়িয়ে ছাই করা হচ্ছে, তাদের গ্রাম থেকে বের করে দেওয়া হচ্ছে, বন্দুক দিয়ে শিকার করছে মানুষকে এই হচ্ছে সেখানকার অবস্থা। এটা আজকে ভারতবর্ষে নিষ্করুণ কঠোর বাস্তব সত্য। এই বাস্তব সত্যকে যদি বদলাতে হয় তাহলে ভূস্বামীদের যে জমির ক্ষমতার চ্যালেঞ্জ সেই চ্যালেঞ্জকে ভাঙতে হবে। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার যেভাবে ভূমি সমস্যার সমাধান করবার চেষ্টা করছেন সেই সমস্যার সমাধান সেই পথেই হবে। আমাদের বিরোধী দলের নেতারা ভুলে গেলেন যে ভোলানাথ শাস্ত্রী পাশোয়ান তিনি কমিউনিস্ট পার্টির লোক নন, মার্কসবাদি নন, কোনও বামপন্থী নন, তিনি পশ্চিমবঙ্গে এসেছিলেন, তিনি বলে গেছেন পশ্চিমবঙ্গে যেভাবে আজকে সমস্ত কৃষকদের, কৃষিজীবী কর্মীদের, গ্রামের মানুষদের স্বার্থকে রক্ষা করার ব্যবস্থা হচ্ছে এটা ভারতবর্ষে হয়নি। পশ্চিমবঙ্গে আমরা মানুষের হাতে ক্ষমতা দেওয়ার চেষ্টা করেছি। ভারতবর্ষের অন্যান্য জায়গায় পঞ্চায়েত আরও আগে থেকে হয়েছে, পশ্চিমবঙ্গে কংগ্রেস সরকার এই পঞ্চায়েতকে নিষ্ক্রিয় করে রেখেছিলেন, কাজ করতে দেননি, ১৫/২০ বছর বাদে প্রথম বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচন করেছেন, সারা ভারতবর্ষের মধ্যে প্রথম পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচন করেছেন, সারা ভারতবর্ষের মধ্যে প্রথম পশ্চিমবঙ্গে এবং ত্রিপুরায় পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের জনগণের হাতে, কৃষকের হাতে যে কৃষক নিরক্ষর, যে কৃষক জানে কিভাবে চাষ করতে হয়, যে কৃষক কৃষি বিদ্যার সূক্ষ্ম কৌশলগুলি জানে, সেই কৃষকের হাতে ক্ষমতা দিয়েছি। তাই দেখছি বন্যা এবং খরা দুটি

বিপর্যয়ের ভেতর দিয়ে গ্রামের মানুষ দৃঢ়তার সাথে মাথা সোজা করে দাঁড়িয়েছে প্রকৃতির চ্যালেঞ্জকে মোকাবেলা করার জন্য। আজকে গ্রামের বড় বড় ভূস্বামী প্রতিক্রিয়াশীল লোকের শয়তানির চ্যালেঞ্জ গ্রামের গরিব মানুষরা গ্রহণ করেছে। এখানে যারা বিরোধী দল বিশেষ করে কংগ্রেস (আই) যারা সমাজতন্ত্র গণতন্ত্রের কথা বলেন, জনগণকে ক্ষমতা দেবার কথা বলেন, আসলে তারা হচ্ছেন ভারতবর্ষের সমস্ত প্রতিক্রিয়াশীল শক্তির পুঞ্জিত একটা কেন্দ্র। কিন্তু আমার দুঃখ হল কাশিবাবুও যখন বললেন পঞ্চায়েত কেন হিসাব দিচ্ছে না। তিনি বিগত বিধানসভায় ছিলেন, ১৯৭১-৭২ সালে ২১ কোটি টাকা কেন্দ্র থেকে পশ্চিমবঙ্গের কংগ্রেস সরকারকে দেওয়া হয়েছিল বাংলাদেশ থেকে যারা আসছে তাদের রিলিফের জন্য। শুধু তাই নয়, কম্বল কেলেঙ্কারির কথা আমরা অনেকেই জানি এবং সেইসব টাকা যে ব্যবহার করা হয়েছিল দল ভাঙাভাঙির জন্য সেটাও আমরা জানি, কিন্তু সেই ২১ কোটি টাকার হিসাব তারা কেন নেননি? যখন ১৯৭৫, ১৯৭৬, ১৯৭৭ সালের মার্চ অবধি তাদের সরকার ছিলেন কেন্দ্রে, কোনওদিন ঐ ২১ কোটি টাকার হিসাব দেওয়া হয়নি। তখনকার মন্ত্রী এখন বিরোধী পক্ষে রয়েছেন, তারা বলুন ২১ কোটি টাকার হিসাব কেন সেদিন দেওয়া হয়নি? আজকে কি উদ্দেশ্যে কোনও মতলব হাঁসিল করবার জন্য বার বার হিসাব চাওয়া হচ্ছে? যদি এতটুকু তাদের সততা থাকত তাহলে তাদের দলের নেতা যিনি কেন্দ্রে মন্ত্রী হয়ে বসে আছেন তার কাছ থেকে এক্সপ্ল্যানেশন কল ফর করতে হয় আগে যে তোমরা কেন হিসাব দাওনি। এইভাবে একটা দেশের অর্থনীতিকে গড়ে তোলা যায় না। যদি দায়িত্বশীল হতে হয় তাহলে যেখানে দুর্নীতি আছে সেখানে আঘাত করতে হবে। দুর্নীতির নিজে কেন্দ্রবিন্দু হব, সমস্ত প্রতিক্রিয়া শক্তির কেন্দ্রবিন্দু হব, অথচ দুর্নীতির বিরুদ্ধে প্রতিক্রিয়ার বিরুদ্ধে কথা বলব সেটা পরিহাস ছাড়া আর কিছু নয়। এই যে পরিহাসের লীলাখেলা এটা বন্ধ করতে হবে। যারা বন্ধ করবেন না তাদের দায়িত্ব ভারতবর্ষের জনগণ নেবেন সেই বিষয়ে কোনও সন্দেহ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলের ভেতর দিয়ে আমরা যে টাকা চেয়েছি সেই টাকা আমরা খরচ করব পশ্চিমবঙ্গের অর্থনৈতিক পুনরুজ্জীবনকে সহজ এবং দৃঢ় করবার জন্য। কিন্তু সেই পুনরুজ্জীবনকে যদি দৃঢ় করতে হয় তাহলে আমাদের টাকা চাই, অর্থনৈতিক অধিকার চাই।

[3-00 — 3-10 p.m.]

কারণ টাকা না থাকলে যেমন কাজ করা যায়না ঠিক তেমনি সরকারের অধিকার না থাকলে কখনও অধিকার প্রয়োগ করা যায়না। আমাদের শিল্পমন্ত্রী এবং অর্থমন্ত্রী বলেছেন আমরা একটা শিল্প নিয়ন্ত্রণ আইন প্রয়োগ করতে পারি। আমাদের রাজ্যের কোনও শিল্প যদি রুগ্ন হয়, দুর্বল হয় তাহলে রাজ্য সরকারের কোনও অধিকার নেই নিজ থেকে সেখানে হস্তক্ষেপ করে। কয়লা খনি শিল্প সম্বন্ধে মাননীয় সদস্য কাশীবাবু অনেক কথা বলেছেন। এই ব্যাপারে তার চেয়ে আমি অনেক বেশি জানি। আমাদের কয়লা খনি শিল্পের উপর রাজ্যের কোনও নিয়ন্ত্রণ নেই একটা অদ্ভুত ব্যাপার। স্যার বীরেন এখন যতই গণতন্ত্রের কথা বলুন

না কেন আমরা জানি তিনি ওই ক্যাপিটালিস্ট গ্রুপেরই লোক। ওই কারখানা যদি জাতীয়করণ করা না হত তাহলে সেখানে কি পরিস্থিতির উদ্ভব হত? আমরা জানি টিসকো বলুন আর কয়লা খনিই বলুন পশ্চিমবাংলার শিল্পের রুগ্নতা দূর হচ্ছেনা। এটা দূর করতে হলে আইনগুলো পাল্টাতে হবে। কাজেই কেন্দ্রের সঙ্গে কথা বলুন এবং দরকার হলে আমরা এখানে আন্দোলন করব যাতে আমরা আমাদের অধিকার পাই। আমরা পশ্চিমবাংলায় এবং বিভিন্ন রাজ্যে যে সঙ্কটে জর্জরিত, যে রোগে আমরা ভুগছি তার হাত থেকে যদি বাঁচতে হয় তাহলে সেই বাঁচার ক্ষেত্রে যে প্রশ্ন রয়েছে তার সমাধান করা প্রয়োজন। প্রথম কথা হল, কেন্দ্র রাজ্য সম্পর্কের পুনর্বিন্যাস করতে হবে এবং এটা হচ্ছে আমাদের ন্যূনতম কাজ। রাজ্যের হাতে অধিকার বেশি দেবার জন্য, রাজ্যের শায়ত্ত শাসনের অধিকার নিশ্চিত করবার জন্য এবং রাজ্যকে ভাঙবার যে ষড়যন্ত্র করছে তারজন্য আমাদের সংগ্রাম করতে হবে এবং আমরা এরজন্য প্রতিবাদ জানিয়ে যাব। আমাদের উপর যতই চাপ সৃষ্টি করা হোক না কেন সমস্ত গণতান্ত্রিক মানুষ, বামপন্থী মানুষকে ঐক্যবদ্ধ হয়ে এরজন্য লড়াই করতে হবে। আমাদের যা কিছু আর্থিক সাফল্য হয়েছে তাতে শ্রমিকরা একথা ভুলতে পারবেনা যে ইন্দিরা গান্ধীর সরকার তাদের বোনাস কেড়ে নিয়েছেন। আমরা জরুরি অবস্থার পর পুনরায় সেটা চালু করেছি। কাজেই শ্রমিকরা নিশ্চয়ই এই কর্মে অগ্রণী ভূমিকা পালন করবে এবং কৃষক সমিতি, শ্রমিক সকলেই এর মোকাবিলা করবে, কেন্দ্রীয় সরকারের আক্রমণের মোকাবিলা করবে এবং পশ্চিমবাংলার গণতান্ত্রিক অধিকার রক্ষা করবে। একথা বলে এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আব্দুস সাত্তার ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দুটো বিল মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন। এক নম্বর বিল হাউসে যে সমস্ত বাজেট পাস করালেন তার খরচা করবার জন্য, মোটামুটি অনুমতি বলুন কিংবা সংবিধানের সাংবিধানিক বক্তব্য যা করার তা করলেন। তার পরে যে সাপ্লিমেন্টারি বিল তারজন্য ২ নম্বর। স্যার এই অ্যাপ্রোপ্রিয়েশনের অর্থ হচ্ছে আত্মসাৎ, আরেকটা অর্থ হচ্ছে উপযোজন। স্যার, আমি বলব বর্তমান সরকার এই টাকা পয়সা নিয়ে যেভাবে ছিনিমিনি খেলছেন, কিংবা যেভাবে দলবাজি করছেন, কিংবা যেভাবে আত্মসাৎ করছেন সেইজন্য মাননীয় অর্থমন্ত্রী ঠিকই বিলের নাম দিয়েছেন আত্মস্মাৎ করণের বিল। স্যার, আমার মনেহয় মাননীয় অর্থমন্ত্রী স্বীকার করবেন যে অ্যাপ্রোপ্রিয়েশন এর অভিধানিক অর্থ হচ্ছে আত্মসাৎ করেন। সেজন্য আমি এই বিলকে সমর্থন করতে পারছি না। কারণ পঞ্চায়েত থেকে আরম্ভ করে প্রত্যেক জায়গায় এই আত্মসাতের কাহিনী লিপিবদ্ধ হয়ে আছে। সুতরাং আজকে আত্মসাৎ করণের বিল মাননীয় অর্থমন্ত্রী এনেছেন সেজন্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলছি আপনারা যে নাম দিয়েছেন অ্যাপ্রোপ্রিয়েশন বিল অথবা উপযোজন, এই উপযোজন কথাটা ব্যবহার না করে আত্মসাৎ করণের বিল বলুন তাহলে ঠিক হবে। স্যার, আমি এই সরকারের বর্তমানের চেহারাটা সম্বন্ধে একটি হিউমার করে আরম্ভ করছি তাহলে নিশ্চয় ওরা খুশি হবেন। আমার একজন অ্যাডভোকেট বন্ধু তিনি খুব ধর্মে বিশ্বাসি। তিনি

বলছিলেন যে আমি রোজ ভগবানের নাম কীর্তন করতাম কিন্তু এখন এই বর্তমান সরকার আসার পরে এই নাম কীর্তনের কয়েকটা শব্দ বদলে দিয়েছি। আমি বললাম আপনি আগে কি করতেন, আর এখন কি করছেন, উনি বললেন আগে বলতাম—

'হরে রাম হরে রাম - রাম রাম হরে হরে,

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।।

[3-10 — 3-20 p.m.]

এখন এর কোটা উঠিয়ে দিয়েছি আর ক রিকার উঠিয়ে দিয়েছি সেটা এখন হবে "হবে বাম হবে বাম বাম বাম হবে হবে, হবে কষ্ট হবে কষ্ট কষ্ট কষ্ট হবে হবে।।" আজকে এই সরকারের কথা আমি বলছি, এই কষ্টের কথাটা আমি এক এক করে তুলে ধরব। আজকে প্রশাসনিক দিক সমর্থন করতে পারছি না এই কারণে প্রশাসনের প্রতিটি ক্ষেত্রে এই সরকারের অপদার্থতা ফুটে উঠেছে। যদি এক এক করে ধরেন তাহলে দেখতে পাবেন সমস্ত প্রশাসনিক যন্ত্রগুলিকে তারা দলের স্বার্থে ব্যবহার করছেন। থানা থেকে আরম্ভ করে জে.এল.আর.ও. অফিস ডি.এম. অফিস, এস.ডি.ও. অফিস ঐ প্রত্যেকটি অফিসের এদের কো-অর্ডিনেশন দলের একটি আড্ডা খানায় পরিণত হয়েছে। আজকে প্রশাসন ভেঙে পড়েছে। তাই মুখ্যমন্ত্রী অসহায়ের মতো বলছেন আমি ১২টায় গিয়েছি তবুও দেখছি যে কর্মচারিরা অফিসে আসেন নি। আজকে তারা জানে যদি এইরকম প্রশাসন হয় অফিসে ১২টার সময় স্বয়ং মুখ্যমন্ত্রী গেলে কোনও কর্মচারিকে দেখতে না পান তাহলে প্রশাসন কিরকম চলছে আর কে চালাচ্ছে স্পষ্টই বোঝা যায়। আজকে জে.এল.আর.ও.কে যদি বর্গা অপারেশনে এনকোয়ারি করতে বলা হয় তাহলে সেখানে তিনি দেখবেন যে তার কিছু করণীয় নাই। সেখানে পঞ্চায়েত কমিটির চেয়ারম্যান যেকথা বলবেন তাকে সেই কাজই করতেই হবে। আমি সেটা জানি আমার সমস্ত কিছু আলোচনা করার অধিকার আছে, এটা আমাদের রুলসেই আছে। আজকে আপনি দেখবেন যে প্রত্যেকটি ক্ষেত্রেই অপদার্থতার ছাপ। মুখ্যমন্ত্রীর দপ্তর পুলিশ বিভাগে আমরা ব্যয় বরাদ্দ করেছি কত? আমরা ব্যয় বরাদ্দ করেছি ৬৮ কোটি টাকা এই খাতে, গত বৎসর ব্যয় বরাদ্দ ছিল ৬৩ কোটি ৮৬ লক্ষ টাকা, আপনি সাপ্লিমেন্টারিতে দিয়েছেন ৩ কোটি ২৯ লক্ষ টাকা অর্থাৎ ৬৩ কোটি ৮৬ লক্ষ তার সঙ্গে ৩ কোটি ২৯ লক্ষ, অর্থাৎ গতবারে ৬৭ কোটি টাকা ব্যয় বরাদ্দ করেছিলেন পুলিশ খাতে। কিন্তু এই পুলিশের অবস্থাটা কি? আজকে আপনি থানায় যান সেখানে ডেমোক্রাসি বা মার্কসিস্ট ডেমোক্রাসি আছে বলে আমি জানিনা, সংবিধানের গণতন্ত্র একরকম আর মার্কসিষ্ট গণতন্ত্র যার একরকম, আজকে এই গণতন্ত্রে থানায় যদি খুন হয়ে যায় এবং সেই খুনের যদি ডায়রি করেন কিন্তু সেই খুনি আসামি যদি সি. পি এম, এর লোক হয়, থানায় ডায়রি নেয়না। আমি বারবার মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি, আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলাম এবং তখন তাকে ৭/৮টি মার্ডার কেস দিয়ে এসেছিলাম। আজকে ৭/৮টি মার্ডার কেস দিয়ে আসা সত্ত্বেও মুখ্যমন্ত্রী আমাকে বলেছিলেন

যে আমি দেখব, কিন্তু বারবার রিমাইনডার দেওয়া সত্ত্বেও মুখ্যমন্ত্রী- আমি জানি তিনি এই বিভাগের মন্ত্রী, তিনি আজ পর্যন্ত তার কোনও প্রতিকার করেননি। যখনি যাই বলেন যে লিখিত দেন, যখন লিখিত দিলাম, তখন চুপচাপ। আমি তাকে দুবার রিমাইন্ডার দিয়েছি যে, মুর্শিদাবাদের এস,পি,র চিঠি আমার কাছে আছে, স্যার, প্রশাসন একরকম যাহান্নামে গিয়েছে, কেবল কলকাতার ডি, সি, এবং পুলিশ কমিশনারের চিঠি থেকে এটা প্রমাণ হয় তা নয়, গ্রামের দিকে যান এস,পি, বলে দিয়েছে সমস্ত দারোগাদের, ও,সি,দের খুনি বা দোষিরা যদি সি,পি,এম,র লোক হয় তাহলে তাকে অ্যারেস্ট করা হবেনা। শুধু তাই নয়, এস,পি,র কতবড় আস্পর্দা তিনি আমাকে চিঠি লিখেছেন, তাতে বলেছেন যে রাত্রি ১১টা কি ১২টার সময় তাকে যেন ফোন করা না হয়। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম তিনি বলেছিলেন আমাকে নিশ্চয়ই দেখব। একজন এম,এল,এ,র প্রতি যদি একজন এস,পি, এইরকম ব্যবহার করতে পারে, এই ভাষা ব্যবহার করতে পারে প্রশাসন কেমন চলছে। আজকে অরাজগতা প্রশাসনে চলছে। আপনি আজকে যেখানে যাবেন দেখবেন একই জিনিস, একই ধরনের, একই প্রবাহ চলছে। আমি জানিনা মার্কসিস্ট গণতন্ত্রে এইসব জিনিস আছে কিনা আজকে দেখলাম খবরের কাগজে যে মুখ্যমন্ত্রী এবং প্রমোদ দাশগুপ্ত নাকি চেষ্টা করছেন একটা সম্মেলন ডাকার যাতে ইন্দিরা গান্ধীর হাত থেকে গণতন্ত্রকে বাঁচানো যায়। এটা হচ্ছে ভূতের মুখে রাম নামের মতো। স্বয়ং মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু মরিচঝাপিতে সাংবাদিকদের যেতে দেননি, ঐ মরিচঝাপিতে শত শত উদ্বাস্তুদের খুন করা হয়েছে অথচ জানবার কারো অধিকার থাকল না। মরিচঝাপির খুনের ব্যাপার জানবার জন্য যখন এম,এল,এ,রা যেতে চাইলেন তাদের যেতে দেওয়া হলনা, তখন গণতন্ত্র নষ্ট হয়না। মরিচঝাপিতে যখন শত শত উদ্বাস্তুকে না খাইয়ে গুলি করে হত্যা করা হয়েছিল অথচ এই পশ্চিমবাংলার মানুষের, ভারতবর্ষের মানুষের তা জানবার কোনও অধিকার থাকেনি তখন গণতন্ত্র নষ্ট হয়না, যখন একজন খুনি একজন মানুষকে খুন করেছে, সেই খুনিরা, সি,পি,এম,র লোকেরা হলে দিনের পর দিন, মাসের পর মাস দেখা যাচ্ছে পুলিশ সেই আসামিকে ধরবার চেষ্টা করছেনা তখন জ্যোতিবাবুর গণতন্ত্র নষ্ট হয়না। আজকে সেই সুরেন ঘোষের কথা, সে ২৩/১১ তারিখে খুন হয়েছে, দিনের বেলায় খুন হল কিন্তু সেই খুনিকে অ্যারেস্ট করা আজ পর্যন্ত হ.না- এই ২৩ তারিখের ঘটনা বারবার মুখ্যমন্ত্রীকে বলেছি অথচ তিনি বলছেন যে আমার ল'অ্যান্ড অর্ডার ঠিক আছে। গ্রামের অবস্থা কিছুক্ষণ আগে কাজি হাফিজুর সাহেব বললেন যে ফসল তোলার মুখে গ্রামে কিভাবে সন্ত্রাস চলছে, সি,পি,এম,র লোকেরা এক জায়গায় মিলিত হয়ে জমি থেকে চৈতালি ফসল তারা লুঠে নিচ্ছে। পুলিশকে বলা সত্ত্বেও পুলিশ আসেনা, ডায়রি করা হচ্ছে, কেবল ডায়রি করা হচ্ছে পুলিশ কোনও অ্যাকশন নেয়না, এই হচ্ছে জ্যোতিবাবুর গণতন্ত্র। আজকে জ্যোতিবাবুর গণতন্ত্রে জ্যোতিবাবুরর প্রশাসনিক মহিমা আপনি দেখবেন যে আজকে যদি কোনও রেপ কেস হয় এবং সেই রেপ কেসের আসামি যদি সি,পি,এম,এর লোক হয় তাহলে পুলিশের ক্ষমতা নেই সেই সি,পি,এম,র লোককে বন্দি করার। আপনি আরও শুনবেন স্যার, এই প্রশাসন কোথায় গিয়েছে? রেপ কেসের আসামী সি, পি, এমের

লোক হলে কিছু হবে না। প্রশাসন কত দুর্বল হয়ে পড়েছে। সি, পি, এমের মুর্শিদাবাদের জেলার সেক্রেটারি শ্রী সত্যচন্দ্র অসুস্থ হয়ে হাসপাতালে এসেছিলেন। কয়েকদিন আগে এখানে এসেছেন। যতদিন তিনি অসুস্থ ছিলেন মাননীয় এস, পি সুলতান সিং তারজন্য প্রতিদিন ফলমুল নিয়ে যেতেন হাসপাতালে। তার গরম জলের দরকার হলে A.S.P. মহাশয় গরম জল নিয়ে আসতেন। সেই সত্য চন্দ, সেখানকারর C.P.M. সেক্রেটারি পদলেহন করার জন্য পুলিশ কত তৎপর। তাহলে কি অবস্থা দেখুন। শুধু তাই নয় আজকে সীতেশন্যার গ্রামে খুন হয়েছে, ১৩টা বাড়ি সি, পি, এমের লোকেরা লুঠ করে নিয়েছে। আজকে তার বিরুদ্ধে কোনও মোকদ্দমা হয়নি। আজকে এইভাবে সন্ত্রাস গ্রামের দিকে চলছে। অথচ বলছেন, সন্ত্রাস নেই, ল অ্যান্ড অর্ডার ঠিক আছে। আজকে প্রতিটি ক্ষেত্রে মুখ্যমন্ত্রীকে বলা সত্ত্বেও মুখ্যমন্ত্রী যদি কিছু না করেন তাহলে কি হয়? আমি বলবো, গণতন্ত্রকে হত্যা করার জন্য মুখ্যমন্ত্রী এইটা করছেন। আজকের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু আর সেদিন বিরোধী দলে যখন ছিলেন জ্যোতি বসু তারমধ্যে আকাশ-পাতাল তফাৎ। তিনি আজকে আন্দোলনে ভয় পাচ্ছেন, আজকে আন্দোলন দেখে ভয়ে আঁতকে উঠছেন। কিন্তু বিরোধী দলের নেতা যখন ছিলেন তখন তিনি কত বাস পুড়িয়েছেন, কত বাস পোড়াবার ব্যাপারের উস্কানি দিয়েছেন — এইটা তিনি ভুলে গিয়েছেন। আজকে দেখা যাচ্ছে, সেই জ্যোতি বসু বলে চলেছেন আন্দোলন করুন শান্তিপূর্ণভাবে। শান্তিপূর্ণ আন্দোলন করলে তবু পুলিশি হস্তক্ষেপ হয়। আমি দুর্নীতির কথা বলছি, বাহাদুর অঞ্চল প্রধানের বিরুদ্ধে যে অভিযোগ তার দলের লোকেরাই করেছিল, পঞ্চায়েতমন্ত্রীর লোকেরা করেছিল, সেটার কি হল? শুধু তাই নয়, গজধরপাড়ার অঞ্চল প্রধান অডিট রিপোর্টে ২৭ হাজার টাকা মেরেছে এইটা ধরা পড়েছে। তবু দোষ হয়না। শুধু তাই নয়, সাগরদীঘির প্রধান তার নাম হচ্ছে বদরুদোজা তিনি হড়হড়ি কো-অপারেটিভের চেয়ারম্যান। তিনি সাড়ে তিন লক্ষ টাকা উঠিয়েছিলেন। তারমধ্যে একলক্ষ টাকা দিয়েছেন, দু লক্ষ টাকা আত্মসাৎ করেছেন, তার হিসাব নেই। দুলক্ষ টাকার মধ্যে বাস করেছেন, বাড়ি করেছেন, ও সি, পি, এমের লোক বলে কিছু হয়নি। সাগরদিঘীর জ্যোতি বসু গিয়াসউদ্দিন চাঁদা উঠাচ্ছেন যাতে টাকাটা দিয়ে দেওয়া যায়। এই হচ্ছে আত্মসাতের কাহিনী।

[3-20 — 3-30 p.m.]

নবগ্রামের একটা ঘটনা বলছি, সেখানে একই অবস্থা। আমাদের পঞ্চায়েতমন্ত্রী সেদিন বললেন, গত শনিবার দিন, ১১২ কোটি টাকা দেড় বছরে খরচ করা হয়েছে। পশ্চিমবাংলায় ১১২ কোটি টাকা খরচ করা হলে পশ্চিমবাংলাকে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ বলা যায়। তারমধ্যে ৭২ কোটি টাকার হিসাব পেয়েছেন, বাকিটার পাননি। এই যে টাকা ১১২ কোটি যদি দেড় বছরে করা যায় তো পশ্চিমবাংলাকে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ করা যায়, পশ্চিমবাংলার বেকারত্ব দূর করা যায়, এটা একটা বিরাট পদক্ষেপ, কিন্তু এইসব টাকার মধ্যে সেভেন্টি ফাইভ পারসেন্ট টাকা পঞ্চায়েত আত্মসাত করেছে পশ্চিমবাংলার পঞ্চায়েত প্রধান সি পি এম-এর লোক এবং এরা এই আত্মসাৎ করেছে বলে এই টাকার হিসাব পাচ্ছেননা। ১০টি আঙ্গুলের

ছাপ দিয়ে তারা হিসাব পেশ করেছে।

আজকে জিনিসপত্রের দাম আকাশছোঁয়া, যেটা কাশীকান্ত মৈত্র মহাশয় বলেছেন, কেন মিসা আইনে আটকাতে পারবেননা, আপনারা বলেছেন মিসা প্রয়োগ করবেননা। প্রয়োগ না করেন ক্ষতি নেই। কিন্তু আমি আমাদের অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি, আপনাদের সুধীনকুমার খাদ্যমন্ত্রী, তিনি কি বলেছেন? তিনি বলেছেন অসাধু ব্যবসায়িদের শায়েস্তা করা যাচ্ছেনা। যাচ্ছেনা কেন? এই সরকার পঙ্গু, আপনারা পঙ্গু। কোটি কোটি টাকা খরচ করেন অথচ মজুতদার কালোবাজারিদের শায়েস্তা করতে পারেননা। এই সরকারের বিশেষ করে বড় শরিক সি পি এম-এই সমস্ত কালোবাজারিদের এবং চোরাকারবারিদের সঙ্গে দোস্তি করছে। তা না হলে কালোবাজারিদের কেন শায়েস্তা করতে পারছেননা? মিসা আছে, এসেনশিয়েল কমোডিটিজ অ্যাক্ট আছে, উনি বলেছেন মিসা প্রয়োগ করা হবেনা কঠোর আইন প্রয়োগ করবেন, আজ পর্যন্ত অন্য কোনও আইন আমরা কিছু দেখলামনা। কালোবাজারিদের আপনারা কিছু করছেন না, এদিকে মস্তানেরা চিনি খালাস আটকে রেখেছে। এই সমস্ত কারণে আমি এই বিল সমর্থন করছিনা। স্বয়ং মহাপ্রভু প্রমোদ দাসগুপ্ত স্বাস্থ্য বিভাগ সম্বন্ধে বলেছেন, অস্বাস্থ্যকর ব্যবস্থা, সেখানে প্রশাসন বলে কিছু নেই, স্বাস্থ্য বিভাগ ভেঙে পড়েছে। ফরওয়ার্ড ব্লকের শ্রী ভক্তিভূষণ মন্ডল অযোগ্য, অপদার্থ মন্ত্রী, তিনি বলছেন মাছ নেই, শহরে স্কীম করা হচ্ছে, এটা তাদেরই কথা, তাদেরই অভিযোগ। কিছুদিন আগে বলেছেন পুলিশের যোগসাজস ছাড়া বিরোধীদের দৌরাত্ম টিকতে পারেনা, প্রশাসন ব্যবস্থার বিরুদ্ধে আমি অভিযোগ করছি, এই প্রশাসনের জন্য আমরা খরচ দেবনা, জানি আমরা বিরোধিতা করলেও আইন পাশ হবে, তবু আমি বলছি অন প্রিন্সিপল নীতির দিক থেকে অ্যাপ্রোপ্রিয়েশন বিল সমর্থন করা যায়না। আপনার মতো পন্ডিত ব্যক্তি, গুনি ব্যক্তি হালে কমিউনিস্ট হয়েছেন, বিলাতি কমিউনিস্ট, প্রশ্ন হচ্ছে মশায়, আপনি যে ভাষায় কথা বলেছেন Dr. Ashok Mitra told the Assembly that basic problems like poverty and unemployment can not be solved till the set up in Delhi is destroyed.

আপনি যদি ডেসট্রয় করতে চান দিল্লি আপনাকে ডেসট্রয় করবে। আপনি বামন হয়ে চাঁদে হাত দিতে চাচ্ছেন এতবড় আস্পর্ধা। আপনার ক্ষমতা সামান্য আর আপনি লাফাচ্ছেন জোরে। আপনি বলছেন, দিল্লির মসনদ শেষ করে দিতে হবে। আজকে তাই আপনাকে বলছি, কিছুদিন আগে আপনি শ্রীমতী ইন্দিরা গান্ধীর পদলেহন করে দালালি করেছিলেন এবং তখন একই কথা বলেছিলেন শ্রীমতী গান্ধীর পক্ষে আজকে আবার জ্যোতিবাবুর পদলেহন করে তাকে খুশি করার জন্য এইসব উক্তি করছেন। আপনার মতন একজন ডক্টরেটের মুখে এইসব উক্তি শোভা পায় না। আমি তাই আপনাকে বলছি, আপনি এসব জিনিস ছেড়ে দিন।

(নয়েজ)

মন্ত্রীত্ব আমি অনেকদিন করেছি।

(নয়েজ)

চোর যদি বলা হয় ঐ চোরের দল সব বসে আছে। তারপর স্যার, তিনি বলেছেন "The Finance Minister who was replying to the demands for grants described the congress(I) as a party of anti social and goondas." আমি ভেবেছিলাম তিনি ভদ্র মানুষ, ভদ্র ভাষায় তিনি কথা বলবেন কিন্তু এখন দেখছি ঠিক তার উল্টো। কংগ্রেস(ই)'র সমস্ত গুন্ডা একথা তিনি বলেছেন। তিনি ভদ্র হয়ে এরকম অভদ্র ভাষায় যে কথা বলতে পারেন এটা আমরা কখনও ভাবতে পারি নি। আজকে আমি তাই তাকে বলি, আপনি একজন মন্ত্রী, বিলেত থেকে লেখাপড়া শিখে এসেছেন, আপনি নাকি পন্ডিত ব্যক্তি, কাজেই আপনি এর প্রতিবাদ করুন, বলুন, না, আমি একথা বলি নি। আমরা কিন্তু কখনও বলছি না সি.পি.এম'এর সবাই গুন্ডা, আমরা কখনও বলছি না, সি.পি.এম'এর সবাই সমাজবিরোধী।

(নয়েজ)

গ্রামের দিকে যান, কমিশন বসান দেখবেন চোর, ডাকাত সমাজবিরোধীরা সব সি.পি.এম দলে ঢুকে পড়েছে। গ্রামের দিকে গেলেই দেখবেন সব সমাজবিরোধীরা আপনাদের সঙ্গে আছে। আমরা কিন্তু আপনাদের সমাজবিরোধী বলছি না, গুন্ডাও বলছিনা, জ্যোতিবাবুকেও বলছি না, কোন সভ্যকেও বলছি না, আপনারা কিন্তু একনাগাড়ে আমাদের এইসব কথা বলে চলেছেন। তাই মাননীয় অর্থমন্ত্রী, আপনাকে বলি, এইসব উক্তি আপনার মুখে শোভা পায় না। আপনি একজন অর্থনীতিবিদ, আমরা আশা করেছিলাম আপনি ভাল কথা বলবেন কিন্তু ভদ্র মানুষ হয়ে অভদ্রের মতন কথা বলা এটা শোভা পায় না। এই কথা বলে আমি শেষ করলাম।

শ্রী মনোরঞ্জন হাজরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অ্যাপ্রোপ্রিয়েশন বিল যা এখানে উত্থাপিত হয়েছে সেই বিলের উপর আলোচনা কালে কিছু মূল্যবান কথা শুনতে পাব বিরোধীপক্ষের কাছ থেকে এটা আমরা আশা করেছিলাম।

[3-30 — 4-00 p.m.](including adjournment)

শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ স্যার, এটা কি পয়েন্ট অব অর্ডারের উপর বক্তৃতা হচ্ছে?

মিঃ স্পিকার ঃ আপনি একটি পয়েন্ট অব অর্ডার বলবেন বলেছিলেন, এখন সেটা বলতে পারেন। না বললে ঠিক আছে এখন বিরতি, আবার আমরা ৪ টার সময় মিলিত হব।

(At this Stage the House was adjourned till-4-00 p.m.)

[4-00 — 4-10 p.m.](After recess)

শ্রীমতী রেনুলীনা সুব্বা : Mr. Speaker, Sir, in West Bengal, there is no law and order. কাগজে প্রতিদিন দেখতে পাচ্ছি চারিদিকে মার্ডার হচ্ছে। তাহলে মুখ্যমন্ত্রীর কাজটা কি? তার পুলিশ কি শুধু গভর্নরের ছাগলের জন্য? চিফ মিনিস্টারের কাজ কি শুধু এই? ২৪ পরগনা জেলার গ্রাম পঞ্চায়েতের প্রধান মার্ডার হয়ে গেল। সমর পাল চৌধুরি a member of the CPI(M) was stabbed and shot dead inside a crowded compartment of a Krishnagar bound local train near Palta station on Tuesday evening. এ কি হচ্ছে? তারপর পাওয়ারের অবস্থা দেখুন। there is no power পাওয়ারের অভাব গভর্নমেন্ট পাওয়ার লেস হয়ে গেছে। পাওয়ার মিনিস্টার কিছুই কাজ করছে না। আর দেখা যাচ্ছে আমাদের হিল এরিয়া দার্জিলিং জেলা যে এলাকা খুব ব্যাকওয়ার্ড সেখানে শুধু টি গার্ডেন সেখানে দিনের পর দিন মার্ডার হয়ে যাচ্ছে। ১৯৭৮ সালে জানুয়ারি মাসে আমার এলাকায় যে একটা টিগার্ডেন আছে যার নাম হচ্ছে সামাবিয়ান টি গার্ডেন সেখানে বীরেন বোস সি.পি.এম-এর গুন্ডা শিলিগুড়ি থেকে গুন্ডা আমার এলাকায় নিয়ে গিয়ে মার্ডার করেছে। দার্জিলিং জেলায় ১৯৭৭ সাল থেকে ১৯৭৯ সালের মধ্যে বহু মানুষ খুন হয়ে গেছে। আমার ইউনিয়নের ভাইস প্রেসিডেন্ট ডি. বনজোনকে মার্ডার করেছে সি.পি.এম। এই দার্জিলিং জেলায় হাজার হাজার মজদুর কাজ করে। তাদের জন্য সরকার কিছুই করে নি। অথচ সেখানে সি.পি.এম forcibly they are collecting money for party fund. সি.পি.এম-এর গুন্ডারা জবরদস্ত করে টাকা কালেকশন করছে। তারা শিলিগুড়ি থেকে সব সি.পি.এম-এর গুন্ডা আমার এলাকায় নিয়ে গিয়ে মার্ডার করেছে। এইরকম করে কিছু হবে না। In West Bengal there is food problem. We are not getting rice, wheat and kerosene. We are not getting all these things সব জিনিস ওরা নষ্ট করে দিয়েছেন। ছেড়ে দিন কেরোসিনের কথা, ছেড়ে দিন মাস্টার অয়েলের কথা, চালের কথাও ছেড়ে দিন। আজকে জল পর্যন্ত পাওয়া যাচ্ছে না। গ্রামে গ্রামে গিয়ে দেখুন সেখানে জল পাওয়া যাচ্ছে না। there is no drinking water in West Bengal. Next time C.P.M. will lose and they will not be able to form Government জল কোথায় গেল? এই হচ্ছে অবস্থা। পশ্চিমবঙ্গের জনতাকে আপনারা নানাভাবে হ্যারাসমেন্ট করছেন। আপনি গ্রামে গিয়ে দেখুন হাসপাতাল নেই, যদিও বা কোথাও হাসপাতাল আছে, সেখানে দেখবেন ডাক্তার নেই, কোথাও ডাক্তার আছে তো কোনও ওষুধ নেই, এইরকম একটা ভয়াবহ অবস্থা পশ্চিমবঙ্গে চলছে। আমি কতবার স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে বলেছি এই বিষয়ে, তিনি আমাকে বললেন, এই তো অবস্থা আমি কি করব। আমি কতবার বলেছি ফুড মিনিস্টারকে, আমার এলাকাতে পঞ্চায়েতের সব কাজ বন্ধ হয়ে গেছে, সিমেন্ট পাওয়া যাচ্ছে না, সব টাকা রিটার্ন হয়ে গেছে, তিনি বলেছেন আই অ্যাম হেল্পলেস। মডিফায়েড রেশনের দোকানে ভাল চাল, গম পাওয়া যাচ্ছে না, আমি কতবার ফুড মিনিস্টারের সঙ্গে এই ব্যাপারে কথা বলেছিলাম তিনি বলেছেন আই অ্যাম হেল্পলেস। Chief Minister

ought to have resigned as he is unable to control the situation. বাজেট বই এরমধ্যে কত টাকা ধরা হয়েছে, এত টাকা কোথায় গেল? সব কি মিনিস্টারের পকেটে গেল? ডিপার্টমেন্টের অফিসারদের পকেটে গেল? গরিব মানুষের এত টাকা কোথায় গেল? গরিব মানুষের কাছ থেকে এডুকেশন ট্যাক্স, রোড সেস, এইসব যে টাকা নেওয়া হয়, সেইসব টাকা কোথায় গেল? পি.ডব্লিউ. ডিপার্টমেন্টের জন্য হিউজ মানি দেওয়া হয়েছে কিন্তু কোথাও একটা রাস্তা হচ্ছে না। Government is expending huge money. There is no hospital, there is no school. There are no facilities for our poor people. আমার টি গার্ডেন এলাকায় কত মার্ডার কেস হয়ে গেছে, কিন্তু Jyoti Basu is doing nothing. That means he is an unable Chief Minister. I should request him to resign as soon as possible. জ্যোতিবাবু ল অ্যান্ড অর্ডারকে শেষ করে দিয়েছেন। শুধু পার্টি বাজি করে কিছু হবে না। টি গার্ডেনে গিয়ে দেখুন আমার এলাকাতে, সেখানে কি দুরবস্থা। আপনি বিড়লাদের বিরুদ্ধে কিছু বলবেন না, কারণ লেফট ফ্রন্ট গভর্নমেন্টের মিনিস্টাররা পুঁজিপতিদের দালাল। পুঁজিপতিরা আপনাদের জন্য অনেক টাকা খরচ করেছে সেইজন্য আপনারা কিছু বলছেন না। টি গার্ডেনের হাজার হাজার শ্রমিকদের জন্য আপনারা কি করেছেন? দার্জিলিং ডিস্ট্রিক্ট থেকে কত টি বিদেশে যায়, বিলাত থেকে টাকা আসে তার বিনিময়ে, কিন্তু সেইসব টি গার্ডেনের শ্রমিকদের জন্য আপনারা কি করেছেন? আপনারা হিল এরিয়ার কি ডেভেলপমেন্ট করেছেন? দার্জিলিং-এ সিংকোনা চাষ হয়, সেখানে হাজার হাজার শ্রমিক কাজ করে, কোটি কোটি সিংকোনা চারা বাইরে যাচ্ছে কিন্তু আপনারা সেই সব সিংকোনা শ্রমিকদের জন্য কি করেছেন? আপনারা শুধু পার্টি বাজি করেছেন। শুধু পার্টির কথা বলে কিছু হবে না। সোশ্যাল ওয়েলফেয়ারের কাজ কিছু হচ্ছে হচ্ছে না, শুধু দেখছি লুটিং মার্ডার এইসব হচ্ছে। ওয়েস্ট বেঙ্গলকে লেফট ফ্রন্ট গভর্নমেন্ট শেষ করে দিচ্ছে। বন-মন্ত্রী পরিমল-বাবু আমাদের বন-সম্পদ সব শেষ করে দিচ্ছেন। We are not getting charcoal, we are not getting timber. আমি এখানে গতবার ফরেস্ট মিনিস্টারের কাছে প্রশ্ন করেছিলাম এব্যাপারে, ফরেস্ট মিনিস্টার আমাকে বলেছিলেন, আমি দেখব। কিন্তু আমি তাকে বলব যে, শুধু ওকথা বলে কিছু হবে না। সুতরাং I would request to our honourable ministers to resign because they are unable to hold their offices, they are unable to control the situation. The poor people are not getting drinking water, they are not getting kerosene, they are not getting baby food, they are not getting rice. So I request the honourable ministers to resign. Thank you sir.

[4-10 — 4-20 p.m.]

শ্রী শশাঙ্কশেখর মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের অর্থমন্ত্রী মহোদয় যে ব্যয় বরাদ্দ অনুমোদন বিল এনেছেন তাকে সমর্থন করতে উঠে আপনার মাধ্যমে আমি দু' একটি কথা নিবেদন করতে চাই। বিরোধীপক্ষ থেকে সাত্তার সাহেব যেসব কথা বলেছেন একজন

প্রবীণ লোক হয়ে আমার সেসব কথার উত্তর দেবার প্রবৃত্তি নেই, সুতরাং আমি সেসব কথার উত্তর দিতে চাই না। কিন্তু কাশীকান্ত মৈত্র মহাশয় যেসব কথাগুলি বলে গেলেন সেগুলি আমি লিখে রেখেছি। তিনি বলেছেন পশ্চিমবঙ্গের কোনও সামগ্রিক পরিকল্পনার চিত্র নেই। সব কিছু পরিকল্পনা বর্জিত। শুধু রাজনীতি করার জন্য পরিকল্পনা করা হচ্ছে। আমাদের অর্থমন্ত্রী মহাশয়ের বাজেট সম্বন্ধে বলেছেন, তারমধ্যে যে সমস্ত অর্থনৈতিক বেলুন বা ফানুস উড়ানো হয়েছে সে সমস্তগুলি বসে যাবে, নষ্ট হয়ে যাবে, এগুলি জমা থাকবে না। এই ধরনের কথা কাশীকান্ত মৈত্র-র মতো অত্যন্ত সৎলোক, অত্যন্ত যুক্তিবান লোক, অত্যন্ত বুদ্ধিমান - বুদ্ধিজীবী লোক কেন বার বার বলেন, কেন বার বার তার মত বদলান, নীতি বদলান তা আমরা বুঝতে পারিনা! এ জিনিস তার নিজের জীবনেও তিনি বহুবার করেছেন এবং করেছেন বলেই আজকেও এইভাবে এই সমস্ত কথা বললেন। তিনি আমাদের একটা ভাল কাজও দেখতে পেলেন না। তিনি কৃষি বিভাগের মধ্যেও কি কিছু ভাল কাজ দেখতে পেলেন না? আমি গ্রাম-বাংলার লোক, আমি সেইজন্য কৃষি বিভাগ সম্বন্ধে কিছু বলব। কৃষি বাজেটের জন্য গত বাজেটে টাকা ছিল এবারে তার চেয়ে বেশি টাকা বরাদ্দ করা হয়েছে। ইরিগেশন বা সেচ দফতরের জন্য গত বছর যা ছিল এবারে তার চেয়ে বেশি টাকা বরাদ্দ করা হয়েছে। গতবার কৃষি বিভাগের জন্য বরাদ্দ করা হয়েছিল ৮৯ কোটি টাকা, এবারে সে জায়গায় ১১০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এইরকম সমস্ত খাতের জন্যই বরাদ্দের পরিমাণ বাড়ানো হয়েছে। চারিদিকে হাত-পা বাঁধা অবস্থার মধ্যেও আমাদের অর্থমন্ত্রী যে সমস্ত নতুন নতুন নীতি নির্ধারণের প্রচেষ্টা চালাচ্ছেন তা সত্যিই প্রশংসনীয়। কালকে তিনি অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবি পেশ করবার সময়ে একটা কথা বলেছেন এবং তারজন্য আমি তাকে সত্যিই সাধুবাদ জানাচ্ছি। তিনি বলেছেন, দিল্লি যদি সব তছ-নছ করে দিয়ে নিয়ে যায়, তাহলে আমাদের বামফ্রন্ট সরকার যেসব মানুষের উন্নতি চাইছে, যেসব মানুষকে উপর দিকে তুলতে চাইছে এবং তারজন্য তাদের যে সমস্ত ভাবনা চিন্তা এবং দৃষ্টিভঙ্গি আছে সে সমস্তগুলি রূপায়ণ করার কোনও উপায় নেই। উনি তো তছনছের কথা বলেছেন, আমার মনে হয় হাট-উপর করে দিলে ভাল হয়। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই যে খরচ অনুমোদনের জন্য ব্যয়-বরাদ্দ এনেছেন এর মধ্যে কাশীবাবুর মতন বুদ্ধিজীবী লোক তিনি কি করে শুভ লক্ষ্যণ দেখতে পেলেন না তা আমি বুঝতে পারছি না। প্রান্তিক চাষিদের যে উন্নতি হয়েছে সেটা দেখতে পেলেন না। ক্ষুদ্র চাষিদের যে উন্নতি হয়েছে সেটা দেখতে পেলেন না। অপারেশন বর্গায় যে সমস্ত সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে সেটা তিনি দেখতে পেলেন না। চাষিদের ঋণ পেতে হলে যে সমস্ত অসুবিধা ছিল সেই সমস্ত অসুবিধাগুলি দূর করে ব্যাঙ্ক থেকে টাকা দেবার ব্যবস্থা হয়েছে। তাছাড়া এবারকার বাজেটে রয়েছে নতুন করে এই রাজ্যে ব্যাঙ্ক তৈরি করা যাতে গরিব মানুষেরা সেখান থেকে সহজে টাকা পান এবং ঋণের যে সুদ সেই সুদ মকুবের কথা এই সরকার থেকে ঘোষণা করা হয়েছে। শিক্ষা ক্ষেত্রের ব্যাপারে আপনারা বলছেন যে দলবাজি হচ্ছে। আমরা শিক্ষা ক্ষেত্রে ছাত্রদের ঠিকমতো পরীক্ষার জন্য এবং টোকাটুকি যাতে না হয় তারজন্য কতকগুলি ব্যবস্থা গ্রহণ করেছি। আগে তো রাম

টোকাটুকি হত। এখন আর তা নেই। সমস্ত স্কুলে নিয়মিতভাবে পরীক্ষা হচ্ছে, যে সমস্ত স্কুলে এবং বিশ্ববিদ্যালয়ে বাস্তু ঘুঘুর আড্ডা ছিল সেগুলিকে ভেঙে যাতে সুষ্ঠুভাবে সেখানে শিক্ষা ব্যবস্থা পরিচালনা করা যায় তারজন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া আর একটি কথা বলতে চাই, আমি যেখান থেকে এসেছি, সেই বীরভুম জেলা একটি কৃষি প্রধান জায়গা। সেখানকার কিছু জমি সেচ সম্পন্ন এলাকায় আছে ময়ুরাক্ষী সেচ প্রকল্পের আওতায় যে জমিগুলি সেগুলি জল পায় কিন্তু কিছু নন-কমান্ড এরিয়া আছে, যেখানে সেচের জল পায় না। সেখানে মাইনর ইরিগেশন করতে হবে, বোরো বাঁধ করতে হবে, সেখানে লিফ্ট ইরিগেশন করতে হবে, ডিপ টিউবওয়েল করতে হবে, সেখানে শ্যালো টিউবওয়েল করতে হবে এবং পাম্প সেট ইত্যাদি দিয়ে সেই সমস্ত এলাকায় যদি কৃষি উন্নয়ন করা যায় তাহলে সাধারণ মানুষ প্রভুত উপকার পাবে। এছাড়া ট্যাঙ্ক ইমপ্রুভমেন্টের একটা বিভাগ আছে। সেই আইনে অনেক বাধা-বিপত্তি আছে। সেই আইনগুলির পরিবর্তন করে যাতে সমস্ত পুষ্করিণী সরকারের নিজ খরচে খনন করে জল ধারণের ব্যবস্থা করেন তাহলে সেখানে এক-ফসলা, দু-ফসলা জমিতে চাষ হবে এবং আমাদের ক্ষুদ্র চাষিরা উপকৃত হবেন। এছাড়া সেই সমস্ত পুষ্করিণীতে মাছ চাষ হবে। আর একটি কথা বলছি, কমিউনিকেশন, রোড সম্পর্কে। সাধারণভাবে আমরা দেখেছি, রামপুরহাট এবং বীরভূমের বহু অঞ্চলের রাস্তা ফ্ল্যাডের জন্য নষ্ট হয়ে গিয়েছিল। সমস্ত রাস্তা নির্মীয়মান অবস্থায় দীর্ঘদিন ধরে পড়ে আছে রোলারের অভাবে। বছরের পর বছর চলে যাচ্ছে রোলার আর জোগাড় করতে পারা যাচ্ছে না। সেইজন্য বিভাগীয় মন্ত্রী মহাশয়কে বলবো যেন পর্যাপ্ত রোলারের ব্যবস্থা করেন। আর তার সঙ্গে সঙ্গে আর একটি কথা বলছি, আপনি যে সমস্ত টাকা বরাদ্দ করেছেন বিভিন্ন পরিকল্পনার কাজ করার জন্য। আমি দেখতে পাই, সারা বছর এই সমস্ত কন্ট্রাক্টররা কাজ করে না কিন্তু মার্চ মাসের প্রথম থেকেই তাড়া-হুড়ো পড়ে যায় কাজ করবার জন্য এর ফলে কার ঘাড়ে কি হচ্ছে, কোথায় কি পড়ছে কোনওরকম জ্ঞান থাকে না। যেমন করেই হোক, বিলটা পাস করিয়ে নিয়ে চলে যায়।

[4-20 — 4-30 p.m.]

আবার বিরোধীপক্ষের অনেকে বলেছেন যে টাকা ফিরে যায়, ফিরে চলে যায়না এমন কথা বলছি না। এইজন্য যেসব দপ্তরে আমাদের টাকা বরাদ্দ আছে বিভিন্ন বিভাগের জন্য তার হিসাব নিকাশ করতে হবে ৩ মাস, ৬ মাস অন্তর এইজন্য যে প্রত্যেক দপ্তরকে কতটাকা দেওয়া হয়েছে, কত খরচ হয়েছে, কি পরিমাণ আছে এসব দেখার জন্য দয়া করে একটা কমিশনের ব্যবস্থা করবেন। কোনও মন্ত্রীর দপ্তরে কত টাকা খরচ হয়েছে, কত টাকা আছে সেটা তারা দেখবেন। অনেক দপ্তরে ৬ মাসে, ৯ মাসে কিছুই খরচ হয়না একেবারে মার্চ মাসে খরচ হতে আরম্ভ হয় তাঁতে কোনও কাজ ঠিকমতো হয়না।

আরেকটি কথা আপনার কাছে এই প্রসঙ্গে বলতে চাই, রাস্তাঘাটের মেরামতের ব্যাপারে

মেটেরিয়ালস এবং অন্যান্য জিনিস সংগ্রহ করার ব্যাপারে কনট্রাক্টার বলে একটি জীব আছে। এই কনট্রাক্টার ছাড়া কোনও রাস্তা কোনওরকম পরিকল্পনার কাজ আমরা করতে পারিনা। ইরিগেশন, এগ্রিকালচারের উন্নয়নমূলক আলোচনা বা রোডসের এই কনট্রাক্টর ছাড়া চলে না, তাই এ ব্যাপারে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে আপনার মাধ্যমে অনুরোধ করব তিনি যেন ঠিক করে ব্যবস্থা করেন। শিক্ষা ক্ষেত্রে যেমন আমরা সব বাস্তুঘুঘুদের বাসা ভাঙবার চেষ্টা করছি, স্বাস্থ্য দপ্তরের মধ্যে যারা প্রত্যেকটি হাসপাতালকে কব্জা করে রেখে দিয়ে অনেকরকম দুর্নীতি চালাচ্ছে তাদের বাসা যেমন ভাঙবার চেষ্টা করা হচ্ছে সেইরকম কনট্রাক্টারদের সংযত করবার জন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। সর্বশেষে আমি নিবেদন করব বামফ্রন্ট সরকার তা দৃষ্টিভঙ্গির ভিত্তিতে যে বাজেট তৈরি করেছেন বিভিন্ন দপ্তরের খরচের অনুমোদনের জন্য সেটা ভালভাবে দেখবার মতো চক্ষু ওদের নাই, ওদের চোখে জন্ডিস হয়েছে, ওদের চক্ষু উৎপাটন করে নূতন চক্ষু দিলে যদি ওরা দেখতে পান, আমাদের দৃষ্টিভঙ্গিতে ওরা দেখতে পাবেন না, আমার এই কথা বলবার মূল উদ্দেশ্য এই যে ওদের মধ্যে একজনকে দেখলাম না যে এত সীমিত ক্ষমতার মধ্যে সীমিত বললে ওরা চমকে ওঠেন বলেন ওটা বলা আমাদের একটা হবি কেন্দ্র যদি দয়া করে রাজ্যকে কিছু কিছু দেন তবেই তারা বাজেট তৈরি করতে পারবেন। আমার এখানে কথা হল বামফ্রন্ট সরকারের রাজ্য এবং কেন্দ্রের মধ্যে যে সম্পর্ক আছে তাতে একটা বিরাট সমস্যা দেখা দিয়েছে। ভারতবর্ষের ইউনিটারি গভর্নমেন্ট হয়ে যাবে কারণ এই যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থায় যেটা আছে এটা কাগজে কলমে রয়েছে, এবং দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকার এক একটি করে যারাই আসছেন তারাই রাজ্য সরকারের সঙ্গে যে ফেডারেল স্ট্রাকচার আছে সেটাকে মোটেই মানছেন না। না মানার কারণ অনেক আছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই কথা বলে এবং গ্রামের চাষির নিম্নবিত্ত ক্ষুদ্র, প্রান্তিক চাষির উপকারের জন্য যেসমস্ত ব্যবস্থা অমাদের অর্থমন্ত্রী মহাশয় করেছেন তাকে আমি সম্পূর্ণ আন্তরিক সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-30 — 4-40 p.m.]

শ্রী মনোরঞ্জন হাজরা ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অ্যাপ্রোপিয়েশন বিল আলোচনা প্রসঙ্গে আমি কয়েকটি কথা বলতে চাই। প্রথমে বাজেটের সাধারণ আলোচনা তারপর দফাওয়ারি আলোচনা তারপর তৃতীয় পর্বে যে আলোচনা হওয়া উচিত সেটা হচ্ছে এই বিল প্রয়োগ করা যায় কিনা। আমরা দুঃখিত বিরোধীপক্ষ থেকে যে সমস্ত বক্তব্য হল সেই সব দিকে না গিয়ে তারা খুচরো কথা বলে এই হাউসকে মিসলিড করবার চেষ্টা করছেন। সেইজন্য সেই দিকে না গিয়ে প্রথমেই বলতে চাই আমাদের রাষ্ট্রীয় কাঠামো যুক্তরাষ্ট্রীয় এবং সেইজন্য ভারতের বিভিন্ন রাজ্যের সঙ্গে কেন্দ্রের একটা নিবিড় সম্পর্ক থাকা দরকার। সেদিক থেকে আমরা দেখতে পাচ্ছি কোনওরকমে রাজ্যগুলির পক্ষ থেকে চেষ্টা হলেও কেন্দ্রীয়

সরকারের পক্ষ থেকে কোনও চেষ্টা হয়না বরং ইউনিটারি রাষ্ট্রের যে রূপ তার প্রমাণ আমরা দেখতে পাই। সেদিক এ দেখতে গিয়ে আমরা দেখছি যে মনোপলি হাউসগুলিকে সম্পূর্ণভাবে ক্ষমতা দেওয়া হয়েছে। কিছুদিন আগে যে তথ্য প্রকাশিত হয়েছে তাতে দেখা গেছে গত ৫ বছরের মধ্যে টাটা বিড়লার টাকা ডবল হয়ে গেছে অর্থাৎ ৫০০ কোটি টাকা হাজার সত্তর (১০৭০) হয়ে গেছে। এই যে নীতি এই নীতি বিশ্লেষণ করলে দেখব আমাদের জাতীয় যে আয় সেই আয়ের শতকরা ৫ ভাগ চলে যায় ডিফেন্স ও পুলিশের জন্য। ডিফেন্সের প্রয়োজন নিশ্চয়ই আছে কিন্তু পুলিশ খাতে যে টাকা নেওয়া হয় তা বিভিন্ন হেড থেকে চোরা গোপ্তা ভাবে নেওয়া হয় এবং তার বেশির ভাগই গোয়েন্দা বিভাগও রাখার জন্য অন্যদিকে আমাদের বনের পরিমাণও কম নয়। ১৬,৮৪১ কোটি টাকা এইভাবে একটা রাষ্ট্রীয় কাঠামোর টাকা যদি অন্যভাবে খরচ হয় তাহলে সে দেশের উন্নতি কিভাবে হবে। অন্যদিকে আমরা দেখছি এক্সপোর্ট এর আউট ফ্লো-গুলি যা তা হচ্ছে ৫ হাজার ১৪ কোটি টাকার মতো। এরমধ্যে যদি ধরি তাহলে দেখব একটা নীতি সেখানে কেন্দ্রীয় সরকার অনুসরণ করে চলেছেন যা হল ধনীকে আরও ধনী করা এবং সাম্রাজ্যবাদি দেশগুলির সঙ্গে সমঝোতা করা। আমরা দেখছি সোসালিস্ট কান্ট্রিগুলি থেকে যে ধন নেওয়া হয় তারচেয়ে বেশি ধন নেওয়া হচ্ছে ইমপ্রিয়ালিস্ট কান্ট্রি থেকে। অর্থাৎ ১৩ হাজার কোটি টাকা সাম্রাজ্য বাদি দেশগুলি থেকে নেওয়া হয়। এইসব থেকে দেখছি আমাদের যা ট্রেড এক্সপোর্ট হয় যেটাকে আমরা এক্সপোর্ট ওরিয়েনটেড ট্রেড বলি তাতে আমরা বিদেশে সস্তায় জিনিস সরবরাহ করি এবং তারফলে আমাদের ঘাটতি দেখা দিচ্ছে। এরপর আছে মুদ্রাস্ফিতি। মুদ্রাস্ফিতির জন্য নোট ছাড়া হচ্ছে। এইভাবে যদি উপরতলার শ্রেণীকে সেবা করা হয় তাহলে সাধারণ মানুষের দিকে তারা তাকাতে পারেন না। যারজন্য জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে। অনেকে বলেছেন আমাদের এখানে নাকি জিনিস পত্রের দাম খুব বেশি। বিহার ও উত্তর প্রদেশে যেখানে রাষ্ট্রপতি শাসন চলছে সেখানে কেরোসিন পাওয়া যায় না এবং চিনির দাম ১০।১২ টাকা হয়ে গেছে। এইসব জিনিস পত্রের দাম বাড়ার জন্য সাধারণ মানুষের কষ্ট হচ্ছে। কেন্দ্রীয় সরকারের পলিসি আমরা দেখছি। গতবারে আমাদের অর্থমন্ত্রী ১০০ কোটি টাকার বেশি খরচ করেছিলেন যারজন্য আমরা খরা প্রভৃতি সম্পূর্ণভাবে না হলেও কিছুটা তার মোকাবিলা করতে পেরেছি। একটা স্টাডি টিম এসেছিল যারা ১৪ কোটি টাকা দেবার কথা বলেছিলেন কিন্তু আজও আমরা এক পয়সাও পাইনি। তারপর দেখা যাচ্ছে যে ট্যাক্সের পরিমাণ কিভাবে বাড়ছে। ৪৮-৪৯ সালে যেখানে ডাইরেক্ট ট্যাক্স ছিল ২৩৯ কোটি টাকা সেখানে ইনডায়রেক্ট ট্যাক্স ছিল ৩৬৩ কোটি টাকা সেখানে ৭৬-৭৭ সালে ডায়রেক্ট ট্যাক্স হল ২ হাজার ৫৬৭ কোটি টাকা। আর ইনডায়রেক্ট হল ৯ হাজার ৫৮০ অর্থাৎ ১২ হাজার ৭৭ কোটি টাকা। মানে ডবল ট্যাক্স। আমাদের যে রাষ্ট্র কাঠামো তাতে রাজ্য সরকারগুলি এইসব জিনিস করতে পারে না এবং তার উপযুক্ত ভারও চাইতে পারে না। সেইকারণে কেন্দ্র ইউনেটারি রাষ্ট্র কাঠামোর দিকে চলে যাচ্ছে। এটাই হচ্ছে ভারতবর্ষের সবচেয়ে বড় ট্রাজেডি। এতদিন কেন্দ্রের দালাল এখানে রাজত্ব করেছেন। তারা এখানে মন্ত্রিসভা গঠন করেছিলেন কিন্তু এই

সবের বিরুদ্ধে কিছু বলতেন না। আজকে এখানে সরকার হবার পর যখন কেন্দ্রকে আঙ্গুল দিয়ে দেখানো হল তখন অনেকে এর বিরোধিতা করবার চেষ্টা করেন। এই বিরোধিতা তারা করতে পারেন কিন্তু বুঝতে হবে যে পশ্চিমবঙ্গ ভারতের মধ্যে একটা অঙ্গ রাজ্য। কেন্দ্র যদি তার অঙ্গ রাজ্যগুলিকে দেখার চেষ্টা না করেন তাহলে সেখানে গণতন্ত্র বিপন্ন হবে এবং সাধারণ মানুষের দাবি দাওয়া কোথাও আদায় করা যাবে না। আর একটি কথা হচ্ছে যে কেন্দ্র ভারতবর্ষের বিভিন্ন মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করলেন যে সমস্ত জিনিসগুলিকে একটা নিয়মের মধ্যে আনবার চেষ্টা করুন এবং সেখানে পরিষ্কারভাবে নিবর্তনমূলক আইন প্রবর্তনের কথা বলা হয়। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী কেন সেই আইন প্রত্যাখ্যান করলেন। আমি জিজ্ঞাসা করছি যে এই আইন দিয়ে শুধু চোরা কারবার বন্ধ করার কিন্তু চোরাকারবারিদের সম্পত্তি বাজেয়াপ্ত করার কথা কেন তারা বলছেন না? এইভাবে ফাঁক রেখে দিয়ে চোরাকারবারিদের প্রকারন্তরে তারা প্রশ্রয় দিচ্ছেন। অন্যদিকে আমরা দেখতে পাই আমাদের যে প্রাপ্য টাকা তাও তারা দেবেন না। ফাইনান্স কমিশন যা বলবেন তাও দেবেন না রিজার্ভ ব্যাঙ্ক থেকে ওভার ড্রাফ্ট দেবেন না বাজার থেকে ধার নিতেও দেবেন না। এইভাবে একটা অঙ্গ রাজ্য চলতে পারে না। আজকে জিনিস পত্রের দাম বাড়ছে বলে অভিযোগ করেন কিন্তু আমাদের দেখতে হবে কেন্দ্রীয় সরকারের নীতি মূল্যায়ন আমাদের করতে হবে সেখানে আমরা যা দেখছি তাতে তারা কোটি কোটি জমিদার জোতদার পুঁজিপতিদের পায়ে দিচ্ছে। সেইজন্য আমরা বলছি কেন্দ্রের কাছ থেকে অধিক ক্ষমতা আনতে হবে। এই কথাটা খুবই যুক্তিসঙ্গত এবং বাস্তব সম্মত। কাশীবাবু বললেন আমরা কয়লা পাই না এবং এই ব্যাপারে পুলিশের দালাল ও ইউনিয়ন সব নষ্ট করছে। আমি তার এই কথা বিশ্বাস করি, আমি নিশ্চয়ই তাকে সমর্থন করব। কিন্তু এই কয়লার ব্যাপারে কুমার মঙ্গলম পার্লামেন্টে বলেছিলেন যে আমি ঠিক ব্যবস্থা করে দেব, কোনও ভাবনা নেই। কিন্তু কোন সেট আপে তিনি এইরকমভাবে টেকিং ওভার করেছেন? যেখানে করাপ্ট অফিসিয়ালস, যেখানে একটা চেন হয়ে চলেছে, যেখানে ২৫ হাজার কোটি কালো টাকার একটা গভর্নমেন্ট এই গভর্নমেন্টের আড়ালে করে আছে সেখানে যখন কাশীবাবু, সাত্তার সাহেব কয়লা সম্বন্ধে বলেন তখন তাদের আবেদন করব এইভাবে কখনও চলতে পারে না। তার কারণ, তারা সেখানে প্রভাব বিস্তার করছে। তারপর বাজার দরের কথা বলেছেন, বাজার দর নিয়ে সারা ভারতবর্ষে কৃষকরা সংগ্রাম করেছেন, আমাদের পশ্চিমবঙ্গের বিধানসভায় এবং লোকসভায় এই নিয়ে বহু আলোচনা হয়েছে, বিদেশি গভর্নমেন্ট থেকে অফিসারদের মিশন পাঠানো হয়েছে বাজার দর দেখতে, সেখানে মালিকরা অফিসারদের ইনফ্লুয়েন্স করে খানা-পিনা করিয়েছেন, তারা সেখানে বাজার দর ডুবিয়ে দিয়ে গেছেন। এইসব জানা দরকার। তারপর বলেছেন চিনির কথা। চিনির যদি আমরা এক্সপোর্ট ওরিয়েন্টেড ট্রেড করি, যদি আমরা বাইরে চিনি রপ্তানি করে দিই তাহলে আমাদের দেশে চিনি পাওয়া যাবে না, দেশে চিনির দর বাড়তে বাধ্য। বিদ্যুতের কথা কাশীবাবু বলেছেন, বিদ্যুৎ সম্পর্কে বার বার করে জানানো হয়েছে এবং ১৯৬৯ সালে উনি এখানে মন্ত্রী ছিলেন, উনি মন্ত্রী সভায় ছিলেন, উনি জানেন সেই সময় বার বার করে কেন্দ্রকে জানানো হয়েছে যে

বিদ্যুতের যদি পরিকল্পনা না কর, টাকা যদি আমরা না পাই তাহলে আমরা এই বর্ষে বিদ্যুতের কাজে টাকা লাগাতে পারব না। শ্রীমতী গান্ধী কি উত্তর দিয়েছেন অজয় বাবুকে সেকথা নিশ্চয়ই স্মরণে আছে। ইলেকট্রিকে কেন্দ্র টাকা দিয়েছেন উনি বলেছেন, সেই টাকা দিয়ে রাতারাতি বিদ্যুৎ জ্বালান যাবে না। কোলাঘাটে, ব্যান্ডেলে নতুন ইউনিট করা হচ্ছে, গ্যাস টার্বাইন করা হচ্ছে কোটি কোটি টাকা খরচ করে। ৩২ বছরের ভেতর শুধু ৩ বছর লড়াই করে সফল হওয়া যায় না, সময় লাগবে এই বিদ্যুতের ব্যাপারে। আজকে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের জীবনযাত্রা যেভবে ব্যাহত হয়েছে, যেভাবে কষ্ট হচ্ছে এই বাজেট তারই পরিপ্রেক্ষিতে। এইরকম সহানুভূতি দিয়ে মানবিকতার স্পর্শ দিয়ে বাজেট করা এর আগে আমি কখনও দেখিনি। আমি সেজন্য অভিনন্দন জানাবো মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে। পরিশেষে আর একটা কথা বলে আমি শেষ করব সেটা হচ্ছে আসামের ব্যাপারে এখানে পথ অবরোধ হচ্ছে, আন্দোলন হচ্ছে, রাস্তা দিয়ে একটা লরি যাচ্ছে সেই লরির মাল লুঠ করা হচ্ছে, তারপর সেই লরিগুলিকে রাস্তার পাশে ফেলে দেওয়া হচ্ছে, এইভাবে তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেজন্য তারা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেশনে এসেছিলেন। আসামের ব্যাপারে পথ অবরোধ করা হচ্ছে, লুঠ-পাট করা হচ্ছে কংগ্রেস(আই) এর পক্ষ থেকে আমি নির্দিষ্ট অভিযোগ করে বলছি মাননীয় মুখ্যমন্ত্রীকে, আমাদের প্রশাসনকে এই বিষয়ে কড়া হতে হবে। আর একটা কথা বলব সাত্তার সাহেব এখানে একজনকে মরনোত্তর কংগ্রেস(আই) বলে ঘোষণা করলেন। তিনি কোনওদিন কংগ্রেস (আই) ছিলেন না, তিনি ছিলেন [illegible] গুণ্ডা এবং মানুষ মেরে বেড়ান তিনি। আমাদের নবগ্রামে ৩ জনকে তিনি খুন করেছেন, তাদের মধ্যে একজনের নাম কমঃ মান্নান, তার ছবি আছে, আর একজনের নাম কমঃ নওসাদ, তার ছবি আছে এবং আর একজনের নাম কমঃ মানিক ঘোষ, তারও ছবি আছে। এই ৩ জনকে খুন করার পর যখন সাধারণ মানুষ সেই খুনিকে ধরতে যায় তখন বাধা প্রাপ্ত হওয়া স্বাভাবিক। সেই খুনির নাম হচ্ছে সুরেন ঘোষ, সেই সুরেন ঘোষ তারপর হাসপাতালে গিয়ে মারা যায়, এই ৩ জন স্পটে মারা যায়। সেই খুনি হাসপাতালে গিয়ে মারা গেছে, সাত্তার সাহেব তাকে মরনোত্তর কংগ্রেস (আই) বলে ঘোষণা করলেন। সাধারণ মানুষ সেইসব বরদাস্ত করবে না। ইন্দিরা গান্ধী কেন্দ্রে ক্ষমতায় আছেন, আমাদের বামফ্রন্টের মন্ত্রীরা, ত্রিপুরা, পশ্চিমবঙ্গ এবং কেরালার মুখ্যমন্ত্রীরা একযোগে বলেছেন যে আমরা কেন্দ্রের বিরোধী নই।

[4-40 — 4-50 p.m.]

আমরা সেই সহবস্থান মানতে চাই, রাষ্ট্রের ফেডারেল স্ট্রাকচার, সংবিধানকে লঙ্ঘন করে চলব এটা আমরা চাইনা। আমরা সংবিধানের মর্যাদা রেখে সহবস্থান করতে চাই। ইন্দিরা গান্ধীর সঙ্গে আমাদের কোনও ঝগড়ার ব্যাপার নেই। আমাদের কথা হচ্ছে কেন্দ্রের এই যে অবিচার, অব্যবস্থা তার বিরুদ্ধে আমরা পশ্চিমবাংলার লক্ষ লক্ষ কোটি কোটি মানুষের জন্য যদি কথা না বলি তাহলে কে বলবে? ভারতবর্ষকে কে আলো দেখাবে? বাংলাদেশে আলো জ্বালালে ভারতবর্ষে আলো জ্বলে। একথা বলে মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমি আমার

বক্তব্য শেষ করছি।

श्री रविशंकर पान्डे : माननीय उपाध्यक्ष महोदय, मैं अर्थ मंत्री के द्वारा प्रस्तुत इस विल का समर्थन कर रहा हूँ। समर्थन इसलिए कर रहा हूँ कि लड़ाई तानाशाही से है–यह लड़ाइ देश के विशधटन कारियों से हैं। इसलिए मैं जन-तंत्र के प्रेमी लोगों से–विधान सभाके प्रेमी लोगों से निवेदन करूँगा कि इस सरकार का समर्थन करें, कोई कंजूसी न रखें। कोई कमजोरी न रखें, ताकि मुकावले में पीछे न हो जाँय। मुकावला उन लोगों के साथ है जो तानाशाही चला रहे हैं और दूसरे उनलोगों के साथ हैं, जो विदेशी शक्तियों की सहायता से सम्पूर्ण शक्ति तानाशाही में लगा रहे हैं। आज आसाम में षड़यंत्र चल रहा हैं। आसाम को भारतवर्ष से तोड़ना चाहते हैं, वहाँ से वंगाली, नेपाली और दूसरे प्रान्त के लोगों को मारा जाता है और उनको वहाँ से खेदड़ने की चष्टा हो रही है, इस प्रवृत्ति को रोकना वहुत ही जरूरी है, नहीं तो देश खण्डित हो जायगा। अगर इस तरह की प्रवृत्तियों को रोका नहीं गया तो हमारे देश की भी ठीक वही हाल हो गी, जो वंगलादेश की हुई। अभी इसके प्रतिवाद में कांग्रेस आई. के लोगों ने आन्दोलन किया हैं। पहले श्रीमती इन्दिरा गाँधीने कहा था कि मैं इस आन्दोलन को समर्थन नहीं करती। लेकिन अव ऐसा लगता है कि इस आन्दोलन के पीछे इन्दिरा गाँधी का हाथ हैं। लेकिन पश्चिम वंगाल की जनता कोई ऐसा काम नहीं करेगी, जिससे देश को नुकशान पहुँचे। हमें आपने देश की अखण्डता की रक्षा करती हैं, चाहे इसके लिए हमको कुछ भी करना पड़े। देशके संविधान में यह अधिकार दिया गया हैं कि देश का कोई भी नागरिक चाहे किसी भी प्रान्त का हो, देश के भीतर किसी भी प्रदेश में निवास कर सकता हैं, अपना काम-काज कर सकता हैं तो फिर आसाम में ऐसा पड़यंत्र क्यों चल रहा है ? इस विघटनकारी षड़यंत्र को तो रोकना होगा। पश्चिम वंगाल की सरकार इस षड़यंत्र को रोकने की चेष्टा जो कर रही हैं, इसके लिए मैं उसको धन्यवाद देता हूँ–वधाई देता हूँ। मेरी समझ में नहीं आता कि जव आसाम में इन्दिरा गाँधी का ही शासन हैं, तो फिर कांग्रेस आई. को आन्दोलन करने की क्या आवश्यकता हैं ? इसके पीछे चाहे जो भी रहस्य हो, किन्तु मैं यहाँ के मुख्यमंत्री से निवेदन करूँगा कि वे आपने वलिष्ट हाथों से और ठोस सुझाव से इस आन्दोलन को समाप्त करने की चेष्टा करें साथही आसाम की समस्या का समाधान करने का प्रयास करें।

दूसरी वात यह है कि मैं वरावर से रोटी-कपड़ा, मकान और मुफ्त की चिकित्सा के लिए संघर्ष करता आ रहा हूँ। आन्दोलन करने की वजह से मैं कई वार मुख्यमंत्री के साथ जेल जा चुका हूँ–१९५७ और १९६५ में एसा हुआ था। शिक्षा की दुर्व्यवस्था के संवंध में मैं आपने अंचल की कुछ विशेष वातें सदन के सामने रखना चाहता हूँ। वड़ा वजार अंचल में स्कूलों की संख्या तो कम है ही किन्तु जो हैं, उनमें इतनी अधिक फीस ली जाती है कि साधारण घर के वच्चे पढ़ नहीं पाते हैं। ७०-८० रुपया फीस प्राइमरी स्कूलों में देनी पड़ती हैं। कारपोरेसन के स्कूल वन्द होते जा रहे हैं क्योंकि मकान मालिक ऊँची सलामी लेकर अधिक किराये पर स्कूल के कमरों को भाड़े पर दे देता हैं। इन सव कारणों से उस अंचल के वच्चे पढ़ लिख नहीं पा रहे हैं। वेकार घूमते हैं, गुण्डा गर्दी करते हैं। शाराव वेचते हैं, व्लैक मार्केटिंग करते हैं, जूआ खेलते हैं, फूटपाथों पर पेन्सिल लेकर वैठ जाते हैं और सट्टा-भटका लिखते हैं। वड़े दुख की वात है कि सरकार शिक्षा को अवैतनिक घोषित कर चुकी है फिर भी कड़ाई के साथ उसका पालन क्यों नहीं हो रहा हैं ? अगर आज कड़ाई से इस नीति का पालन कराया जाय तों स्कूलो फीस की आदायगी नहीं होगी और ये वालक विना किसी कठिनाई के शिक्षा ग्रहण कर एक सभ्यनागरिक वन सकेंगे। इसके अलावा वड़ा वजार अंचल में स्कूलों की वहुत कभी हैं। सरकार को चाहिए कि वह और स्कूलों को खोले। अभी तक एक भी नया स्कूल नहीं खुला हैं। मैं चाहता हूँ कि शिक्षा का प्रसार शहर से ग्रामो तक हो। दूसरे समाज सेवी संस्थोयं जो झोली फैला कर भीख माँग कर चन्दा इकट्टा करती हैं और समाज की सेवा करती हैं, उनके द्वारा जो नये स्कूल खोले जाते हैं, उनका सम्पूर्ण दायित्व सरकार को लेना चाहिए। उन स्कूलों को मान्यता देने में सरकार को देर नहीं करनी चाहिए।

गन्दगी के वारे में क्या कहूँ ? हम अपने अंचल के संवंध नें वरावर ही सरकार का ध्यान आकर्षित करता रहता हूँ परन्तु सरकार का ध्यान ही उधर नहीं जाता हैं। वड़ा वजार अंचल में कूड़े के पहाड़ के कारण, गन्दे पानी के कारण वहाँ के लोगों का जीवन तारकीय हो गया हैं। यहाँ तक कि पथचारियों को चलने के लिए पथ नहीं मिलता हैं। शहर से लेकर देहात तक गन्दी वस्तियाँ इतनी अधिक हैं कि उनके वारे में कुछ कहा नहीं जा सकता हैं। अभी तक इस वाम-फ्रन्ट मोर्चे की सरकार का ध्यान उधर नहीं गया हैं। सरकार का यह कर्त्तव्य हैं कि वह गन्दी वस्ति में की